১। ছ 'সুপু'। ২। ষ '-পত্রাঢ্য'। ৩। ও '-সেবিতম্'। ৪। ছ 'শাল-'। ৫। ছ-ণ 'তথা'।
৬। ষ-ঢ '-কৃষ্ণ'। ৭। ও-ছ-ঢ 'ন্যবেশয়ৎ'। ৮। ণ '-ক্ষুদ্রপত্র'। ৯। ক-ঘ '-কামীবহুয়া-'। ১০। ণ '-রঃ'।

অহং বিনিকৃতো রাম চরামি বসুধামিমাম্ ।

হৃতদারো রঘুশ্রেষ্ঠ ঋষ্যমুকং সমাশ্রিতঃ ॥ ১৬ ॥

বলিনো বালিনো ভীতো বনে বিদ্রস্তমানসঃ ।

সোহহং সুনিকৃতো ভাত্রা কৃতবৈরশ্চ রাঘব ॥ ১৭ ॥

বালিনস্তু ভয়ার্তিস্ত সৰ্বলোকভয়ঙ্করাৎ ।

মমাপি ত্বমনাথস্য নাথো ভবিতুমর্হসি ॥ ১৮ ॥

এবমুক্তঃ স তেজস্বী ধর্মজ্ঞো ধর্মবৎসলঃ ।

অভ্যভাষত কাকুৎস্থঃ সূত্রীবং প্রহসন্নিব ॥ ১৯ ॥

১৬। লো-টী। বিনিকৃতো রাজ্যাদ্ বহিষ্কৃতঃ ।

১৭। টিপনী। ভাত্রা সুনিকৃতঃ নিঃসারিতঃ, ভাত্রা কৃতবৈরঃ কৃতং বৈরং যস্য ঈদৃশঃ সোহহম্ ।

১৮। টিপনী। মমাপীত্যনেন অন্তেষাং ত্বং নাথঃ পূর্বত এব সিদ্ধ ইতি জ্ঞোতিতম্ ।

১৯। টিপনী। প্রহসন্নিবেত্যত্র ইবশব্দো বাক্যালঙ্কারে এবার্গে বা ।

হে রঘুকুলশ্রেষ্ঠ রাম, [ভাতাকর্তৃক] রাজ্য হইতে বহিষ্কৃত ও হৃতদার হইয়া আমি ঋষ্যমুক পর্বতে নিবাসপূর্বক এই পৃথিবী ভ্রমণ করিতেছি ॥ ১৬ ॥

হে রাঘব, ভাতাকর্তৃক রাজ্য হইতে বহিষ্কৃত, কৃতবৈর (অর্থাৎ ভাতা যাহার সহিত শত্রুতা করিয়াছে ঈদৃশ) এবং বলবান্ বালী হইতে ভীত সেই আমি বনে বিদ্রস্তচিত্ত হইয়া বাস করিতেছি ॥ ১৭ ॥

সর্বপ্রাণীর ভয়োৎপাদক বালীর ভয়ে পীড়িত, রক্ষকহীন আমারও তুমি রক্ষক হও ॥ ১৮ ॥

[সূত্রীবকর্তৃক] এই প্রকার কথিত হইয়া তেজস্বী ধর্মজ্ঞ ধর্মবৎসল কাকুৎস্থ রাম হাসিতে হাসিতে সূত্রীবকে বলিলেন— ॥ ১৯ ॥

১। ষ 'চরামোষ ভয়াদিতঃ', ৭ 'সম্বাজ্ঞা'। ২। ক-ঘ '-দারঃ সমাসাজ্ঞা', ঙ-ছ '-দারঃ সমাগমা', ৭ '-ভার্যো'। ৩। ছ 'বালিনো বলিনো'। ৪। ষ 'স্নেহাৎ'। ৫। ঙ-ছ 'সন্নি-', ৬ 'বিনি-'। ৬। চ 'হৃতরাজ্যশ্চ'। ৭। ক '-নশ্চ'। ৮। ষ '-র্ভশ্চ', ৭ '-ত্রভঃ'। ৯। চ '-জ্ঞশ্চ তে-'।

উপকারক্ষমং মিত্রং বিদিতং মে ভবান্ যথা ।

অদৌ তং হনিষ্যামি তব ভার্যাপহারিণম্ ॥ ২০ ॥

ইমে হি মে মহাভাগাঃ পত্রিণস্তিগ্মতেজসঃ ।

কার্ত্তিকেয়বনোদ্ধুতাঃ শরা হেমবিভূষিতাঃ ॥ ২১ ॥

কঙ্কপত্রপ্রতিচ্ছিন্না মহেন্দ্রাশানিসম্মিতাঃ ।

সুপর্ক্বাণঃ সুতীক্ষ্ণাশ্রাঃ সরোষা ইব পল্লবাঃ ॥ ২২ ॥

২০। লো-টী। মে ময়া মিত্রং স্বং বিদিতম্। ভবান্ অপি মাং তথৈব জানাতি।

২১। লো-টী। মহাভাগাঃ প্রশস্তাবয়বাঃ। 'ভাগোহংশেহবয়বে ভাগো ত্যাজ্যে বর্জন-
দানয়োঃ' ইতি ভূরিঃ। পত্রিণঃ শ্বেনা ইব। যদা, পত্রবস্তুঃ।

২২। লো-টী। 'পত্রিণ' ইতি যদুক্তং তৎ কশ্চ পত্রমিত্যপেক্ষায়ামাহ—কঙ্কপত্রোতি।

২০। টিপ্সনী। যথা যস্মাদ্ ভবান্ মে উপকারক্ষমং মিত্রং বিদিতং জ্ঞাতং তস্মাদদৌ তব
হনিষ্যামি।

২.-২২। টিপ্সনী। পত্রিণঃ কঙ্কপত্রবিশিষ্টাঃ, তিগ্মতেজসঃ তীক্ষ্ণতেজোবিশিষ্টাঃ, কঙ্কপত্র-
প্রতিচ্ছিন্নাঃ কঙ্কপক্ষিণাং পত্রৈঃ সমাবৃতাঃ, সুপর্ক্বাণঃ সুগ্রহ্নিসমম্বিতাঃ। কার্ত্তিকেয়বনোদ্ধুতাঃ
স্কন্দোৎপত্তিভূমিমাননপ্রাচুর্ভূতকাণ্ডকাঃ, এতেন তেষাম্ অভেদে বোদিতম্, তদুদ্ধৃতশরণাম্
অভেদে প্রসিদ্ধত্বাৎ। শিরোঃ। কার্ত্তিকেয়শ্চ স্কন্দস্তোৎপত্তিক্ষেত্রভূতং বনং শরবণং তত্রোৎপল্ল-
কাশ্রাঃ। তিঃ। কঙ্কপত্রপ্রতিচ্ছিন্না ইতি পত্রিণ ইতুক্তং বিশেষ্যতে। গোঃ বাঃ।

যেহেতু তোমাকে আমি উপকারক্ষম মিত্র বলিয়া জানিয়াছি, [সেই হেতু]
অদৌ আমি তোমার ভার্যাপহারী বালীকে বধ করিব ॥ ২০ ॥

আমার এই শরসমূহ প্রশস্তাবয়বযুক্ত, [কঙ্ক-] পত্রবিশিষ্ট, তীক্ষ্ণতেজঃসম্পন্ন,
শরবণসম্বৃত (অর্থাৎ যাহাদের কাণ্ডপ্রদেশ শরবণে সমুদ্ভূত হইয়াছে), হেমবিভূষিত,
কঙ্কপক্ষীর পক্ষদ্বারা সমাচ্ছাদিত, মহেন্দ্রাশানিতুল্য, সুন্দর পর্ক্ব(গ্রহ্নি)-বিশিষ্ট,
সুতীক্ষ্ণাশ্র ও রোষসমম্বিত সর্পসমূহের আয় [ভীষণ] ॥ ২১-২২ ॥

১। চ 'তরসাম্বুধা'। ২। ও '-মেহপি'। ৩। ও 'যে'। ৪। চ 'প্রবীণা'। ৫। ও '-রক্ষয়ঃ'।
৬। ও '-বণাঃ'। ৭। য '-পরি'।

ভমচ্চ বালিনং পশ্য ক্রুদ্ধৈরাশীবিষোপমৈঃ ।

শরৈর্কির্নিহতং ভূমৌ বিকীর্ণমিব পর্বতম্ ॥ ২৩ ॥

রাঘবেণৈবমুক্তস্ত্ব স্মৃত্রীবো বাহিনীপতিঃ ।

প্রহর্ষমতুলং লেভে প্রহৃষ্টশ্চেদমব্রবীৎ ॥ ২৪ ॥

ইত্যার্ষে বান্দীকায়ে রামায়ণে আদিকাব্যে কিঙ্কিকাণ্ডে স্মৃত্রীবসমাগমে রামাবষ্টম্ভো* নাম
সপ্তমঃ সর্গঃ ॥ ৭ ॥

২৩। লো-টী। ক্রুদ্ধৈরাশীবিষৈরুপমীয়ন্তে সদৃশীক্রিয়ন্তে উপমাঃ তৈঃ, বিতক্ত্যালোপ
আর্ষঃ। ক্রুদ্ধৈঃ ক্রুদ্ধৈরিব বা। বিকীর্ণং পত্নিতম্।

লো-টী। স স বানরো বানরসহিতঃ [৪র্গ-পাঠান্তবৎ দ্রষ্টব্যাম্] ।

*। লো টী। অবষ্টম্ভ আশয়ঃ শোচীয়াং বা।

২৩। টিপ্পনী। শরৈর্কির্নিহতং বালিনং ভূমৌ পশ্য, পত্নিতমিতি শেষঃ

[আমার] ক্রুদ্ধ (অর্থাৎ ক্রুদ্ধবৎ প্রতীয়মান) সর্পসদৃশ বাণসমূহের দ্বারা
বিনিহত সেই বালীকে বিকীর্ণাঙ্গ পর্বতের ন্যায় অতু ভূমি ভূমিতলে [পত্নিত] দর্শন
কর ॥ ২৩ ॥

সৈন্যাধিপতি স্মৃত্রীব রামচন্দ্রকর্তৃক এইরূপ উক্ত হইয়া অতুল আনন্দ লাভ
কবিলেন এবং আনন্দিত হইয়া ইহা বলিলেন— ॥ ২৪ ॥

মহর্ষি বান্দীকি প্রণীত আদিকাব্য রামায়ণের কিঙ্কিকাণ্ডে স্মৃত্রীবসমাগমে
রামাবষ্টম্ভনামক সপ্তম সর্গ সমাপ্ত ॥ ৭ ॥

১। ও 'ক্রুদ্ধাশীবিষসম্মিতৈঃ'। ২। উ 'ভূমৌ'। ৩। ও-ঋ-চ 'বিকীর্ণ-'। ৪। অতঃ পরং ঘ-ঙ-ঝ-
চ পুস্তকেষু 'ততস্ত্ব' ('স তস্ত্ব' ঘ-ঙ-৭, 'ততোহস্ত্ব' চ) রামস্ত নিশমা ভারতীঃ ('ভারতীঃ' চ) স বানরো বালদিবাকর-
প্রভঃ। 'বভূব সংকটবিশাললোচনো জগাদ চেদং রঘুবংশবর্ধনম্ ॥' ইত্যধিকম্

অষ্টমঃ সর্গঃ

তদ্ বয়স্যবচঃ শ্রুত্বা হর্ষপৌরুষবর্দ্ধনম্ ।

সুগ্রীবঃ পূজয়াঞ্চক্রে রাঘবং প্রশংস চ ॥ ১ ॥

অসংশয়ং প্রজ্বলিতৈস্তীক্ষ্ণম্মাতিগৈঃ শরৈঃ ।

দহেস্থং কুপিতো লোকান্ যুগান্তে রশ্মিমানিব ॥ ২ ॥

বালিনঃ পৌরুষং যচ্চ বীৰ্য্যং তেজো ধৃতিশ্চ যা ।

তন্মমৈকমনাঃ শ্রুত্বা বিধৎস্ব যদনন্তরম্ ॥ ৩ ॥

১। লো-টী। হর্ষপৌরুষবর্দ্ধনম্—সুগ্রীবস্ত হর্ষবর্দ্ধনং রামস্ত পৌরুষবর্দ্ধনঞ্চ ।

২। লো-টী। ম্মাণি অতিক্রমা গচ্ছন্তীতি তৈঃ। রশ্মিমান্ সূর্য্যঃ। 'সারোহে চ বটে সার্গে তথা ভানৌ চ রশ্মিমান্' ইতি নিঘণ্টুঃ।

৩। লো-টী। পৌরুষং পুরুষকারঃ, বীৰ্য্যং সামর্থ্যম্, তেজঃ প্রতাপঃ।

১। টিপ্পনী। হর্ষপৌরুষবর্দ্ধনং হর্ষশ্চ পৌরুষং সামর্থ্যঞ্চ তদ্বর্দ্ধকম্। পূজয়াঞ্চক্রে অঞ্জলিবন্ধাদিনা। গোঃ রাঃ।

২-৩। টিপ্পনী। যত্বপি কুপিতস্থং শরৈঃ যুগান্তে রশ্মিমান্ ভাস্কব ইব লোকান্ দহেঃ, তথাপি বালিনঃ পৌরুষাদিকম্ একমনা একাগ্রচিত্তঃ সন্ শ্রুত্বা যদ অনন্তরং কর্তব্যং তদ্ বিধৎস্ব কুরু। ম্মাণিগৈর্ম্মপ্রবেশিভিঃ। শিবোঃ। পৌরুষং বলবৈভবম্, বীৰ্য্যং পরসংহারশক্তিঃ, ধৃতিঃ রণে ধৈর্য্যম্। তিঃ। তেজঃ পবাক্রমঃ।

হর্ষ ও সামর্থ্যবর্দ্ধক সেই বন্ধুবাক্য শ্রবণ করিয়া সুগ্রীব [অঞ্জলিবন্ধনাদি-
দ্বারা] রামচন্দ্রের পূজা করিলেন ও [এইরূপে] প্রশংসা করিতে লাগিলেন—॥ ১ ॥

[হে রাম,] প্রলয়কালীন সূর্য্য যেমন লোকসমূহ দহন করে, কুপিত
আপনি সেইরূপ প্রজ্বলিত তীক্ষ্ণ মর্ষভেদী শরনিকরদ্বারা লোকসমূহ নিঃসংশয়ে দহন
করিতে সমর্থ ॥ ২ ॥

[তথাপি] বালীর যাদৃশ পৌরুষ (বলবৈভব) বীৰ্য্য (পরসংহারশক্তি)
পরাক্রম ও যাদৃশ ধৈর্য্যবত্তা, তাহা আমার নিকট একাগ্রমনে শ্রবণ করিয়া অতঃপর
যাহা কর্তব্য তাহা করুন ॥ ৩ ॥

সমুদ্রাৎ পশ্চিমাৎ পূর্বং দক্ষিণাদপি চোত্তরম্ ।

ক্রামত্যনুদিতে সূর্যে বালী ব্যপগতক্রমঃ ॥ ৪ ॥

অগ্রাণ্যালম্ব্য শৈলানাং শিখরাণি মহাস্ত্যপি ।

উর্দ্ধমুৎক্ষিপ্য তরসা প্রতিগৃহ্নাতি বীৰ্য্যবান্ ॥ ৫ ॥

বহবঃ সারবস্তৃশ্চ বনেষু বিবিধা ক্রমাঃ ।

বালিনা তরসা ভগ্না বলজিজ্ঞাসয়াত্মনঃ ॥ ৬ ॥

মহিষো দুন্দুভিনাম বীৰ্য্যবান্ স্মহাবলঃ ।

হিমবন্তং ছুরাধ্বং যুদ্ধায়াভিজগাম সঃ ॥ ৭ ॥

৪। লো-টা। অনুদিতে ঈষদুদিতে। ক্রমঃ শ্রমঃ।

৫। লো-টা। অগ্রাণি শ্রেষ্ঠাণি আলম্ব্য উৎপাটা।

৭। লো-টা। মহিষো মহিষাকারঃ।

৪। টিপ্পনী। ব্যপগতক্রমো বিগতপরিশ্রমঃ সন্ শ্রমমননুভূয়েত্যর্থঃ, পশ্চিমাৎ সমুদ্রাৎ পূর্বং সমুদ্রং দক্ষিণাৎ সমুদ্রাচ্চোত্তরং সমুদ্রং ক্রামতি। অনুদিতে সূর্যো ক্রামতি ব্রাহ্মে মুহূর্ত্ত উথায়েতি শেষঃ। তিঃ। ব্যপগতক্রমো বালী ব্রাহ্মে মুহূর্ত্ত উথায়েতি শেষঃ, সূর্যো অনুদিতে উদয়মপ্রাপ্নুবতি সতি পশ্চিমাৎ সমুদ্রাৎ পূর্বং সমুদ্রং ক্রামতি গচ্ছতি, ততো দক্ষিণং প্রাপ্যেতি শেষঃ, দক্ষিণাৎ সমুদ্রাদ্ উত্তরমপি ক্রামতি। শিরোঃ।

৫। টিপ্পনী। শৈলানাং অগ্রাণি মুখ্যাণি শিখরাণি আলম্ব্য গৃহীত্বা। তরসা বলেন উৎক্ষিপ্য উর্ধ্বং ক্ষিপ্তা।

৬। টিপ্পনী। সারবস্তৃঃ স্থিরাংশবিশিষ্টাঃ। শিরোঃ। তরসা বলেন।

বালী [ব্রাহ্ম মুহূর্ত্তে গাত্রোথানপূর্বক] সূর্য্য উদিত না হইতেই শ্রম অনুভব না করিয়া পশ্চিম সমুদ্র হইতে পূর্ব সমুদ্রে [গমন করে] এবং [তথা হইতে দক্ষিণ সমুদ্রে গমন করত] দক্ষিণ সমুদ্রে হইতে উত্তর সমুদ্রে গমন করিয়া থাকে ॥৪॥

বীৰ্য্যবান্ বালী, পর্বতের প্রধান [প্রধান] শৃঙ্গসমূহ বিশাল হইলেও [তাহা] গ্রহণ করত সবলে উর্দ্ধে নিক্ষেপ করিয়া পুনর্বার গ্রহণ করিয়া থাকে ॥ ৫ ॥

আর, বালী নিজ বলপরীক্ষার্থ [নিজ] বলে বনে নানাপ্রকারের বহু সারবান্ বৃক্ষ ভগ্ন করিয়াছে ॥ ৬ ॥

১। গ 'ক্রম-'। ২। ট 'স্থান-'। ৩। গ 'মহসা'। ৪। গ 'রতসা'। ৫। ঘ-ঙ-ণ 'বলং জিজ্ঞাসতা-', ছ-চ 'বলং জিজ্ঞাসনাত্মনঃ'। ৬। ক-পুস্তকে অত আরভ্য পঞ্চাশদ্রোহাংগো নান্তি। ৭। চ 'স্মহাবলঃ', গ 'স্মহাবলম্'।

ততো গিরিবরো দধ্যৌ কেনোপায়েন দুন্দুভিম্ ।

নাহং হৃতাং ছুরাধর্ষং হন্ত্যেতাসংশয়ক কৈঃ ॥ ৮ ॥

স মুহূর্তমিব ধ্যাত্বা হিমবানথ বালিনম্ ।

জগাম মনসা শৈলো দুন্দুভিকেদমত্রবীৎ ॥ ৯ ॥

দুন্দুভে যুদ্ধদানায় নাহং প্রতিবলস্তব ।

দত্তং যুদ্ধং তদপ্যাহ্ব্যৎ সম্যগুপদিশ্যতে ॥ ১০ ॥

৮-৯। লো-টী। কেনোপায়েন কেনাপ্যুপায়েন স্বনিষ্ঠেন। নাহং হৃতাং হন্ত্যং নাহং শক্লামি। কৈঃ কৈশ্চ পুরুষৈর্হন্ত্যতাম্ ইতি মুহূর্তম্।

১০। লো-টী। 'দাতুং যুদ্ধং তদপ্যাহ্ব্যৎ সম্যগুপদিশ্যতে' ইতি। নাহং প্রতিবলঃ কিন্তু

৭। টিপ্লনী। দুন্দুভিনাম মহিষ আসাৎ, সঃ অভিজগামেতান্বয়ঃ। ছুরাধর্ষং দুর্জয়ম্। বৃহস্পতিমুত্তরসর্গে মহত্তরতয়া বর্ততে। অস্ত্র দ্বিকল্পেণে ভাৎপথ্যামিদমবধার্থাতে—উত্তরসর্গে 'রামো বালিনঃ প্রতিবলো ন বে'তি বিজ্ঞাতুং বালিকৃতদুন্দুভিপঞ্জরাসরণপ্রস্তাবার্থমিদমুপন্বস্তম্, ইহ তু বালিনো বলবস্তথ্যাপনার্থমিতি।

৮। টিপ্লনী। দধ্যৌ চিন্তয়ামাস।

৯। টিপ্লনী। মনসা বালিনং জগাম বালিনং সম্মারেত্যর্থঃ।

১০। টিপ্লনী। অহং যুদ্ধদানায় যুদ্ধং দাতুং তব প্রতিবলঃ প্রতিযোদ্ধা নাস্মি হীনবলত্বাৎ, অতো ন যোৎস্বে ইত্যশয়ঃ। ন'ব্রাহ্মতো ন নিবর্তেত দাতাদপি রণাদপী'তি শাস্ত্রাদতুল্যাবলস্তাপি

দুন্দুভিনামক মহিষাকৃতি বীর্ষবান্ সুমহাবল এক অসুর ছিল। সে [একদা] যুদ্ধার্থে দুর্জয় হিমালয় পর্বতের নিকট উপস্থিত হইয়াছিল ॥ ৭ ॥

অতঃপর, গিরিবর চিন্তা করিলেন—কোনও উপায়ে আমি দুর্জয় দুন্দুভিকে বধ করিতে সমর্থ নহি; কাহাদের দ্বারা [-ই বা] দুন্দুভি নিঃসংশয়ে হত হইতে পারে? ॥ ৮ ॥

অতঃপর, গিরি[-বর] হিমালয় মুহূর্তমাত্র চিন্তা করিয়া মনে মনে বালীকে স্মরণ করিলেন এবং দুন্দুভিকে ইহা বলিলেন— ॥ ৯ ॥

১। ৭ 'হন্ত্যেতায়ক কেন বৈ'। ২। অতঃপরঃ ৮-পুস্তকে 'ন বাহং সময়ে শক্লামি বধ্যো ন চ ময়াহসুরঃ' ইত্যর্কমধিকম্। ৩। ৬ 'মুহূর্তমিব স'। ৪। ৬-৮-৭ 'শৈলঃ'। ৫। ৬-৬-৮ 'দাতুং'। ৬। ৬-৬ '-প্যাহ্ব্যৎ'। ৮ '-প্যাহ্ব্যৎ'।

কিঙ্কিয়ায়াং মহাদৃষ্টো বালী নাম কপীশ্বরঃ ।

তং তূর্ণমভিগচ্ছ ত্বং যদি মৃত্যুত্বরা তব ।

স হি দুর্দ্ধর্ষণো বালী নিত্যং সমরকর্মসু ॥ ১১ ॥

কিঙ্কিয়াং সমুপাগম্য হেমমালিগুহাং শুভাম্ ।

চরন্ মধুবনে তস্য মধু নিত্যং বিনাশয় ॥ ১২ ॥

যদ্ যঃ যুদ্ধং দাতুং প্রতিবলঃ তৎ স স্বামুপদিশতে উচ্যতে । 'দ্বন্দ্বযুদ্ধম্' ইতি পাঠে দ্বন্দ্বযুদ্ধং দাতুমিতি শেষঃ । অন্তঃ সমানম্ ।

১১ । লো-টী । দুর্দ্ধর্ষণোহক্ষোভাঃ ।

১২ । লো-টী । হেমমালিনীনান্নীং কিঙ্কিয়াম্ ।

তব যুদ্ধার্থমাহুতশ্চ ততঃ পরাস্বখীভবনমুচিতমিত্যাশয়বানাহ—দত্তমিতি । যৎ যুদ্ধং সমাক্ প্রতিপক্ষাদিনির্দেশপুরঃসরমিত্যর্থঃ, উপদিশতে তদপি দত্তং যুদ্ধং যুদ্ধদানমিত্যর্থঃ, আহঃ কথয়ন্তি শাস্ত্রজ্ঞা ইতি শেষঃ । অতঃ সাক্ষাদ্ যুদ্ধমকুর্ষতোহপি মম যুদ্ধার্থমুচিতমন্ত্রণাদিদানদ্বারেণ যুদ্ধ-কর্তৃত্বমেবেতি ন যথোক্শান্নানুষ্ঠানলাঘবমিতি ভাবঃ ।

১১ । টিপ্পনী । মৃত্যোঃ মরণপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ, ত্বরা ব্যগ্রভাবঃ ।

১২ । টিপ্পনী । হেমমালিগুহাং কিঙ্কিয়াং সমুপাগম্য ।

হে ছন্দুভে, যুদ্ধদানে আমি তোমার প্রতিপক্ষ নহি । [তবে] যুদ্ধসম্বন্ধে যে যথাযথ উপদেশ দান করা হয়, তাহাকেও যুদ্ধদানই বলা হয় ॥ ১০ ॥

কিঙ্কিয়ায় বালী নামে [এক] অতিগর্ভিত বানরাধিপতি আছেন ; যদি মৃত্যুর জন্ম তোমার ব্যগ্রতা উপস্থিত হইয়া থাকে, তবে শীঘ্র তুমি তাহার নিকট গমন কর ; সেই বালী সমরকার্যে সর্বদাই দুর্দ্ধর্ষ ॥ ১১ ॥

তুমি হেমমালী পর্বতের সুন্দর গুহা কিঙ্কিয়ায় উপস্থিত হইয়া তাহার মধুবনে বিচরণ করিতে করিতে নিত্য মধু নষ্ট করিতে থাক ॥ ১২ ॥

১। ও '-বাহবানিনাম মহাকপি:' । ২। ৭-পুস্তকে অত আরভ্য ষাটশ্লোকান্তোহংশো নাস্তি । ৩। ট 'যু' । ৪। চ '-মালী ৩' ।

স যুদ্ধতৃষণাং কুপিতস্তবৈনামপনেষ্যতি ।

ন হি জাতু তমাসাং জীবন্ প্রতিগমিষ্যসি ॥ ১৩ ॥

বিনদ্য স্তমহানাং ছন্দুভির্বিজিগীষয়া ।

যথোদ্দিষ্টং হিমবতা জগাম চ চচার চ ।

তং জঘানোরসা বালী পৃথিব্যাং বিচকর্ষ চ ॥ ১৪ ॥

তস্য কৈলাসপর্বতাদস্থি প্রকাশতে ।

উদ্ধর্তুমেতদ্ বালী চ শক্ভোহহং বানরোত্তমঃ ॥ ১৫ ॥

১৫। লো-টা। এতদস্থি উদ্যন্তম্ অন্তত্র নেতুং সর্ষপ্রাণভূতাং মধ্যে বালী অহং বা শক্ভঃ। 'তদ্ বন্তম্' ইতি পাঠঃ।

১৩। টিপ্পনী। তং বালিনম্ আসাদ্য যুদ্ধার্থং প্রাপ্য।

১৪। টিপ্পনী। হিমবতা যথা উদ্দিষ্টং তথা জগাম মধুবনে চ চচার বিচরণমকরোৎ। উরসা বক্ষঃস্থলেন তং জঘান আহতমকরোৎ। পৃথিব্যাং বিচকর্ষ ভূমৌ পাতয়িত্বা সমাকর্ষৎ।

সে কুপিত হইয়া তোমার এই যুদ্ধতৃষণা অপনৌত করিবে। তাহার নিকট [যুদ্ধার্থ] উপস্থিত হইয়া তুমি জীবিত অবস্থায় ফিরিয়া আসিতে পারিবে না ॥ ১৩ ॥

ছন্দুভি বিজয়েচ্ছায় অতি উচ্চৈশ্বরে চীৎকার করিয়া হিমালয়ের নির্দেশানুসারে [কিঙ্কিয়ায়] গমন করিল ও [মধুবনে] বিচরণ করিতে লাগিল। বালী তাহাকে বক্ষঃস্থলের দ্বারা আঘাত করিল ও পৃথিবীতে [পাতিত করিয়া] আকর্ষণ করিল ॥ ১৪ ॥

কৈলাসপর্বতসদৃশ এই তাহার অস্থি প্রকাশ পাইতেছে। ইহা উত্তোলন করিতে বানরশ্রেষ্ঠ বালী ও আমি[-ই] সমর্থ ॥ ১৫ ॥

১। ও-ছ-চণ 'সুবোমাম'। ২। ও '-দ্বিষ্টো'। ৩। ও 'জগতাক'। ৪। চ 'চকার চ'। ৫। ঘ-ণ '-নৌরসা'। ৬। চ-ণ '-দৃশ-'। ৭। ও 'উৎক্ষেপু-'। ৮। ঘ 'বানরেশ্বরঃ', চ 'উচৈব রাষণঃ', ৭ 'বানরেশ্বহ'।

সৰ্বপ্ৰাণভূতাং লোকে দ্বিতীয়ং নোপলক্ষয়ে ।

ঐদৃশো বিক্রমো যস্য জয়ে চানুভমা ধৃতিঃ ॥ ১৬ ॥

তৎ প্রচিন্তয় কাকুৎস্থ হন্তেতৈকেষুণা যথা ।

অথবা কোপনো বালী কালমস্য ক্ষমামহে ॥ ১৭ ॥

হিংস্যাদপি হি নঃ সৰ্বান্ বালী শরনিরাকৃতঃ ।

তথা ক্রবস্তুং স্ত্রীং প্রহসল্লক্ষ্মণোহব্রবীৎ ॥ ১৮ ॥

১৬। লো-টী। একেন ঈষুণা বাণেন যথা যেন প্রকারেণ হন্তেত হন্তেত। 'যেন-কর্মণা' ইতি কৃচিৎ পাঠঃ। অথবা অন্তথা। 'অয়মেব'(?) বা পাঠঃ। বালী কামং যথেষ্টম্ অতীব কুপিতঃ ক্রুদ্ধঃ। অতোহস্ত বালিনঃ ক্ষমামহে ক্ষমাং কুর্ম্যঃ। 'কালমস্তে'তি পাঠে কালং ক্ষমামহে প্রতীক্ষামহে।

১৮। লো-টী। শরবিরাগিতঃ শরেণ বিশিষ্টোহতীব রাগঃ ক্রেশো মাৎসর্ঘ্যং বা সঞ্জাতোহশ্রেতি সং, অতিসঞ্জাতক্রেশঃ সঞ্জাতমাৎসর্ঘ্যো বা। 'রাগোহমুরাগে ক্রেশাদৌ মাৎসর্ঘ্যে লোহিতাদিষি'তি ভূরিঃ। 'শরনিরাকৃত' ইতি পাঠে নিরাকৃতশরঃ, বঞ্চিতশর ইত্যর্থঃ।

১৬। টিপ্পনী। সৰ্বপ্ৰাণভূতাং সৰ্বেষাং প্ৰাণিনাং মধ্যে ন উপলক্ষয়ে ন পশ্যামি। জয়ে জয়বিষয়ে যস্ত অনুভুমা অনুভুমা অত্যাৎকৃষ্টা ধৃতির্ধৈর্যমস্তি।

১৭। টিপ্পনী। তৎ তস্মাৎ একেনৈব ঈষুণা বাণেন যথা হন্তেত তথা প্রচিন্তয়। অংবেতি পক্ষান্তবে, যথেকেন বাণেন বাণী ন হন্তেত হৃদেত্যাশয়ঃ; বালী কোপনঃ নিতবাং ক্রোধসম্পন্নঃ। অতঃ বয়নস্ত সপক্ষে ইতি শেবঃ, কালং ক্ষমামহে প্রতীক্ষামহে, যাবন্ন বয়ং তস্ত প্রতিপলা ভবেম ইতি ভাবঃ।

১৮। টিপ্পনী। যদি একেন বাণেন ন নিহন্তেত তদা কিং ভবেদিত্যাহ - হিংস্যাদপি। শরনিরাকৃতঃ শরৈস্তাড়িতঃ ন তু হতঃ স বালী সৰ্বানৈব অস্মান্ হিংস্যাৎ হন্তাৎ।

জগতে সমস্ত প্ৰাণীর মধ্যে দ্বিতীয় [কাহাকেও] দেখি না, যাহার এবংবিধ বিক্রম ও জয়বিষয়ে অনুভূতম ধৈর্য আছে ॥ ১৬ ॥

অতএব হে কাকুৎস্থ [রাম], যাহাতে বালী এক বাণে[-ই] নিহত হইতে পারে [তাহার] চিন্তা কর। অথবা (অর্থাৎ যদি এক বাণে বালী নিহত না হয় তবে) বালী কোপনস্বভাব, ইহার সপক্ষে আমবা কালের প্রতীক্ষা

১। ৬-৭ 'তৃতীয়ং'। ২। চ 'যুদ্ধে'। ৩। চ 'চানুপমা'। ৪। ৭ 'মতিঃ'। ৫। ছ 'ততশ্চি-', ৭ 'ততশ্চি-'। ৬। চ 'জ্ঞাদেকেষণা'। ৭। ক-ঘ 'কোপিতো'। ৮। ছ 'কামমস্ত'। ৯। চ '-বিরাগতঃ', ৭ 'বিরাগিতঃ'। ১০। চ 'অথ'। ১১। ৭ 'বদন্তং'।

সদেবনরনাগেষু দৈত্যযক্ষপতত্রিষু ।

সমস্তৈর্ন হি শক্যো বৈ যোদ্ধুং রামো ধনুর্ধরঃ ।

কস্মিংশ্চ কস্মণি কৃতে শ্রদ্ধয়া বালিনো বধম্ ॥ ১৯ ॥

তমথোবাচ সূগ্রীবঃ সপ্ত শালানিমান্ পুরা ।

অবিধ্যদেকশো বালী ত্রীনেমাং স মহাবলঃ ॥ ২০ ॥

কাকুংস্থঃ পাটয়েদেতান্ সর্কানেকৈকশো যদি ।

রামস্য বিক্রমং দৃষ্ট্বা মন্যেহহং বালিনং হতম্ ॥ ২১ ॥

১৯। লো-টী। সদেবাসুরনাগেষু মধ্যে যে সমস্তা জনাস্তৈর্যোদ্ধুং পরাভবিতুম্। বদ্ধা, সদেবাদিপাদদ্বয়ে তৃতীয়ার্থে সপ্তমো, 'সুপাং সুবি'তি ত্রায়াৎ, সদেবাসুরনাগৈঃ। এবমকৃত্র।

২০। লো-টী। সপ্ত তালান্ ইমান্ যান্ পশ্চামীতি শেষঃ। একশঃ একশরেণেত্যর্থঃ।

১৯। টিপ্পনী। রামেণ কস্মিন্ কস্মণি কৃতে নিম্পাদিতে সতি বালিনো বধং শ্রদ্ধয়া-
স্তদ্বধবিশ্বাসং কুর্ধ্যাঃ।

২০। টিপ্পনী। একশঃ একমেকং কৃত্বা ত্রীন্ অবিধ্যদ্ বিদ্বান্ চকাব, একেন বাণেনেতি শেষঃ।

২১। টিপ্পনী। সর্কান্ এতান্ একৈকশো যদি একেন বাণেন পাটয়েদ্ বিদারয়েৎ।

করি, [অণুখা] শরদ্বারা নিরাকৃত (তাড়িত) বালী নিশ্চয় আমাদের সকলকে হিংসা করিবে। সুগ্রীব এইরূপ বলিলে লক্ষ্মণ হাসিতে হাসিতে [তাঁহাকে] বলিলেন—॥১৭-১৮ ॥

দেব নর ও সর্পসমূহের সহিত দৈত্য যক্ষ ও পক্ষিসমূহ মিলিত হইয়া[-৬] ধনুর্ধর রামের সহিত যুদ্ধ করিতে সমর্থ নহে। কিন্তু কি কার্য্য করিলে [রাম] বালিবধ [করিতে সমর্থ হইল] আপনি বিশ্বাস করিতে পারেন ? ॥ ১৯ ॥

অতঃপর, সুগ্রীব তাঁহাকে বলিলেন—[এই যে] সাতটি শালবৃক্ষ [দেখিতেছ] মহাবল সেই বালী পূর্ব্ব এক একটি করিয়া ইহার তিনটিকে [এক বাণে] বিদ্ধ

১। ৭ 'নগ'। ২। ও ছ '-কো' ছি', ৭ '-কোঃসো'। ৩। ৭ 'যোদ্ধু' কামো'। ৪। চ 'কস্মিংশ্চ', ৭ 'কস্মিন্ কস্মণি সংসিদ্ধে সন্ধুর্ধ্যাদ্'। ৫। ও '-ধাং', চ 'ধাদ্'। ৬। ছ 'অথোবাচ স সুগ্রীবঃ'। ৭। ক-ঘ-চ-ণ 'তালান্'। ৮। চ 'পুরঃ'। ৯। ও 'আবি'। ১০। ছ 'তু', ও ৭ 'সুমহা-'। ১১। ৭ '-স্থঃ ফালয়ে-(?)'। ১২। চ '-য়েদীমান্'। ১৩। ক '-নেকেশুণা'। ১৪। অতঃ পরং ৭-পুস্তকে 'তথা বদন্তঃ সুগ্রীবঃ প্রহসন্তঃ স্মরণোঃস্ববীৎ'।

এবমুক্ত্বা তু সুগ্রীবো লক্ষ্মণং কপিপুঙ্গবঃ ।

উবাচ বচনং ভূয়ো রাঘবং করুণং ততঃ ॥ ২২ ॥

রাম শোকাভিভূতানাং ভয়ার্তানাং ভবাম্ গতিঃ ।

বয়স্য ইতি বিজ্ঞায় যেনৈবং পর্যাদেবয়ম্ ॥ ২৩ ॥

২৩। লো-টী। পর্যাদেবয়ং ত্বেদেবয়ম্ ।

‘রামো নির্দারয়েদেষাং বাণেনৈকেন চ ক্রমম্ । বালিনং নিহতং মন্ত্রে দৃষ্ট্বা রামশ্চ বিক্রমম্ ॥’
ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১১।৭১) ।

২৩। টিপনী। বয়শ্চ ইতি বিজ্ঞায় স্থিত ইতি শেষঃ । যেন এবং পূর্বোক্তপ্রকারেণ
পর্যাদেবয়ং পর্যাদেবয়ে মদনুভং স করুণং ত্বেদেবয়মিত্যর্থঃ ।

করিয়াছিল কাকুৎস্থ [রাম] যদি এক একটি করিয়া সকল কয়টি [একবাণে]
বিদারিত করিতে পারেন [তবে], রামের [এবংবিধ] পরাক্রম দেখিয়া আমি
বালীকে হত মনে করিব ॥ ২০-২১ ॥

অতঃপর, বানরশ্রেষ্ঠ সুগ্রীব লক্ষ্মণকে এইরূপ বলিয়া পুনর্বার রামচন্দ্রকে
করুণভাবে [এই] বাক্য বলিলেন— ॥ ২২ ॥

রাম, শোকাভিভূত ভয়ার্ত ব্যক্তিগণের তুমি আশ্রয় [এবং আমার] বয়শ্চ
ইহা [আমি] জানি, যন্নিবন্ধন এইরূপে আমি [তোমার নিকট আমার কাহিনী]
করুণভাবে নিবেদন করিয়াছি ॥ ২৩ ॥

ধর্মবৎ প্রসূতং বাক্যং রামসংস্ববমাশ্রিতম্ ॥ দেবদানবগন্ধর্বা নাহুরা ন চ রাক্ষসাঃ । পরগা বা পিণাচা বা
বামতুলাঃ ধ্বংসমাঃ । বিবেদেবা জগচ্চেব দেবানাং পিতরোহপি বা । চরাচর চ ত্রৈলোক্যে সদৃশো ন চ বিজ্ঞতে ॥
রামে হি সত্যং ধর্মশ্চ নিত্যমেব প্রতিষ্ঠিতো । সমাধসিহি ভদ্রস্তে প্রিয়কর্তা হি রাঘবঃ ॥ অদৃষ্টগুণবীঘাত্ত্বং রামশ্চ
বিদিত্যস্মনঃ । বেদাহমশ্চ কশ্মাণি দুষ্করাণি শূরেণপি ॥ সমাবর্তাশ্চ (?) সকলা ঋষিসম্বাশ্চ দেবতাঃ । ন তদ্বক্তবামাযেণ
প্রাজ্ঞাপি গুটৈঃ প্রভো ॥ দেবতানাং পিতৃণাঞ্চ বহুনাক্ষয় রাঘবঃ । বানরেন্দ্র সদা মাগুঃ শক্রণাঞ্চ রণাজিরে ॥
করিষ্যাত্ত্যেব হে কার্ষাঃ রামঃ পরপুত্রপুত্রঃ । প্রিয়ং কর্তা হি লোকশ্চ মুনীনামাস্মনস্তথা ॥ সেয়মশ্চ মত্ৰা বুদ্ধিধর্মার্থ-
পরিবর্তনে । অপ্রদৃশো হৃৎস্পাশ্চ যোনিধর্ম্মশ্চ রাঘবঃ ॥ সমাধসিহি ভদ্রস্তে মা চ শোকে মনঃ কুথাঃ । পরাক্রমং
দর্শয়তা রাঘবো নচিরাত্তব ॥ এষ বৈ কুপিহো রামো জগদ্ধৃগাদশেষতঃ । কিং পুনর্বাগিনং সম্বো তব ভার্যাপ-
হারিণম্ ॥’ ইত্যাদিকপাঠানন্তরং কাচিৎ সর্গসমাপ্তিঃ ।

১। ৭ ‘-কুপ্ত’ । ২। ৭ ‘-ণেন মহাস্মনা’ । ৩। ৪ ‘-কুপ্তরঃ’ । ৪। ৫ ‘করুণং’ । ৫। ৬ ‘বচনং’ ।

৬। ৭ ‘কুপণং’ । ৭। ৬-পুস্তকে অতঃ পরং কাচিৎ সর্গসমাপ্তিঃ । ৮। ৬-পুস্তকে অতঃ পরং কাচিৎ সর্গসমাপ্তিঃ ।

৯। ৬ ‘বেদেদং’, ৭ ‘ষদেবং’ ।

ত্বং হি পাণিপ্রদানেন বয়স্যো মেহগ্নিসাঙ্কিকঃ ।

কৃতঃ প্রাণৈঃ প্রিয়তরঃ সখে সত্যেন তে শপে ॥ ২৪ ॥

বয়স্য ইতি কৃত্বা চ বিশক্রং প্রবদাম্যহম্ ।

দুঃখমন্তুর্গতঃ যন্মে মনো দহতি সর্বদা ॥ ২৫ ॥

এতাবদুক্ত্বা বচনং বাষ্পদূষিতলোচনঃ ।

বাষ্পোপহতয়া বাচা নাশকোদ্ বক্তুমুত্তরম্ ॥ ২৬ ॥

বাষ্পবেগন্তু সহসা নদীবেগমিবাগতম্ ।

ধারয়ামাস ধৈর্যেণ স্ত্রীণীবো রামসন্নিধৌ ॥ ২৭ ॥

২৪। লো-টী। তে তব স্থানে শপে ।

২৫। লো-টী। বিশক্রং বিশ্বস্তং যথা ভবতি ।

২৪। টিপ্সনী। পাণিপ্রদানেন বয়স্যঃ কৃতঃ। ত্বং মম প্রাণৈঃ প্রিয়তরঃ প্রাণেভ্যোহপি প্রিয়তর ইত্যর্থঃ ।

২৬। টিপ্সনী। উত্ত্বং বক্তুং নাশকোৎ অতঃ পরং কিমপি বক্তব্যং প্রকটয়িতুং ন শশাকেত্যর্থঃ ।

২৭। টিপ্সনী। ধারয়ামাস করোধ ।

আমি [তোমার হস্তে] হস্ত প্রদান করিয়া তোমাকে অগ্নিসাঙ্কিক বয়স্য করিয়াছি ; হে সখে, তোমার নিকট সত্যদ্বারা শপথ করিতেছি—তুমি আমার প্রাণ অপেক্ষা[-ও] প্রিয় ॥ ২৪ ॥

যে অন্তর্গত দুঃখ আমার মন সর্বদা দহন করিতেছে, [তুমি আমার] বয়স্য এই জন্ত বিশ্বস্তভাবে [তাহা] আমি বলিতেছি ॥ ২৫ ॥

এই মাত্র বাক্য বলিয়া বাষ্পদূষিতনেত্র স্ত্রীণীব বাক্য বাষ্পদূষিত হওয়ায় উত্তর (অর্থাৎ পরে যাহা বক্তব্য ছিল তাহা) [আর] বলিতে পারিলেন না ॥ ২৬ ॥

সহসা সমাগত নদীবেগের ন্যায় [উদ্গত] বাষ্পবেগ স্ত্রীণীব ধৈর্যবশতঃ রামসমীপে নিরুদ্ধ করিলেন ॥ ২৭ ॥

২। উ 'অগ্নিসাঙ্কিকঃ' (?)। ২। ট 'ততঃ'। ৩। গ '-তমঃ'। ৪। ছ-চ 'তু'। ৫। ক-ঙ 'এবমুক্ত্বা চ'। ৬। ক '-পূরিত-', ৭ '-ভূষিত-'। ৮। গ 'নাশকদ্'। ৯। ছ '-বোধিতম্'। ১০। ক-ঘ-ণ 'বার-'।

নিগৃহ্য বাষ্পবেগস্তু বিয়ুজ্য নয়নে শুভে ।

সুগ্রীবঃ সাস্ত্রিতঃ স্নেহাদিদং বচনমব্রবীৎ ॥ ২৮ ॥

পুরাহং বালিনা রাম রাজ্যাৎ স্বাদবরোপিতঃ ।

পরুমাণি চ সংশ্রাব্য নিধৃতোহস্মি বলীয়সী ॥ ২৯ ॥

হতা ভার্য্যা চ মে তেন প্রাণেভ্যোহপি গরীয়সী ।

সুহৃদশ্চ মদীয়া যে তে সংযম্য বিমানিতাঃ ॥ ৩০ ॥

অত্য়াপি স হি ছুষ্টাত্মা মদ্বিনাশায় রাঘব ।

বহুশাস্ত্রং প্রযুক্তাশ্চ নিহতা বানরা ময়া ॥ ৩১ ॥

২৯। লো-টী। অবরোপিতো বহিষ্কৃতঃ। নিধৃতোহস্মি সমুপ্তোহস্মি।

৩০। লো-টী। সংযম্য বন্ধা।

৩১। লো-টী। মদ্বিনাশায় মদ্বিনাশার্থং বর্ত্তত ইতি শেষঃ।

২৯। টিপ্পনী। অবরোপিতোঃ পক্ষতাদিকারঃ। নিধৃতো ভৎসিতঃ। তিঃ। নিধৃতো
নিঃসারিতঃ। শিরোঃ। নিধৃতো নিরস্তঃ। গোঃ রাঃ।

৩০। টিপ্পনী। বিমানিতা অপমানিতাঃ।

৩১। টিপ্পনী। অত্য়াপি মদ্বিনাশায় যততে ইতি শেষঃ। 'ষত্ববাংশ্চ স ছুষ্টাত্মা

স্নেহবশতঃ রামচন্দ্র সাস্ত্রনা প্রদান করিলে সুগ্রীব বাষ্পবেগ নিগৃহীত করিয়া
এবং সুন্দর নয়নদ্বয় মার্জিত করিয়া এই বাক্য বলিলেন— ॥ ২৮ ॥

রাম, পূর্বে বলবান্ বালী আমাকে নিজ রাজ্য হইতে বিচূত করিয়াছে ও
পরুষবাক্য শ্রবণ করাইয়া আমাকে বিতারিত করিয়াছে ॥ ২৯ ॥

সে আমার প্রাণাপেক্ষাও শ্রেষ্ঠা পত্নীকেও হরণ করিয়াছে এবং আমার
যে সকল সুহৃদ ছিল তাঁহাদিগকে বন্ধন করিয়া অপমানিত করিয়াছে ॥ ৩০ ॥

সেই ছুষ্টাত্মা অত্য়াপি নিশ্চয় আমার বিনাশের নিমিত্ত চেষ্টিত আছে ;
আর, তৎপ্রেরিত বহু বানর আমি বিনাশ করিয়াছি ॥ ৩১ ॥

১। ৭ 'বিসৃজ্য'। ২। ঘ '-গত্বঃ'। ৩। ৭ 'সাস্ত্রিতঃ'। ৪। ৭ 'সংশ্রোচা'। ৫। ৭ 'নিধৃতো'।

৬। ৬ '-ম্যাবম্য'। ৭। ৬ ৭ 'হি স'। ৮। ঘ 'বানরা নিহতা'।

এতয়া শঙ্কয়া চাপি দৃষ্ট্বা ত্বামপি রাঘব ।

নেহোপসৃতবান্ ভীতো ভয়াৎ সর্কো বিভেতি হি ॥ ৩২ ॥

কেবলং তু সহায়্যা মে হনুমৎপ্রমুখা ইমে ।

যতোহহং ধারয়াম্যে প্রাণান্ কৃচ্ছ্ গতোহপি সন্ ॥ ৩৩ ॥

এতে হি কপয়ঃ স্নিগ্ধা মাং রক্ষন্তি সমন্ততঃ ।

সহ গচ্ছন্তি গচ্ছন্তং তিষ্ঠন্তি চ ময়ি স্থিতে ।

যচ্চ তং সমরে হন্যাৎ স মে স্ম্যাৎ প্রাণদঃ সূহৃৎ ॥ ৩৪ ॥

৩২। লো-টা। ইহ স্বাং দৃষ্ট্বা ন উপসৃতবান্ ত্বৎসমীপে ন গতবান্। ভয়াদ্ ভয়হেতোঃ।

নহিনাশায় রাঘব' ইতি পাশ্চাত্তাঃ (৪।৮।৩৪)। বহুশো বহবঃ। তৎপ্রযুক্তান্তেন বালিনা প্রেরিতাঃ।

৩২। টিপ্পনী। নোপসৃতবান্ নাগতবান্ অহমিতি শেষঃ। এতয়া শঙ্কয়া তৎপ্রযুক্তচার-শঙ্কয়েত্যর্থঃ।

৩৩। টিপ্পনী। যতো যস্মাৎ সহায়স্বাৎ। কৃচ্ছ্গতো দুঃখং প্রাপ্তিঃ।

৩৪। টিপ্পনী। স্নিগ্ধা মদ্বিষয়কস্নেহবিশিষ্টাঃ।

হে রাঘব, তোমাকে দেখিয়াও এই ভয়ে ভীত হইয়াই এই স্থানে [পূর্বে] আগমন করি নাই ; যে হেতু ভয়ের কারণ হইতে সকলেই ভীত হইয়া থাকে ॥৩২॥

মাত্র হনুমৎপ্রমুখ এই কয়টি বানর আমার সহায়; যে সহায়তানিবন্ধন [এইরূপ] দুঃখে পড়িয়াও আমি অণু প্রাণ ধারণ করিতেছি ॥ ৩৩ ॥

[আমার প্রতি] স্নেহপরায়ণ এই সকল বানর আমাকে চতুর্দিক্ হইতে রক্ষা করিতেছে। আমি গমন করিলে সঙ্গে [সঙ্গে] গমন করিতেছে, আমি অবস্থান করিলে অবস্থান করিতেছে। যে ব্যক্তি সেই বালীকে সমরে বধ করিতে পারিবে, সে আমার প্রাণপ্রদ বন্ধু হইবে ॥ ৩৪ ॥

১। চ 'বাপি'। ২। চ 'দ্রষ্ট্বা স চ'। ৩। ঘ '-মত', ও '-মেব'। ৪। ও 'ইহাপ-'। ৫। ক 'সর্কঃ'। ৬। চ 'চ'। ৭। ও '-বলান্ত'। ৮। ঘ-ণ 'যদহং', ও 'অতোহহং'। ৯। ঘ 'ময়ি গচ্ছন্তি গচ্ছন্তি'।

এষ তে রাম শোকার্থঃ শোকার্তেন নিবেদিতঃ ।

সুখিতো দুঃখিতো বাপি সখ্যুর্নিত্যং সখা গতিঃ ॥ ৩৫ ॥ ✓

শ্রুত্বৈব তদ্বচো রামঃ সূত্রীবমিদমব্রবাৎ ।

কিংনিমিত্তমিদং দুঃখং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥ ৩৬ ॥

অহং হি কারণং শ্রুত্বা বৈরশ্রাতীব মানদ ।

সর্বং তথা বিধাশ্রামি সংপ্রদার্য্য বলাবলম্ ॥ ৩৭ ॥

বলবান্ হি মমামর্ষঃ শ্রুত্বা ত্বামপমানিতম্ ।

এতৎ কথয় বিশ্রব্ধং যাবন্নারোপয়ে ধনুঃ ।

স্পৃষ্ঠাশ্চ হি ময়া বাণা নিরস্তাশ্চ রিপুস্তব ॥ ৩৮ ॥

৩৮। লো-টা। ময়া শপথরূপেণ বাণাঃ স্পৃষ্টাঃ। নিরস্তা হত ইতি বিক্রীতি শেষঃ।

৩৫। টিপ্লনী। শোকার্থঃ শোককারণম্। 'অর্থো বিষমার্থনয়োর্ধনকারণবস্তুষু। অভিধেয়ে চ শব্দানাং নিবৃত্তৌ চ প্রয়োজনে ॥' ইতি মেদিনী।

৩৬। টিপ্লনী। ইদং দুঃখং দুঃখকরং বৈরমিত্যর্থঃ, 'কারণং শ্রুত্বা বৈরশ্রো'তি উত্তরশ্লোকে বঙ্গমাগত্যাৎ। কিংনিমিত্তং কিংকারণকং তৎ তত্ত্বতো যথাযথং শ্রোতুমিচ্ছামি।

৩৭। টিপ্লনী। বৈরশ্র কারণম্ অতীব বিস্তরেণ শ্রুত্বা যুবয়োর্বলাবলঞ্চ সংপ্রদার্য্য নিশ্চিতা যথা বিধাতুসুচিতং তথা সর্বং বিধাশ্রামি।

হে রাম, শোকাক্ত আমি এই তোমার নিকট [আমার] শোকের কারণ বলিলাম। সুখে থাকুক বা দুঃখে থাকুক সর্বদাই সখার গতি সখা ॥ ৩৫ ॥

এবংবিধ সেই সূত্রীবাক্য শ্রবণ করিয়া রাম সূত্রীবকে বলিলেন—
কি নিমিত্ত [তোমার সহিত বালীর] এই দুঃখ[-দায়ক শক্রতা] তাহা যথাযথ শ্রবণ করিতে ইচ্ছা করি ॥ ৩৬ ॥

হে মানদ, শক্রতার কারণ বিস্তৃতভাবে শ্রবণ করিয়া এবং [তোমাদের] বলাবল নিশ্চয় করিয়া [যেরূপ বিধান করা প্রয়োজন] আমি সেইরূপ সমস্ত বিধান করিব ॥ ৩৭ ॥

১। ঘ-ঙ '-র্ভঃ', চ '-র্ভ'। ২। ক 'শ্রুত্বতি'। ৩। ঙ-ছ 'তু'। ৪। অতঃ পরং চ-পুস্তকে 'বর্ধতে হৃদয়োংকম্পঃ প্রাবৃশ্বেষবতাস্তসঃ' (?) ইত্যধিকম্। ৫। ক 'তৎ কথয়', ছ 'যত্তৎ কথয়'। ৬। ছ '-য়েকনুঃ'। ৭। ঘ 'স্পৃষ্ঠাশ্চাপি', ঙ 'স্পৃষ্ঠা যদি', ছ-ণ 'স্পৃষ্ঠাশ্চ'।

এবমুক্তস্ত স্ত্রীবিঃ কাকুৎস্থেন মহাত্মনা ।

প্রহর্ষমতুলং লেভে চতুর্ভিঃ সচিবৈঃ সহ ॥ ৩৯ ॥

ততঃ প্রহৃষ্টবদনঃ স্ত্রীণীবো লক্ষ্মণাগ্রজে ।

বৈরস্য কারণং সর্বমাখ্যাতুমুপচক্রমে ॥ ৪০ ॥

বালী নাম মম জ্যেষ্ঠো ভ্রাতা শত্রুনিসূদনঃ ।

পিতুর্বহুমতো নিত্যং মম চাপি বভূব সঃ ॥ ৪১ ॥

পিতর্যুপরতেহস্মাকং জ্যেষ্ঠোহয়মিতি মন্ত্ৰিভিঃ ।

কপীনামীশ্বরো রাজা কৃতঃ পরমসংমতঃ ॥ ৪২ ॥

৩৭। টিপ্পনী। অমর্ষঃ ক্রোধঃ। যাবদ্ ধনুর্ন আরোপয়ে ন সজ্যং করোমি।
যদৈব বাণাঃ স্পৃষ্টাস্তদৈব তব বিপুর্নিরস্তো বিধ্বস্তঃ ইত্যবেহীতি শেষঃ।

৪১। টিপ্পনী। বহুমতঃ প্রিয়ঃ। শিরোঃ।

৪২। টিপ্পনী। পিতার উপরতে মৃতে অয়ং জ্যেষ্ঠ ইতি কৃত্বা মন্ত্ৰিভিঃ পরমসম্মতো
মানবিশিষ্টঃ কপীনামীশ্বরো বানরশ্রেষ্ঠঃ বালী রাজা কৃতঃ।

তোমাকে অপমানিত শ্রবণ করিয়া আমার অত্যন্ত ক্রোধ হইয়াছে; যে পর্য্যন্ত চাপ জ্যাযুক্ত না করি তাবৎ তুমি বিশ্বস্তভাবে এই সকল বল; আমারও বাণস্পর্শ [আর] তোমারও শত্রুধ্বংস (অর্থাৎ আমি বাণস্পর্শ করিলে তোমার শত্রুধ্বংস হইতে বিলম্ব ঘটিবে না) ॥ ৩৮ ॥

মহাত্মা কাকুৎস্থকর্তৃক এইরূপ অভিহিত হইয়া স্ত্রীবি সচিবচতুষ্টয়ের সহিত অতুল আনন্দ লাভ করিলেন ॥ ৩৯ ॥

অতঃপর, প্রহৃষ্টবদন স্ত্রীবি লক্ষ্মণাগ্রজের সমীপে [বালীর সহিত] শত্রুতার সকল কারণ বলিতে আরম্ভ করিলেন— ॥ ৪০ ॥

বালী নামে আমার শত্রুনিসূদন জ্যেষ্ঠ ভ্রাতা আছে; সে পিতার এবং আমারও নিয়ত প্রিয় ছিল ॥ ৪১ ॥

আমাদের পিতার মৃত্যুর পর মন্ত্ৰিগণ 'ইনি জ্যেষ্ঠ' এই বলিয়া পরম-মাননীয় বানরশ্রেষ্ঠ বালীকে রাজা করিলেন ॥ ৪২ ॥

রাজ্যং প্রশাসতস্তস্য পিতৃপৈতামহং মহৎ ।

অহং সৰ্বেষু কার্যেষু প্রণতঃ প্রেষ্যবৎ সদা ॥ ৪৩ ॥

মায়াবী নাম তেজস্বী পূৰ্বজো দুন্দুভেস্তু যঃ ।

তেন তস্য মহদ্ বৈরং স্ত্রীনিমিত্তং কিলভবৎ ॥ ৪৪ ॥

স তু স্পৃশ্জনে রাত্ৰৌ কিঞ্চিক্ষ্যাদ্বারমাগতঃ ।

নর্দতি স্ম স্মসংরক্কো বালিনঞ্চ সমাহ্বয়ৎ ॥ ৪৫ ॥

স তু রাত্ৰৌ মম ভ্রাতা নর্দিতং ভৈরবস্বনম্ ।

শ্রহ্মর্ষবশং প্রাপ্তো নির্জ্জগাম গুহামুখাৎ ॥ ৪৬ ॥

৪৩। টিপ্পনী। পিতৃপৈতামহম্ আৰ্ষতাত্তরপদবৃদ্ধিঃ। তিঃ। পিতৃপৈতামহং পিত্রাদি-
পরম্পরয়া ভুক্তম্। শিরোঃ। প্রেষ্যবদ্ ভূত্যবৎ সদা প্রণতঃ স্থিত ইতি শেষঃ। 'অহং সৰ্বেষু
কালেষু প্রণতঃ প্রেষ্যবৎ স্থিতঃ' ইতি পাশ্চাত্যঃ (৪।২।৩)।

৪৪। টিপ্পনী। স্ত্রীনিমিত্তং স্ত্রীকৃতং স্ত্রীমূলকমিতি যাবৎ।

৪৫। টিপ্পনী। রাত্ৰৌ স্পৃশ্জনে জনে স্পৃশ্বে সতীত্যর্থঃ। স্পৃশ্জনে স্পৃশ্বে জনো যস্মিন্
রাত্রাংশে স স্পৃশ্জনঃ, অর্দ্ধবাত্র ইত্যর্থঃ। গোঃ রাঃ। স্মসংরক্কো মহাক্রুদ্ধঃ।

৪৬। টিপ্পনী। অমর্ষবশম্ অক্ষান্তিবশং প্রাপ্য অসহনো ভূত্বত্যর্থঃ।

সে পিতৃপিতামহক্রমাগত বিশাল রাজা শাসন করিতে থাকিলে আমি
সর্বকার্যে সর্বদা ভূত্যের ন্যায় প্রণত থাকিতাম ॥ ৪৩ ॥

দুন্দুভির জ্যেষ্ঠ মায়াবী নামে যে তেজস্বী [দানব] ছিল, তাহার সহিত
বালীর স্ত্রীলোকঘটিত ভীষণ শক্রতা উৎপন্ন হয় ॥ ৪৪ ॥

[একদা] রাত্রিতে প্রাণিগণ নিদ্রিত হইলে, সে কিঞ্চিক্ষ্যার দ্বারে
আগমন করত অতিক্রুদ্ধ হইয়া গর্জন করিল ও বালীকে [যুদ্ধার্থ] আহ্বান
করিল ॥ ৪৫ ॥

আমার ভ্রাতা বালী রাত্রিকালে ভীষণস্বর গর্জন শ্রবণ করত অসহিষ্ণুতার
বশবর্তী হইয়া গুহামুখ হইতে বহির্গত হইল ॥ ৪৬ ॥

১। ক 'অহং'। ২। ঘ 'দুন্দুভেঃ পূর্বজস্য সঃ'। ৩। ঘ 'নর্দিতং'। ৪। ঘ '-বস্বয়ম্', ছ '-বস্বনঃ',
চ '-বৎ রবম্'। ৫। ও 'প্রাপ্তা'।

বার্যমাণঃ স তু স্ত্রীভিন্ময়া চ প্রযতান্না ।

অমর্ষতোহপি সংরস্তান্নির্জগামাবিচারয়ন্ ॥ ৪৭ ॥

তং বিনিধূয় নির্যাস্তমস্মান্ সর্বান্ কপীশ্বরম্ ।

অনুধাবমহং শীঘ্রং সৌহার্দমনুচিন্তয়ন্ ॥ ৪৮ ॥

স তু মে ভ্রাতরং দৃষ্ট্বা মমাদূরাদবস্থিতম্ ।

অশুরো জাতসন্ত্রাসঃ প্রহুদ্রাব ততো ভৃশম্ ॥ ৪৯ ॥

৪৭। লো-টী। অমর্ষতোহমর্ষাৎ ক্রোধাদ্ যঃ সংরস্তো যুদ্ধাবেশস্তস্মাৎ। 'সংরস্তাদি'তি পাঠে সংরক্তং সংরস্তঃ।

৪৮। লো-টী। বিনিধূয় নির্ভৎশ্চ।

৪৯। লো-টী। মম দূরাদবস্থিতং মে মম ভ্রাতরম্। 'অদূরাদি'তি বা কাচিৎকঃ পাঠঃ।

৪৭। টিপ্পনী। প্রযতান্না সংযতচিত্তেন। অমর্ষতোহক্রান্ত্যা সংরস্তাৎ ক্রোধাচ্চ। অপিঃ সমুচ্চয়ে।

৪৮। টিপ্পনী। অস্মান্ সর্বান্ বিনিধূয় নির্যাস্তং নির্গচ্ছন্তং তং বালিনমহং সৌহার্দং ভ্রাতৃসৌহার্দম্ অনুচিন্তয়ন্ শীঘ্রম্ অনুধাবম্ অনুগচ্ছম্।

৪৯। টিপ্পনী। জাতসন্ত্রাসঃ জাতঃ সন্ত্রাসো ভয়ং যশ্চ সঃ। ভৃশম্ অত্যর্গং বেগেনেত্যর্থঃ, প্রহুদ্রাব পলায়াঞ্চক্রে।

বালী প্রযতচিত্তে আমাদ্বারা ও স্ত্রীগণদ্বারা বারিত হইয়াও অসহিষ্ণুতাবশতঃ ও ক্রোধবশতঃ [কোন রূপ] বিচার না করিয়া[-ই] বহির্গত হইল ॥ ৪৭ ॥

আমি [ভ্রাতৃ-]সৌহার্দ চিন্তা করিয়া ছরায়, আমাদের সকলকে ভৎসনা করিয়া বহির্গমনোন্মুখ বানরেশ্বর বালীর অনুগমন করিলাম ॥ ৪৮ ॥

আমার অদূরে আমার ভ্রাতাকে অবস্থিত দর্শন করিয়া ভীত অশুর মায়াবী সেই স্থান হইতে বেগে পলায়ন করিল ॥ ৪৯ ॥

১। ৭ 'নস্ত স স্ত্রীভি-'। ২। ক-ছ '-স্ননঃ'। ৩। ছ-ঢ-ণ '-র্ষতোহতি-'। ৪। ঢ '-রিতঃ'। ৫। ৭ 'সর্বকপী-'। ৬। ষ-ঢ 'হরী-'। ৭। ঙ '-শ্বরঃ'। ৮। ষ-ঙ-ছ '-মতি-', ৭ '-মবি-'। ৯। ষ 'চ'। ১০। ষ-ণ 'মাঞ্চ দূর-'। ১১। ঙ '-ভূপ-'।

তং বিদ্রবস্তং সন্ত্রস্তমাৰাং দ্রুততরং গতো ।

১ প্রাকাশস্ত গতো মার্গশ্চন্দ্রেণোদয়তা তদা ॥ ৫০ ॥

৩ স তৃণৈরাবৃতং দৃষ্ট্বা ধরণ্যাং বিবরং মহৎ ।

৪ প্রবিবেশাসুরো বেগাদাৰাং ত্বাসাচ্চ বিষ্ঠিতৌ ॥ ৫১ ॥

৫ তং প্রবিষ্ঠং বিলং দৃষ্ট্বা রিপুং ক্রোধবশং গতঃ ।

৬ মাযুবাচ ততো বালী বচনং ক্ষুভিতেন্দ্রিয়ঃ ॥ ৫২ ॥

৭ ইহ হং তিষ্ঠ স্মগ্রীব বিলদ্বারি সমাহিতঃ ।

৮ যাবত্তং নিহনিষ্যামি প্রবিষ্ঠ স্তদ্বাসদম্ ॥ ৫৩ ॥

৫১। লো-টা। তদৈবাবৃতম্। 'তৃণৈরাবৃতনি'তি কাচিৎকঃ পাঠঃ। আবাস্ত আসাচ্চ
গত্বা বেষ্ঠিতৌ বেষ্ঠিতবস্তৌ। 'দ্বারমাবভ্য বিষ্ঠিতাবি'তাপি কাচিৎকঃ পাঠে—স্থিতৌ।

৫০। টিপ্পনী। বিদ্রবস্তং পলায়নানং তং লক্ষ্যকৃত্য দ্রুততরম্ অতিদ্রুতম্ আৰাং
গতো অহুগতো। উদয়তা উদয়ং প্রাপ্নুবত চন্দ্রেণ মার্গঃ প্রাকাশং প্রকাশতাং গতঃ।

৫১। টিপ্পনী। আবাস্ত আসাচ্চ তং স্থানং প্রাপ্য বিষ্ঠিতৌ স্থিতৌ।

৫২। টিপ্পনী। ক্রোধবশং গতোহতঃ ক্ষুভিতেন্দ্রিয়শ্চক্লেন্দ্রিয়ঃ।

৫৩। টিপ্পনী। সমাহিত একাগ্রঃ সন্। স্তদ্বাসদম্ অতিদুর্দম্।

পলায়নপরায়ণ সন্ত্রস্ত তাহাকে লক্ষ্য করিয়া আমরা [দুই ভ্রাতা] অতি-
দ্রুত গমন করিতে লাগিলাম। সেই সময় উদীয়মান চন্দ্রের দ্বারা পথ প্রকাশ
পাইয়াছিল ॥ ৫০ ॥

সেই অসুর ভূতলে তৃণাবৃত বিশাল [এক] গর্ভ দর্শন করিয়া [তাহাতে]
বেগে প্রবেশ কবিল; আমরাও [সেই স্থানে] আসিয়া দণ্ডায়মান হইলাম ॥ ৫১ ॥

সেই শত্রুক গর্ভে প্রবিষ্ট দেখিয়া ক্রোধের বশতাপন্ন [অতএব] চক্লেন্দ্রিয়
বালী অতঃপর আমাকে [এই] বাক্য বলিল— ॥ ৫২ ॥

স্মগ্রীব তুমি একাগ্রচিত্ত হইয়া এই গর্ভের দ্বারে অবস্থান কর, যে পর্যাস্ত
আমি [এই গর্ভে] প্রবেশ করিয়া অতিদুর্দম্ অসুরকে বধ করি ॥ ৫৩ ॥

১। ক-চ 'প্রাকাশস্ত', ও 'প্রাকাশত', গ 'প্রকাশস্ত'। ২। ও 'ততো'। ৩। গ 'সতৃণকাবৃতং'। ৪।
ক-গ 'বেষ্ঠিতৌ', ও 'বিষ্ঠিতম্'। ৫। গ 'সংপ্রবি-'। ৬। ঘ 'ষ্টবিলং'। ৭। ছ 'দ্বারি'। ৮। ঘ 'কপিঃ'।
৯। গ 'তদা'। ১০। ও 'ক্ষোভি'।

ময়া তু তদ্বচঃ শ্রুত্বা ভ্রাতৃস্তুশ্চ পরস্তুপ ।
 প্রতিষিদ্ধস্তুদানীং স প্রাবিশচৈব তদ্বিলম্ ॥ ৫৪ ॥
 তস্য প্রবিষ্টস্য বিলং সাগ্রঃ সংবৎসরো গতঃ ।
 স্থিতস্য চ মম দ্বারি স কালো ব্যত্যবর্ত্তত ॥ ৫৫ ॥
 অনিষ্পতন্তুং তং জাহ্না স্নেহাদাগতসম্ভ্রমঃ ।
 ভ্রাতরং পুরুষব্যাত্র পাপশঙ্কাহভবৎ তদা ॥ ৫৬ ॥

৫৪। লো-টী। ময়া তদা প্রতিষিদ্ধোহপি তদ্ বিলং প্রবিষ্টঃ।

৫৫। লো-টী। সাগ্রঃ কিঞ্চিদধিকঃ। যদ্বা, অগ্রপদেন প্রতিযোগিনঃ সংবৎসরশাস্ত্র-
 মুচ্যতে, অন্তত্র দর্শনাৎ। মম চ মমাপি ব্যত্যবর্ত্তত গতঃ।

৫৬। লো-টী। স্নেহাদাগতসম্ভ্রমঃ প্রাপ্তসাক্ষমঃ। পাপশঙ্কা মরণশঙ্কাহভবৎ।

৫৪। টিপ্পনী। তস্য তদ্বচঃ শ্রুত্বা ময়া স প্রতিষিদ্ধঃ গুহ্যপ্রবেশাদ্ বারিতঃ।

৫৫। টিপ্পনী। সাগ্রঃ সংবৎসবঃ কিঞ্চিদধিকঃ সংবৎসবঃ। দ্বারি স্থিতস্য মম চ
 স কালঃ সাগ্রঃ সংবৎসরো ব্যত্যবর্ত্তত অতিক্রান্তঃ। তাবৎপযাস্তুং ময়া তত্রৈব স্থিতমিত্যাশয়ঃ।
 তিঃ। সাগ্রঃ সম্পূর্ণঃ স কালঃ সংবৎসরঃ। গোঃ রুঃ।

৫৬। টিপ্পনী। অনিষ্পতন্তুং অনির্গচ্ছন্তুং। আগতসম্ভ্রমঃ প্রাপ্তোদ্বৈগঃ। পাপশঙ্কা
 অনিষ্টশঙ্কা মরণশঙ্কা বা।

হে পরস্তুপ, ভ্রাতা বালীর সেই বাক্য শ্রবণ করিয়া আমি তাহাকে [গুহ্য
 প্রবেশ করিতে] নিষেধ করিলাম; [কিন্তু] সে সেই গর্ভে প্রবেশ করিলই ॥ ৫৪ ॥

গর্ভে প্রবিষ্ট বালীর কিঞ্চিদধিক এক বৎসর গত হইল। [গর্ভের] দ্বারে
 অবস্থিত আমারও তৎপরিমাণ কাল অতীত হইল (অর্থাৎ তাবৎকাল আমি গর্ভের
 দ্বারেই অবস্থান করিলাম) ॥ ৫৫ ॥

হে পুরুষব্যাত্র, ভ্রাতা বালী বহির্গত হইতেছেন না জানিয়া আমি স্নেহবশতঃ
 উদ্বিগ্ন হইয়া পড়িলাম [এং] তখন [আমার চিত্তে ভ্রাতার সম্বন্ধে] অনিষ্টাশঙ্কা
 উপস্থিত হইল ॥ ৫৬ ॥

১। ক 'বচনং'। ২। ক 'প্রবৃত্তঃ'। ৩। ঘ-ণ 'প্রবিষ্টশ্চৈব', ঙ-চ 'সংপ্রবিষ্টশ্চ'। ৪। অতঃ পরঃ
 ঘ-ছ-ঢ-ণ-পুস্তকেষু 'স্থাপয়িত্বা তু মাং পঙ্ক্যাং প্রবিবেশ বিলং মহং' ইত্যধিকম্। ৫। ঘ 'সাগ্রঃ'। ৬। গ
 'অনিষ্টাশঙ্ক'। ৭। গ '-কল্পবঃ'। ৮। ঘ 'পাপাশঙ্কাহভবৎ', ছ 'পাপাশঙ্কাভবৎ', গ 'পাপং শঙ্কিতবাংতদা'।

अथ दीर्घस्य कालश्च विलापं तस्माद्भिनिःसृतम् ।

सफेनं रूधिरं व्यक्तं दृष्ट्वाहं व्यथितोऽभवम् ॥ ५१ ॥

नर्दतामसुराणां ध्वनिर्मे श्रोत्रमागतः ।

निरस्तश्च च संग्रामे क्रोशतो निःसृतो महान् ॥ ५८ ॥

अहं त्वपगतो वृक्षा चिह्नैस्तैर्ब्रूतं हतम् ।

पूरयित्वा शिलाभिस्तु विलं शोकसमन्वितः ।

शोकार्तश्चेत्तदकं कृत्वा किङ्किल्यामागतः सखे ॥ ५९ ॥

५१ । लो-टी । कालश्च अथ अनन्तरम् ।

५८ । लो-टी । क्रोशतश्च ध्वनिर्निःसृतः ।

५१ । टिप्पणी । दीर्घश्च कालश्च अपगमे सतीति शेषः । शिरोः ।

५८ । टिप्पणी । नर्दतां गर्जतां असुराणां संग्रामे निरस्तश्च पराभूतश्च क्रोशतो नादं कूर्कतो जनश्च च निःसृतो गुहानिर्गतः महान् ध्वनिः । 'न रतश्च च संग्रामे क्रोशतोऽपि मनो गुरुः' इति पाञ्चात्याः (४।२।१८) ।

५९ । टिप्पणी । तैश्चिह्नैर्ब्रूतं निहतं वृक्षा अहम् अपगतः तस्मात् स्थानात् प्रस्थितः ।

अतः पर दीर्घकाल अतीत हईले [एकदिन] गर्त हईते सफेन परिस्फुट रक्त बहिर्गत हईते लागिल । आमि [ताहा] देखिते पाईया व्यथित हईलाम ॥५१॥

गर्जनकारी असुरगणेर एव संग्रामे पराभूत विलापकारी व्यक्तिय [गुहा-] निःसृत महान् [चींकार] ध्वनि आमार कर्णे प्रवेश करिल ॥ ५८ ॥

सेई चिह्नसमूहेर द्वारा (अर्थात् सेई चिह्नसमूह, प्रत्यक्ष करिया) ब्रूताके विनष्ट मने करिया शोकावित आमि शिलाद्वारा गर्त आच्छादनपूर्वक [सेई स्थान हईते] प्रस्थान करिलाम ; एवं हे सखे, शोकार्त हईया उदककार्या समापनानन्तर किङ्किल्याय आगमन करिलाम ॥ ५९ ॥

१ । छ 'तस्या विनिः-' । २ । उ 'कुरि', छ-ट 'वृक्षा' । ३ । घ 'तदृष्ट्वा व्यथितो-', उ 'तदृष्ट्वा विस्मितो-', छ 'तदृष्ट्वा', ट-ण 'तं दृष्ट्वा' । ४ । छ 'रवस्तश्च' । ५ । घ 'त्व-' । ६ । घ 'व्यथितो-' । ७ । ट 'मृतम्' । ८ । घ 'उद्', उ 'श्च' ट-ण 'स्तं' । ९ । उ 'समाहितः' ।

গৃহমানস্য মে তত্ত্ব^১ যত্নতো মন্ত্রিভিঃ শ্রুতম্ ।

ততোহহং মন্ত্রিভিঃ সর্বৈৰ রাজ্যেহস্মিন্নভিষেচিতঃ ॥ ৬০ ॥

ময়ি শাসতি রাজ্যং তু ধম্মেণ রঘুনন্দন ।

আজগাম রিপুং হত্বা তং ঘোরং সোহথ বানরঃ ॥ ৬১ ॥

অভিষিক্তস্ত মাং দৃষ্ট্বা ক্রোধসংরক্তলোচনঃ ।

মদীয়ান্ মন্ত্রিণো বন্ধা পরুষং বাক্যমব্রবাৎ ॥ ৬২ ॥

নিগ্রহেহপি সমর্থস্য তস্য পাপস্য রাঘব ।

প্রাবর্তত ন মে বুদ্বিস্তদা গৌরবযন্ত্রিতা ॥ ৬৩ ॥

৬০। লো-টী। তদ্ ভ্রাতৃমরণং যত্নতো গৃহমানস্তাপি মম তস্য বাদিনঃ ।

৬৩। লো-টী। মে মম সমর্থস্য, হনুমৎসহায়কত্বাৎ ।

৬০। টিপ্পনী। গৃহমানস্য প্রচ্ছাদয়িত্বং কৃতপ্রযত্নস্য মম সকাশাদ্ যত্নতঃ শ্রুতম্ ।

৬৩। টিপ্পনী। গৌরবযন্ত্রিতা গৌরবেণ যন্ত্রিতা সঙ্কচিতা ভ্রাতৃগৌরবহেতুকসঙ্কোচ-
বিশিষ্টেত্যর্থঃ, নিগ্রহে ন প্রাবর্তত প্রবৃত্তাভূৎ ।

আমি গোপন করিবার প্রযত্ন করিলেও সেই ভ্রাতৃমরণ মন্ত্রিগণ যত্নপূর্বক আমার নিকট শ্রবণ করিলেন। অতঃপর আমি সমস্ত মন্ত্রিবৃন্দকর্তৃক এই রাজ্যে অভিষিক্ত হইলাম ॥ ৬০ ॥

অতঃপর, হে রঘুনন্দন, আমি ধম্মানুসারে রাজ্য শাসন করিতে থাকিলে বানর বালী সেই ভীষণ শত্রুকে বধ করিয়া আগমন করিল ॥ ৬১ ॥

আমাকে অভিষিক্ত দর্শন করিয়া ক্রোধরক্তনেত্র বালী মদীয় মন্ত্রিগণকে বন্ধন করত [তাহাদিগকে] পরুষ বাক্য বলিল ॥ ৬২ ॥

হে রাঘব, সেই পাপাত্মার নিগ্রহে সমর্থ হইলেও আমার বুদ্ধি তখন [তাহার প্রতি] গৌরব বশতঃ সংযত হইয়া [তাহাতে] প্রবৃত্ত হইল না ॥ ৬৩ ॥

১। ও 'নস্ত'। ২। ৭ 'ত্ব'। ৩। য 'সহ'। ৪। ক 'ঘোরং তং'। ৫। ও-হ 'স হি'।
৬। ৭ 'বিগ্র-'। ৭। ৭ '-স্তথা'। ৮। চ 'যন্ত্রণাৎ'।

১ ২ ৩
অসাস্তুরমহং তং চ যথাবদভিনন্দয়ন্ ।

৪
উচিতাশ্চাশিষস্তস্মৈ প্রযুঞ্জন্ বৈ যথাবিধি ॥ ৬৪ ॥

এবংবিধেন মানেন মানয়ামি স্ম বালিনম্ ।

৬ ৭ ৮
ন চ স প্রতিজগ্রাহ কলুষেণান্তরাত্মনা ॥ ৬৫ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিঙ্কিক্যাকাণ্ডে বৈরনিবেদনং নাম

অষ্টমঃ সর্গঃ ॥ ৮ ॥

৬৪ । লো-টী । আশিষশ্চাটুকারণ ।

৬৫ । লো-টী । মানেন পূজনেন মানয়ামি স্ম । 'মানয়ামাস' ইতি কচিৎ পাঠঃ ।
কলুষেণ পাপেন ।

৬৪ । টিপ্পনী । উচিতা আশিষঃ শুভাশংসনানি প্রযুঞ্জন্ অহং তম্ অসাস্তুরম্ ।

৬৫ । টিপ্পনী । মানয়ামি স্ম সম্মানিতমকরবম্ । কলুষেণ পাপপূর্ণেন অন্তরাত্মনা
হৃদয়েন ।

আর, আমি বিধানানুসারে যথোচিত শুভাশংসনসূচক বাক্য প্রয়োগ করত
এবং যথাযথভাবে অভিনন্দন করত তাকে সাস্তুরা প্রদান করিলাম ॥ ৬৪ ॥

আমি এবংবিধ সম্মান প্রদর্শনপূর্বক বালীকে সম্মানিত করিলাম । কিন্তু
পাপপূর্ণ অন্তঃকরণে [তাহার কিছুই] সে গ্রহণ করিল না ॥ ৬৫ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিঙ্কিক্যাকাণ্ডে বৈরবিজ্ঞাপন-নামক

অষ্টম সর্গ সমাপ্ত ॥ ৮ ॥

১। ও 'প্রশা-'। ২। চ 'তু'। ৩। ও '-বৎ প্রতি-'। ৪। ষ 'উচিতা-', ৫ 'উচিবাংশাশিষ-',
৬ 'উচিতাশ্চ ক্রিয়ান্তস্ম'। ৭। ষ 'প্রযুঞ্জানো', ৮ 'পূজয়ন্'। ৯। ৭ 'তং'। ১০। ও-চ 'তং', ছ 'তৎ'। ১১। ষ-চ
'কলুষেণা-'।

নবমঃ সর্গঃ

ততস্তং ক্রোধসংরক্তং সংরক্তাৎ সমুপাগতম্ ।

সংপ্রাসাদয়মব্যগ্রো ভ্রাতরং প্রিয়কাময়া ॥ ১ ॥

দিষ্ট্যাসি কুশলী প্রাপ্তো দিষ্ট্যাপি নিহতো রিপুঃ ।

অনাথস্য হি মে নাথস্ত্রমেকঃ কপিযুথপঃ ॥ ২ ॥

ইদং বহুশলাকন্তে পূর্ণচন্দ্রনিভং শুভম্ ।

ছত্রং সবাণব্যজনং প্রতীচ্ছ ত্বং ময়োদ্যতম্ ॥ ৩ ॥

ত্বমেব রাজা লোকানাং তব চাক্ষাকরা বয়ম্ ।

অমাতৈর্বিবিন্যুক্তোহহং রাজ্যে নাহ্নেচ্ছয়া বিভো ॥ ৪ ॥

১। লো-টী। অব্যগ্রোহনাকুলঃ।

৩। লো-টী। বহুশলাকঃ শলাকা রত্নাদিময়চ্ছত্রাদিশলাকা যত্র তৎ। রত্নধচিত্ত্বর্ণ-
রজতয়োঃ পূর্ণচন্দ্রাকৃতিঃ শলাকা ইতি বা। সবাণব্যজনং সচানরং ময়া উদ্যতমানীতম্।

১। টিপ্লনী। সংরক্তাৎ কোপাবেশাৎ। সংপ্রাসাদয়ং প্রসাদয়িতুং প্রবৃত্তোহভবম্।

৩। টিপ্লনী। ময়া উদ্যতম্ অর্পিতং বহুশলাকং বহুশলাকায়ুক্তং শুভং সুন্দরং সবাণ-
ব্যজনং চামরসহিতং ছত্রং প্রতীচ্ছ স্বীকুরু।

৪। টিপ্লনী। লোকানাং বানরাণামিত্যর্থঃ। রাজ্যোহহম্ অমাতৈর্বিবিন্যুক্ত আসম্।

অতঃপর, ক্রোধভরে সমুপস্থিত ক্রোধে রক্তবর্ণ, ভ্রাতা বালীকে [তাহার]
প্রিয়কামনায় অব্যাকুলচিত্ত আমি প্রসন্ন করিতে প্রবৃত্ত হইলাম— ॥ ১ ॥

[হে ভ্রাতঃ,] ভাগ্যে কুশলসম্পন্ন তুমি আগমন করিয়াছ, ভাগ্যে শত্রুও
নিহত হইয়াছে। বানরযুথপতি তুমি অশরণ আমার একমাত্র শরণ ॥ ২ ॥

এই তোমার সচামর, বহুশলাকাসম্বিত, পূর্ণচন্দ্রতুল্য সুন্দর ছত্র আমি প্রদান
করিতেছি, তুমি গ্রহণ কর ॥ ৩ ॥

১। ট 'পকথং সম্'। ২। ক '-স্তসম্', ব ও '-স্তং স-'। ৩। ঘ-ণ 'অহং প্রসাদয়াক্রো', ছ '-সংপ্রসা-'।
৪। ঙ '-গ্রঃ'। ৫। ও-ছ-ট-ণ '-ষ্টা চ'। ৬। ছ-ট '-ষ্টা চ'। ৭। চ 'নাথস্ত্রমেকশ্চ'। ৮। ঘ '-কুঞ্জরঃ'।
৯। ণ 'যুথম্'। ১০। ও '-ত্রক বাল-'। ১১। ঘ '-চ্ছ ময়োদিতম্'। ১২। ণ '-বাহুস্তব'। ১৩। ঘ
,তবৈবাজা-'। ১৪। ণ '-স্তোহস্মি'।

শ্রাসভূতমিদং রাজ্যং তব নির্যাতয়াম্যহম্ ।

মা চ রোষং কৃথা বীর মম শক্রনিসূদন ।

যাচে ত্বাং শিরসা রাজন্ ময়া বন্ধোহয়মঞ্জলিঃ ॥ ৫ ॥

বলাদশ্বিন্ সমাগম্য মন্ত্রিভিঃ পুরবাসিভিঃ ।

রাজ্যভারে নিযুক্তোহস্মি রাজ্যায় ন হি মে স্পৃহা ।

অনিচ্ছন্নপি বিক্রোশংস্বয়া হীনে পুরেহনঘ ॥ ৬ ॥

৬। লো-টী। সমাগম্য মিলিত্বা অশ্বিন্ রাজ্যভাবে অনিচ্ছন্নপি বিক্রোশন্নপি উচ্চৈর্নিযুক্তোহস্মি ।

৫। টিপ্পনী। শ্রাসভূতং শ্রাসরূপেণ ময়ি বর্তমানম্ ।

৬। টিপ্পনী। ত্বয়া হীনে পুবে মন্ত্রিভিঃ পুরবাসিভিঃ সমাগম্য মিলিত্বা অনিচ্ছন্নপি রাজ্যগ্রহণে নিবভিলাষোহপি বিক্রোশন্নপি ত্বদিযোগেন বিকদন্নপি অহং বলাৎ অশ্বিন্ রাজ্যভারে নিযুক্তোহস্মি । বস্তুগত্যা রাজ্যায় মম স্পৃহা নাশ্চ ।

তুমিই সর্বলোকের (বানরসমূহের) রাজা এবং আমরা তোমার আত্ম-পালনকারী। হে প্রভো, অমাত্যগণকর্তৃক আমি রাজ্যে নিযুক্ত হইয়াছি, স্বেচ্ছায় নহে ॥ ৪ ॥

[আমার নিকট] গচ্ছিতরূপে বর্তমান এই রাজ্য আমি তোমাকে প্রত্যর্পণ করিতেছি। আমি এই অঞ্জলিবন্ধন করিতেছি; হে রাজন্, অবনতমস্তকে তোমার নিকট প্রার্থনা করিতেছি, হে শক্রনিসূদন, হে বীর, তুমি আমার প্রতি ক্রোধ করিও না ॥ ৫ ॥

হে নিষ্পাপ, আমি [রাজ্যগ্রহণে] অনিচ্ছুক হইলেও, [তোমার বিয়োগে] রোদন করিতে থাকিলেও তোমার দ্বারা পবিত্রকৃত পুরে পুরবাসিগণ ও মন্ত্রিগণ মিলিত হইয়া [আমাকে] বলপূর্বক এই রাজ্যভারে নিযুক্ত করিয়াছে। [বস্তুতঃ] রাজ্যের জন্ত আমার স্পৃহা নাই ॥ ৬ ॥

১। ক-ঘ-ঙ-চ 'বিজ্ঞাপয়াম্যহম্'। ২। চ 'বিনা-'। ৩। ঘ-ঙ '-দস্মি'। ৪। চ '-গত্যা'। ৫। ঙ-ছ '-জ্ঞাবে'।

৬। ৭ 'পুরানঘ'।

তমেবং ভাষমাণস্তু স মাং নির্ভৎস্ব বানরঃ ।

ধিক্কৃত্য পরুষং বাক্যং বহু ততছুবাচ হ ॥ ৭ ॥

প্রকৃतीস্তু সমানাঘ্য তদা স প্লবগেশ্বরঃ ।

মামাহ সূহৃদাং মধ্যে বাক্যমেতৎ সূদারুণম্ ॥ ৮ ॥

বিদিতং বো যথা রাত্রৌ মায়াবী স মহাসুরঃ ।

সমাহ্বয়তি মাং নিত্যং যুদ্ধাকাঙ্ক্ষী মহোদ্ধতঃ ॥ ৯ ॥

তস্মাতিগর্জিতং শ্রুত্বা নিঃসৃতোহস্মি গুহামুখাৎ ।

অনুঘাতশ্চ মাং তূর্ণময়ং ভ্রাতৃমুখো রিপুঃ ॥ ১০ ॥

৯। লো-টী। বিদিতং জায়তে। সমাহ্বয়তি। 'সমাহ্বয়তে' ইতি কচিৎ পাঠঃ।

১০। লো-টী। ভ্রাতৃমুখঃ ভ্রাতুরিব মুখং ভ্রাতরমনু নিঃসরণং যশ্চ সঃ মামনুঘাতঃ, বস্তুতস্ত্ব রিপুঃ। যদ্বা, ভ্রাতৃমম পশ্চাৎ মাতৃকদবাৎ মুখং নিঃসরণং যশ্চ সঃ সহজাত ইত্যর্থঃ। যদ্বা, ভ্রাতৃতেতি মুখে যশ্চ সঃ।

৭। টিপ্লনী। তত্বৎ নানাবিধমিত্যর্থঃ। পরুষবাক্যমশ্লীলতয়া বিশিষ্ট্য নোক্তম্।

৮। টিপ্লনী। প্রকৃতীঃ প্রজাঃ সমানাঘ্য সমানীতাঃ কৃত্বা। সূহৃদাং মধ্যে মাম্ উদ্दिशु प्रकृतिपुञ्जमाह।

৯। টিপ্লনী। নিত্যং যুদ্ধাকাঙ্ক্ষী স মহাসুরঃ মাং যথা বৎ সমাহ্বয়তি সমাহ্বয়ত তদ্ বো বিদিতং যুস্মাভিজর্জায়তে এব।

তাহাকে এইরূপ বলিতে লাগিলে সেই বানর আমাকে ভৎসনা করিয়া [এবং] ধিক্কার দিয়া নানা প্রকার বহু কঠোর বাক্য বলিল ॥ ৭ ॥

সেই বানরাধিপতি তখন প্রজাপুঞ্জ আনাটীয়া বন্ধুগণের মধ্যে আমাকে লক্ষ্য করিয়া সূদারুণ বাক্য বলিল—॥ ৮ ॥

[সে বলিল] তোমরা জান যে সর্বদা যুদ্ধাকাঙ্ক্ষী সেই অত্যাধত মহাসুর মায়াবী রাত্রিতে আমাকে যুদ্ধে আহ্বান করে ॥ ৯ ॥

১। ছ '-দৈবং'। ২। ৭ 'বহুশস্ত্ব'। ৩। ছ '-নীয়', ৭ '-সাত্ত'। ৪। ঘ '-স্বনঃ'। ৫। ৭ '-হুয়ত'। ৬। ঘ-ট 'মহাবলঃ', ৬-ছ-৭ 'মহাসুরঃ'। ৭। ঘ 'তস্মা-তদ্ গর্জনং', ৬-ছ 'তস্মাহং গ-', ৮ 'তস্মাভিগ-'। ৮। ছ '-তত্ব'। ৯। ঘ 'পশ্চাদ-', ছ 'তূর্ণং মম'।

স তু দৃষ্টৈব মাং রাত্রৌ সন্ধিতীয়ং মহাবলঃ ।

প্রাদ্রবৎ পরমত্রস্তঃ পৃষ্ঠতো নাবলোকয়ন্ ॥ ১১ ॥

বিদ্রবন্তঃ তথা তন্তু নিশম্য ভূবি দানবম্ ।

অবোচং সহস্রগ্রীবস্তিষ্ঠ তিষ্ঠেত্যমর্ষিতঃ ॥ ১২ ॥

স তু দ্বাদশমাত্রাণি যোজনানি প্রধাবিতঃ ।

ততো ধরণ্যাং বিবরং প্রবিবেশ ভয়র্দিতঃ ॥ ১৩ ॥

১১। লো-টী। দ্বিতীয়েন স্ত্রীবেণ সহিতম্।

১২। লো-টী। ভূবি স্বস্থানে বিদ্রবন্তঃ নিশম্য জ্ঞাত্ব। 'ভূঃ স্থানমাত্রে কথিত্বা ধরণ্যামপি যোমিতি' ইতি কোষঃ।

১৩। লো-টী। প্রধাবিতো গতঃ।

১০। টিপ্পনী। অতিগর্জিতং ভীষণগর্জনম্। অয়ং ভ্রাতৃমুখঃ ভ্রাতৃমুখমিব মুখং যন্ত সঃ ভ্রাতৃবৎ পরিদৃশমানঃ ভ্রাতৃরূপীতি যাবৎ, ত্রিপুস্তূর্ণম্ অবিলম্বমেব মাম্ অনুযাতঃ।

১১। টিপ্পনী। সন্ধিতীয়ং দ্বিতীয়সহিতং ভ্রাত্ৰা সমহায়মিতার্থঃ। প্রাদ্রবৎ পলায়ত।

১২। টিপ্পনী। ভূবি ভূপৃষ্ঠে তং দানবং বিদ্রবন্তং পলায়মানং নিশম্য দৃষ্ট্বা অমর্ষিতঃ ক্রুদ্ধঃ সন্ তিষ্ঠ তিষ্ঠেত্যমোচম্।

১৩। টিপ্পনী। দ্বাদশমাত্রাণি যোজনানি দ্বাদশযোজনানীতার্থঃ। ততঃ প্রধাবনানন্তরং ভয়র্দিতো ভয়র্দিতঃ সন্ ধরণ্যাং বিবরং পৃথিবীস্থমেকং গর্ভমিতার্থঃ, প্রবিবেশ।

তাহার ভীষণ গর্জন শ্রবণ করিয়া আমি গুহামুখ হইতে বহির্গত হইলাম এবং এই [আমার] ভ্রাতৃমুখ (ভ্রাতার মুখের গায় মুখ যাহার অর্থাৎ ভ্রাতৃরূপী) শত্রু অবিলম্বে আমার অনুগমন করিল ॥ ১০ ॥

রাত্রিতে আমাকে দ্বিতীয় ব্যক্তির (স্ত্রীবেণ) সহিত [আগমন করিতে] দেখিয়াই অত্যন্ত ভীত সেই মহাবল [অসুর] কিন্তু পশ্চাৎদিকে দৃষ্টিপাত না করিয়া পলায়ন করিতে আরম্ভ করিল ॥ ১১ ॥

সেইরূপে সেই দানবকে ভূপৃষ্ঠে পলায়নপরায়ণ দর্শন করিয়া স্ত্রীবেণসম্বিত আমি ক্রুদ্ধ হইয়া বলিলাম—দাঁড়াও দাঁড়াও ॥ ১২ ॥

১। ও 'চ'। ২। গ '-য়ৎ'। ৩। ছ 'নিশাম'। ৪। ঘ '-চমহঃ', ছ '-চমিহ'। ৫। ঘ '-বঃ তিষ্ঠ', ছ '-ব তিষ্ঠ'। ৬। ঘ '-গ্যা'। ৭। গ 'ভয়র্দিতঃ'।

তন্তু দৃষ্ট্ৱা বিলপ্রাপ্তং সপত্নং নিত্যশোহহিতম্ ।

অয়মুক্তোহধমো ভ্রাতা শুচিনা ক্রুরদর্শনঃ ॥ ১৪ ॥

অ-হত্না নাস্তি মে বুদ্ধিঃ প্রতিগন্তুমিতঃ পুরীম্ ।

বিলদ্বারি প্রতীক্ষ্ষেতু্যক্ত এষ ময়া তদা ॥ ১৫ ॥

স্থিতোহয়মিতি মত্নাহং প্রবিষ্টস্তদ্ বিলং মহৎ ।

দ্বারং মে মার্গমাণস্য সাগ্রঃ সংবৎসরো গতঃ ॥ ১৬ ॥

১৪। লো-টী। সপত্নং শত্রুং। নিত্যশোহহিতম্ অপকারিণম্।

১৬। লো-টী। দ্বারং যেন দ্বারেণ অসুরো বিলমধ্যং প্রবিষ্টস্তদ্ দ্বারম্।

১৪। টিপ্পনী। নিত্যশঃ সর্বদা অহিতম্ অহিতকারিণং তং সপত্নং শত্রুং বিলপ্রাপ্তং গর্তপ্রবিষ্টং দৃষ্ট্ৱা শুচিনা শুদ্ধচিত্তেন ময়া অয়মধমো ভ্রাতা উক্তঃ বক্ষ্যমাণমিতি শেষঃ।

১৫। টিপ্পনী। অহত্না শত্রুবধম্ অকৃত্বা।

১৬। টিপ্পনী। স্থিতঃ বিলদ্বারীতি শেষঃ। বিলমধ্যস্থপুৰ্ণা দ্বারম্ অবতরণস্য দ্বারং বা মার্গমাণস্য অশ্বেষমাণস্য 'মার্গমাণ ইতি চানশী'তি মাধবঃ, মম সাগ্রঃ সংবৎসরঃ বৎসরাধিকঃ কাল ইত্যর্থঃ, গতঃ।

সে কিন্তু দ্বাদশ যোজন দ্রুত গমনপূর্বক অতঃ পর ভয়পীড়িত হইয়া পৃথিবীস্থ [এক] গর্তে প্রবেশ করিল ॥ ১৩ ॥

সর্বদা অহিতকারী সেই শত্রুকে গর্তে প্রবিষ্ট দেখিয়া শুদ্ধচিত্ত (সন্দেহ-রহিত) আমি এই ক্রুরদর্শন অধম ভ্রাতাকে বলিলাম— ॥ ১৪ ॥

‘[শত্রু] বধ না করিয়া এই স্থান হইতে নগরে প্রতিগমন করিতে আমার বুদ্ধি হইতেছে না। তুমি গর্তের দ্বারে অপেক্ষা কর,’ ইহাকে এই কথা বলিয়া-ছিলাম ॥ ১৫ ॥

সুগ্রীব [গর্তের দ্বারে] অবস্থিত রহিল ইহা মনে করিয়া আমি সেই বিশাল গর্তে প্রবিষ্ট হইলাম। [সেই বিলমধ্যবর্তী পুরীর] দ্বার অন্বেষণ করিতে করিতে আমার কিঙ্কিদধিক একবৎসর কাল অতীত হইল ॥ ১৬ ॥

১। ৬-হ 'ভয়র্ভং'। ২। ৪ '-মোহিতম্'। ৩। ৬ '-ক্লে ময়া'। ৪। ৬ 'শুচিরাৎ'। ৫। ৬ '-মতঃ'। ৬। ৬ '-কার্ণমুক্ত', ৮ '-ক্ষয় যাবদাগমনং মম'। ৭। ৬ 'তদা ময়া'। ৮। অতঃ পরং ৮-পুস্তকে 'প্রবিষ্টো যত্র দ্রষ্টায়া হুন্মুভেঃ পূর্বজন্ত যঃ' ইত্যধিকম্। ৯। ৮ '-রক'।

স তু দৃষ্টো ময়া শক্রনির্বেদাদুয়াবহঃ ।

নিহতশ্চ ময়া সত্বঃ সোহসুরো বন্ধুভিঃ সহ ॥ ১৭ ॥

তস্মাশ্চাৎ তু প্রবৃত্তেন রুধিরৌষণে তদ্ বিলম্ ।

পূর্ণমাসীদু রাক্রামঃ স্তনতস্তস্ম ভূতলে ॥ ১৮ ॥

মায়াবিনঃ সুদয়িত্বা তং শক্রং হুন্দুভিপ্রিয়ম্ ।

নিষ্ক্রামন্নেব চাপশ্চং বিলম্বাপিহিতং মুখম্ ॥ ১৯ ॥

১৭। লো-টী। অনির্বেদাদ্ এতাবস্তং কালং প্রাপ্য বৈরাগ্যাভাবাৎ ।

১৮। লো-টী। তস্ম ভূতলে তশ্চৈব স্থানে স্তনতো বিপরীতশব্দং কুর্ষতস্তস্ম পূর্ণম্ (?) ।
হুরাক্রমং হুর্গমম্ । 'স্তনতঃ' ইত্যপি কচিৎ পাঠঃ ।

১৯। লো-টী। হুন্দুভিপ্রিয়ং ভ্রাতরম্ । পিহিতম্ আচ্ছাদিতম্ ।

১৭। টিপনী। অনির্বেদাৎ সংবৎসরাধিককালান্বেষণেহপি অপ্রাপ্তবৈরাগ্যাভাৎ ময়া শক্রদৃষ্টঃ । অনির্বেদাৎ সংবৎসরম্বেষণাদ্ অনিবৃত্তেহেতোঃ । শিরোঃ । অনির্বেদাদ্ অক্লেশাৎ । গোঃ রাঃ ।

১৮। টিপনী। ভূতলে ভুবস্তলে পাতালে স্তনতঃ শব্দং কুর্ষতস্তস্মাশ্চাৎ প্রবৃত্তেন রুধিরৌষণে পূর্ণং তদ্বিলং হুরাক্রামম্ আসীৎ । তিঃ । ভূতলে ভূবিবরে স্তনতো গর্জতস্তস্ম তৎ পূর্কৌক্তং তস্ম বিলং রুধিরৌষণে পূর্ণং সদ্ হুরাক্রামমাসীদিতি যোক্তনা । গোঃ রাঃ । নিহতমায়াবিন আস্তাদ্ মুখাৎ প্রবৃত্তেন রুধিরৌষণে হুরাক্রামং তদ্বিলং পূর্ণমাসীৎ । শিরোঃ ।

[সংবৎসর অন্বেষণ করিয়াও] বিরক্তি না হওয়ায় [অবশেষে] আমি সেই ভীষণ শত্রুকে দেখিতে পাইলাম এবং সেই অসুরকে তৎক্ষণাৎ সবাক্কেবে নিহত করিলাম ॥ ১৭ ॥

পাতালে গর্জনকারী তাহার মুখ হইতে বহির্গত রুধিরসমূহে পূর্ণ সেই গর্ভ হুরতিক্রমণীয় হইল ॥ ১৮ ॥

১। ঘ 'চ' । ২। ও '-দো ভয়া-' । ৩। চ 'হুন্দুভির্গহান্' । ৪। ক-ঘ '-ক্লেশং', ৫ '-ক্রান্তং', ৬ '-ক্রামন' । ৭। ঘ 'স্তনত-', ৮ 'পতত-' । ৯। ঘ-চ-ণ '-ভেঃ প্রিয়ম্', ১০ '-ভেঃ স্তনম্' । ১১। ঘ '-নিষ্ক্র-' । ১২। ৭ '-সং নৈব' । ১৩। ও-ই-চ '-স্ত পিহি-' ।

বিক্রোশতোহপি হি মম সূত্রীবেতি পুনঃ পুনঃ ।

যদা প্রতিবচো নাস্তি মনু্যমানভবং তদা ॥ ২০ ॥

পাদপ্রহারৈশ্চ ময়া বহুশস্তদ্ বিদারিতম্ ।

ততোহহং তেন নিষ্ক্রম্য যথাগতমিহাগতঃ ॥ ২১ ॥

তদেতেনাস্মি সংক্রুদ্ধো রাজ্যং প্রার্থয়তা তদা ।

সূত্রীবেণ নৃশংসেন বিস্মৃত্য ভ্রাতৃসৌহৃদম্ ॥ ২২ ॥

২০। লো-টী। প্রতিবচঃ প্রত্যুত্তরম্ ।

২১। লো-টী। তদ্ বিলাচ্ছাদকং দ্রবাম্, বহুশো বহু, বহুশঃ পাদপ্রহারৈর্কী। তেন বিদারিতেন দ্বারেণ ।

২২। লো-টী। তত্র বিলদ্বারি। তদা তস্মিন্ কালে তেন বিলাচ্ছাদনকর্মণা সূত্রীবেণ সংক্রুদ্ধঃ ক্রোধবিষয়ীকৃতঃ ।

১৯। টিপ্পনী। ছন্দুভেঃ প্রিয়ং তং শত্রুং মায়াবিনং সৃদয়িত্বা বিনাশ্ত নিষ্ক্রামন্ বিলাদ্ নির্গচ্ছন্নেব বিলস্ত মুখম্ অপিহিতম্ আচ্ছাদিতমপশ্যম্ ।

২০। টিপ্পনী। বিক্রোশত আহ্বয়তোহপি মম যদা প্রতিবচঃ প্রত্যুত্তরং নাস্তি নাসীং তদাহং মনু্যমান্ ক্রোধসম্পন্নঃ অভবম্ ।

২১। টিপ্পনী। বহুশো বারংবারং পাদপ্রহারৈশ্চ ময়া তদ্ গর্তমুখং বিদারিতং সরস্ক্রী-কৃতম্। তেন স্বপাদপ্রহারকৃতরক্রেণ নিষ্ক্রম্য নির্গত্য। যথাগতং গমনমার্গানুসারেণেত্যর্থঃ, ইহ আগতোহস্মি ।

ছন্দুভির প্রিয় [ভ্রাতা], [আমার] শত্রু সেই মায়াবীকে বধ করিয়া [গর্ত হইতে] বহির্গত হইবার কালে দেখিলাম—গর্তের মুখ বন্ধ ॥ ১৯ ॥

সূত্রীব [সূত্রীব] বলিয়া বার বার চীৎকার করিতে থাকিলেও যখন আমার কোন প্রত্যুত্তর মিলিল না, তখন আমি ক্রোধাবিষ্ট হইলাম ॥ ২০ ॥

আমি বারংবার পাদপ্রহার করিয়া গর্তমুখ বিদারিত করিলাম। অতঃপর

১। ঘ '-শমানস্ত চ মে'। ২। চ 'স্বমহৎ'। ৩। ঘ 'মনু্যর্শমাভবত্তদা', ছ 'মনু্যর্শ্মে চাভবত্তদা', চ 'মনু্যমানভবত্তদা'। ৪। ও 'তদ্বিলং প্রবিদারিতম্'। ৫। চ '-স্ত'। ৬। চ 'বিক্রম্য'। ৭। ক 'তত্র তেনাস্মি'। ৮। ঘ-চ '-ক্রুদ্ধো'। ৯। চ '-তাপি চ'। ১০। গ '-তং'। ১১। ও '-সৌহৃদম্'।

এবমুক্তা তু মাং তত্র বস্ত্রৈণৈকেন বানরঃ ।

তদা নিজ্জাময়ামাস বালী বিগতসাধ্বসঃ ॥ ২৩ ॥

ইখং তেনাস্মি নিকৃতো বহুশো রঘুনন্দন ।

হৃতদারো হৃতশ্রীকো লূনপক্ষ ইব দ্বিজঃ ॥ ২৪ ॥

মদ্বধে কৃতবুদ্ধিশ্চ বিনিঃসৃত্য গুহামুখাৎ ।

ত্রাসয়ামাস মাং বালী বৃক্ষমুচ্যম্য দারুণাম্ ॥ ২৫ ॥

২৩। লো-টা। বস্ত্রৈণৈকেন বিশিষ্টম্।

২২। টিপ্লনী। রাজ্যং প্রার্থয়তা অভিলষতা এতেন সুগ্রীবোহং তদা সংরুদ্ধঃ অস্মি আসম্।

২৩। টিপ্লনী। বিগতসাধ্বসস্ত্যক্তভয়ো বালী একেন বস্ত্রৈণ যুক্তং মাং রাজ্যাদ্ নিজ্জাময়া-
মাস নির্কাসয়ামাস। একেন বস্ত্রৈণেতি অন্তঃ সর্কঃ মন হৃদয়েত্যর্থঃ। তিঃ।

২৪। টিপ্লনী। তেন অহং বহুশ আতান্তিকভাবেন নিকৃতো বঞ্চিতঃ অস্মি আসম্।
অধুনাহং হৃতদারঃ হৃতশ্রীকো হৃতসম্পচ্চ সন্ লূনপক্ষশ্চিন্নপক্ষঃ দ্বিজো বিহঙ্গ ইব বর্তে।

২৫। টিপ্লনী। কৃতবুদ্ধিঃ কৃতনিশ্চয়ঃ। উচ্যমা উত্তোলায়।

আমি [পাদপ্রহারোৎপন্ন] সেই রুদ্ধে নিজ্জাস্ত হইয়া যে পথে গমন করিয়াছিলাম
সেই পথে এই স্থানে আগমন করিয়াছি ॥ ২১ ॥

রাজ্যলোলুপ সেই এই নৃশংস সুগ্রীব ভ্রাতৃসৌহৃদ্ব বিষ্মৃত হইয়া তখন
আমাকে অবরুদ্ধ করিয়াছিল ॥ ২২ ॥

সভামধ্যে এইরূপ বলিয়া বিগতভয় বানর বালী আমাকে একবস্ত্রে তৎক্ষণাৎ
[রাজ্য হইতে] বহিষ্কৃত করিয়া দিল ॥ ২৩ ॥

হে রঘুনন্দন, আমি এইরূপে তৎকর্তৃক একান্তভাবে বঞ্চিত হইয়াছি;
[এক্ষণে] হৃতদার হৃতসম্পৎ আমি ছিন্নপক্ষ বিহঙ্গের ন্যায় হইয়াছি ॥ ২৪ ॥

আমার বধে কৃতনিশ্চয় বালী গুহামুখ হইতে বহির্গত হইয়া ভীষণ বৃক্ষ
উত্তোলিত করত আমাকে ভয় দেখাইত ॥ ২৫ ॥

১। ক 'ভতো', ঘ 'নিজ্জাময়ামাস তদা'। ২। চ 'নিজ্জাস্তো', গ 'বিকৃতো'। ৩। ঘ 'হত'। ৪। হ-চ-শ
'ভাসয়ামাস'। ৫। হ 'নৃশংস'।

তদভয়াচ্চ ময়া সৰ্ব্বা পৃথিবী সাগরাস্বরা ।

পৰ্বতৈশ্চ সমাকীর্ণা চরিতা রঘুনন্দন ॥ ২৬ ॥

১ ততোহহমেতং ২ শৈলেন্দ্রমৃগ্যমুকমুপাগতঃ ।

৩ কারণাস্তুরাদুর্ধ্বঃ শৈলং বালী ব্যবর্জয়ৎ ॥ ২৭ ॥

এতত্তে সৰ্বমাখ্যাং বৈরশ্চাগমনং মহৎ ।

অনাগসা ময়া প্রাপ্তঃ পশু রাঘব সংশয়ঃ ॥ ২৮ ॥

২৬। লো-টী। সাগরোহস্বরং বেষ্টনরূপং যশ্চাঃ সা চরিতা ভ্রাস্তা ।

২৭। লো-টী। কারণাস্তুরাৎ কারণবিশেষাৎ। 'কারণাদ্ যেনে'তি পাঠে কারণাদ্ ঋগ্যমুকমুপাগতঃ, যেন কারণেন ।

২৮। লো-টী। 'প্রাপ্তঃ পশু রাঘব সংশয়ঃ' ইত্যত্র বাক্যার্থঃ কৰ্ম্ম । 'প্রাপ্তঃ পশু রাঘব সংশয়ম্' ইতি বা পাঠঃ ।

২৬। টিপ্পনী। সাগরাস্বরা সাগরৈবেষ্টিতা পৰ্বতৈশ্চ সমাকীর্ণা পৃথিবী ময়া চরিতা বিচরিতা ।

২৭। টিপ্পনী। কারণাস্তুরাদ্ মতঙ্গশাপরূপকারণবিশেষাৎ। 'প্রবিষ্টোহস্মি দুর্ধ্বঃ বালিনঃ কারণাস্তুরে' ইতি পাশ্চাত্ত্যাঃ (৪।১০।২৮) ।

২৮। টিপ্পনী। বৈরশ্চ শক্রতয়া আগমনং কারণম্। অনাগসা অপরাধরহিতেন ময়া সংশয়ঃ মরিষ্যামি ভবিষ্যামি বেতি সন্দেহঃ প্রাপ্তঃ, ইতি পশু ।

হে রঘুনন্দন, তাহার ভয়ে আমি সাগরাস্বরা (সাগরবেষ্টিতা) পৰ্বত-সমাকীর্ণা সমগ্রা পৃথিবী পরিভ্রমণ করিয়াছি ॥ ২৬ ॥

অতঃপর আমি, শৈলশ্রেষ্ঠ ঋগ্যমুকে উপস্থিত হইয়াছি। দুর্ধ্ব বালী কারণবিশেষে (অর্থাৎ মতঙ্গশাপে) [এই] পৰ্বত বর্জন করিয়াছে ॥ ২৭ ॥

এই [আমি] তোমার নিকট শক্রতা হওয়ার বিস্তৃত কারণ বলিলাম। হে রাঘব, দেখ, নিরপরাধ আমি [জীবন-] সংশয় প্রাপ্ত হইয়াছি ॥ ২৮ ॥

১। অশু শ্লোকশু স্থানে ৭-পুস্তকে 'ঋগ্যমুকং গিরিবরং ভাৰ্ঘ্যাহরণকৰ্বিতঃ। প্রবিষ্টোহস্মি দুর্ধ্বঃ বালিনঃ কারণাস্তুরে।' ইতি পাঠঃ। ২। খ '-তচ্'। ৩। ঙ '-কং সমা-'। ৪। ঘ 'কারণার্থেন দুর্ধ্বঃ', ৫ 'কারণাস্তু-হ-দুর্ধ্বঃ', ৬ 'কারণাস্তুরদুর্ধ্বঃ'। ৭। চ '-সর্জত'। ৮। ঙ-চ-ণ 'প্রাপ্তঃ'। ৯। ঙ-ণ 'ব্যসনং পশু রাঘব'। ১০। চ '-ব'।

১
 বালিত্রাসাদিহাৰ্ত্তশ্চ কৃচ্ছ্ৰাণশ্চ রাঘব ।
 ২
 কৰ্ত্তুমৰ্হসি মে বীর প্রসাদং তশ্চ নিগ্রহে ॥ ২৯ ॥
 ৩
 এবমুক্তঃ স তেজস্বী স্ত্রীবেণ পরস্তপঃ ।
 ৪
 আশ্বাসয়িতুমারেভে স্ত্রীবেং রঘুনন্দনঃ ॥ ৩০ ॥
 ৫
 অমোঘাঃ সূর্য্যসঙ্কশা মমৈতে নিশিতাঃ শরাঃ ।
 ৬
 তস্মিন্ বালিনি স্ত্রীবে পতিশ্চিন্তি ময়েরিতাঃ ॥ ৩১ ॥
 ৭
 যাবত্তং নহি পশ্যেয়ং তব ভার্য্যাপহারিণম্ ।
 ৮
 তাবজ্জাবেং স দুষ্ঠাত্মা বালী চারিত্রদূষকঃ ॥ ৩২ ॥

২৯। লো-টী। জরমাণশ্চ সমুপশ্চ। 'কৃচ্ছ্ৰাণশ্চ'তাপি পাঠঃ। জবশ্চ সমুপ-
 স্থাপনয়ং নাশম্।

৩২। লো-টী। চারিত্রাং সদ্বৃত্তম্।

২৯। টিপ্পনী। কৃচ্ছ্ৰাণশ্চ কৃচ্ছ্ৰাঃ কষ্টদায়কাঃ প্রাণা জীবনং যশ্চ তশ্চ। নিগ্রহে দণ্ডবিষয়ে
 প্রসাদম্ অনুগ্রহং কৰ্ত্তুমৰ্হসি।

৩১। টিপ্পনী। অমোঘা নৈক্ষসারহিতাঃ। ময়া ঈরিতা নিক্ষিপ্তা নিশিতাস্তীক্লাঃ শরাঃ।

৩২। টিপ্পনী। চারিত্রদূষকঃ সদাচারবিলম্বী। চারিত্রদূষকো মৰ্যাদাবিঘাতকঃ। শিরোঃ।

হে বীর রাঘব, বালীর ভয়ে পীড়িত কৃচ্ছ্ৰাণ (যাহার জীবন কষ্টদায়ক ঈদৃশ)
 আমার প্রতি তুমি বালীর নিগ্রহে (দণ্ডবিষয়ে) অনুগ্রহ কর ॥ ২৯ ॥

স্ত্রীবেকর্তৃক এইরূপ অভিহিত হইয়া তেজস্বী, শক্রসমুপকারী রঘুনন্দন
 রাম স্ত্রীবেকে আশ্বাস প্রদান করিতে আরম্ভ করিলেন— ॥ ৩০ ॥

হে স্ত্রীবে, অমোঘ, সূর্য্যতুল্য [তেজস্বী], আমার এই সকল তীক্ষ্ণ বাণ
 মৎকর্তৃক নিক্ষিপ্ত হইয়া সেই বালীর উপরে পতিত হইবে ॥ ৩১ ॥

১। ৭ 'বালিনো হি ভগ্নাৰ্ত্তশ্চ সৰ্গলোকভয়াপহ'। ২। ৩ '-প্রাপ্তশ্চ'। ৩। ৩-টি 'তস্ম পাপশ্চ নিগ্রহম্'।
 ৬-৮-৮ 'জরমুপনয়ং বিভো'। ৮। ৬ '-কৃচ্ছ্ৰ'। ৯। ৭ 'ধর্মজ্ঞো ধর্মসংহিতম্'। ১০। ৭ 'বচনং বক্তুমারেভে'।
 ১। ৭ 'প্রহসন্নব'। ৮। ৬-৬ 'মমমে'। ৯। ৬-৭ 'হি ন'। ১০। ৬ 'পশ্যামি', ৮ 'পশ্যেহং'। ১১। ৬ '-য়েত'।
 ১২। ৮ 'চারিত্র'।

আত্মানুমানাজ্জানামি মগ্নং ত্বাং শোকমাগরে ।

অত্ৱ বালিনি মোক্ষ্যামি রাবণে ক্রোধমাগতম্ ॥ ৩৩ ॥

স তু তদ্বচনং শ্রুত্বা রাঘবস্তাত্মনো হিতম্ ।

সুগ্রীবঃ পরমপ্ৰীতঃ পুনর্বচনমব্রবীৎ ॥ ৩৪ ॥

আসীন্মহাসুরঃ পূর্বেং ছন্দুভিনাম রাঘব ।

বলং নাগসহস্রশ্চ ধারয়ামাস বীৰ্য্যবান্ ॥ ৩৫ ॥

৩৩। লো-টী। রাবণে মগ্ন বঃ ক্রোধ আগতস্তম্ ।

৩৩। টিপ্পনী। আত্মানুমানাৎ স্বদৃষ্টান্তানুমানরূপপ্রমাণতঃ। শিরোঃ। অয়ং শোকাঙ্কি-
মগ্নো রিপুরুতদারত্বাৎ মদ্বদিত্যানুমানম্। তিঃ। আত্মানুমানাৎ আত্মবৎ সর্ষভূতানীতি জ্ঞায়াৎ।
গোঃ রাঃ। রাবণে আগতং সমুৎপন্নং ক্রোধং বালিনি মোক্ষ্যামি তাক্ষ্যামি।

৩৪। টিপ্পনী। আত্মনঃ স্বশ্চ হিতং হিতকরং বচনং শ্রুত্বা সুগ্রীবঃ পুনরব্রবীৎ।

৩৫। টিপ্পনী। নাগা হস্তিনঃ।

১। ও '-মালোক্য'। ২। ছ '-তীখাণ্ড'। ৩। ক-পুস্তকে ইদমৰ্দ্ধং নাস্তি। ৪। য-ছ-ঢ 'কৃতাজলি'। ৫। ছ 'সহসা'। ৬। য-ঢ '-টৌ বিনমাৎ কপিকুঞ্জরঃ'। ৭। য-ঢ 'কৃতাজল-'। ৮। য-ছ 'তং দৃষ্ট্বা'। ৯। ছ 'মহাসৈ-'।

স সূত্রীং পরিষজ্য বাহুভ্যাং রঘুনন্দনঃ ।

অমাত্যাংশ্চ সমাভাষ্য নিষীদেত্যত্রবীদ্বচঃ ॥ ৪১ ॥

তং নিষঙ্গং ক্ৰিতিতলে সচিবৈঃ সহ বানরম্ ।

সূত্রীবমত্রবীদ্রামঃ প্রণয়াৎ ক্রোধবজ্জিতঃ ॥ ৪২ ॥

নিত্যং স্থিতোহর্থকৃত্যেযু নিত্যং ধর্ম্মপরায়ণঃ ।

কালে নিষেবিতা কামং স রাজা রাজ্যমর্হতি ॥ ৪৩ ॥

যস্তু ধর্ম্মার্থমুৎসৃজ্য রাজা কামপরায়ণঃ ।

বৃক্ষাগ্রে ইব স্তপ্তঃ স পতিতঃ প্রতিবুধ্যতে ॥ ৪৪ ॥

স ত্বং গ্রাম্যসুখে সন্তো ধর্ম্মমুৎসৃজ্য বানর ।

ন মৎসকাশাদন্যেভ্যঃ শীঘ্রং বধমবাপ্স্যসি ॥ ৪৫ ॥

৪৩। লো-টী। অর্থকৃত্যেষু অর্থো বিষয়ঃ রাজ্যমিত্যর্থঃ, রাজ্যকর্ম্মসু নিত্যমুজ্জিতঃ উদ্যুক্তঃ। 'নিত্যং স্থিত' ইতি বা পাঠঃ। কালে যোগো।

৪৪। লো-টী। স্তপ্তঃ শয়িতঃ।

৪৫। লো-টী। ধর্ম্মমুৎসৃজ্য গ্রাম্যসুখে সন্তোহপি ন মৎসকাশাদ্ বধমবাপ্স্যসি কিন্তু অন্তেভ্যঃ।

পরিতুষ্টে রামচন্দ্র বাহুদ্বারা সূত্রীবকে আলিঙ্গন করিয়া এবং অমাত্যগণের সহিত আলাপ করিয়া "উপবেশন কর" এই কথা বলিলেন ॥ ৪১ ॥

সূত্রীব মন্ত্রিগণের সহিত ভূমিতে উপবিষ্ট হইলে রামচন্দ্র ক্রোধ পরিত্যাগ করত প্রীতিবশে তাহাকে বলিলেন— ॥ ৪২ ॥

যে রাজা নিয়ত প্রয়োজনীয় [রাজ-] কার্যো নিযুক্ত থাকেন, যিনি নিয়ত ধর্ম্ম-পরায়ণ, যিনি উপযুক্ত সময়ে কাম-সেবা করেন, তিনিই রাজ্য পাইবার উপযুক্ত ॥ ৪৩ ॥

যে রাজা ধর্ম্ম এবং অর্থ পরিত্যাগ করিয়া সর্বদা কামসেবা করিয়া থাকেন, তিনি বৃক্ষাগ্রে নিদ্রিত বাক্তি যেরূপ পতিত হইয়া জাগরিত হয়, সেইরূপ রাজ্য-ভ্রষ্ট হইয়া প্রবুদ্ধ হন ॥ ৪৪ ॥

বানর, তুমি ধর্ম্ম পরিত্যাগ করিয়া গ্রাম্যসুখে (কামসেবায়) আসক্ত হইলেও অন্যের ঞ্চায় আমার নিকট হইতে শীঘ্র মৃত্যুদণ্ড লাভ করিবে না ॥ ৪৫ ॥

১। ও 'বিষঙ্গং'। ২। চ 'প্রণয়াৎ'। ৩। ছ 'কোপ-'। ৪। ঘ-ছ-ঢ 'নিত্যোখিতোহর্থ-'। ৫। ঘ-ঙ '-কৃত্যেষু'। ৬। চ 'নিষেবতে'। ৭। চ 'প্রাস্তপ্তঃ পতিতঃ'। ৮। চ 'গ্রাম্যসু-'।

তদেতদ্ বচনং শ্রুত্বা ত্যক্ত্বা গ্রাম্যসুখং সখে ।

মিত্রাণামুপকুর্বাণো রাজ্যং রক্ষিতুমর্হসি ॥ ৪৬ ॥

সীতায়ান্না মার্গার্থে চ কুরু যত্নমরিন্দম ।

যুগয়স্ব চ তং দেশং যস্মিন্ বসতি রাবণঃ ॥ ৪৭ ॥

তচ্ছ্রুত্বা রামবচনং সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ ।

সমাস্থস্তঃ প্রণম্যেদং রামং বচনমব্রবীৎ ॥ ৪৮ ॥

প্রনম্য শ্রীশ্চ কীর্তিশ্চ কপিরাজ্যং চ শাস্ততম্ ।

ত্বৎপ্রসাদান্নহাবাহো পুনঃ প্রাপ্তুমিদং ময়া ॥ ৪৯ ॥

তব দেবস্য ভর্তৃশ্চ পিতৃশ্চ জয়তাং বর ।

কৃতং ন প্রতিকুর্ধ্যাদ্ যঃ স ভবেৎ পুরুষাধমঃ ॥ ৫০ ॥

প্রেমিতা হরিমুখ্যাস্তু শতশঃ শত্রুকর্ষণ ।

আনয়িষ্যন্তি তে সর্কে পৃথিব্যাং সর্কবানরান্ ॥ ৫১ ॥

৫০। সো-টী। কৃতমুপকৃতং ন প্রতিকুর্ধ্যাৎ উপকারস্য প্রত্যাপকারং ন কুর্ধ্যাদিতার্থঃ।

‘শত্রুকর্ষণাঃ’ ‘শত্রুকর্ষণে’তি বা পাঠঃ।

সখে, [আমার] এই কথা শুনিয়া গ্রাম্যসুখ পরিত্যাগ করত মিত্রের উপকার করিয়া রাজ্য রক্ষা কর ॥ ৪৬ ॥

শত্রুদমনকারী সুগ্রীব, সীতাব অন্বেষণে যত্নবান্ হও এবং রাবণ যে দেশে বাস করে সেই দেশ অন্বেষণ কর ॥ ৪৭ ॥

বানররাজ সুগ্রীব রামের বাক্য শুনিয়া আশ্বস্ত হইয়া প্রণামপূর্বক তাঁহাকে এই কথা বলিল— ॥ ৪৮ ॥

মহানাহো, আমার সম্পত্তি, কীর্তি এবং শাস্ত বানররাজ্য নষ্ট হইয়াছিল ; আপনার অনুগ্রহে আমি ইহা পুনরায় প্রাপ্ত হইয়াছি ॥ ৪৯ ॥

হে বিজয়ী-শ্রেষ্ঠ, আপনি প্রভু, দেবতা ও পিতৃস্থানীণ ; যে আপনার উপকারের প্রত্যাপকার করিবে না সে অত্যন্ত অধার্মিক ॥ ৫০ ॥

শত্রুদমন, [আমি] শত শত শ্রেষ্ঠ বানরকে [চতুর্দিকে] প্রেরণ করিয়াছি, তাহারা সকলে পৃথিবীস্থ সমস্ত বানরকে আনয়ন করিবে ॥ ৫১ ॥

১। চ ‘দেবপ্রভাবস্ত ভর্তৃশ্চ’। ২। ঘ-ছ ‘উদগতা হরিমুখ্যা’, চ ‘সঙ্গতা’। ৩। ঘ-ছ-ঙ-চ ‘-খ্যাস্তে’।

৪। ঘ-ঙ ‘আনয়িষ্যন্তি হি মে রাজন্’, ছ ‘আনয়িষ্যন্তি হি যে রাজন্’, চ ‘আনয়িষ্যন্তি যে রাজন্’।

ধাক্কাংশচাপ্যানয়িষ্যন্তি গোলাঙ্গুলাংশচ রাঘব ।

কান্তারবনদুর্গাণামভিজ্ঞান্ ভীমবিক্রমান্ ॥ ৫২ ॥

দেবগন্ধর্ক্বপুত্রাংশচ বানরান্ কামরূপিণঃ ।

সৈঃ সৈঃ পরিবৃত্তান্ সৈন্তৈরানয়িষ্যন্তি বানরাঃ ॥ ৫৩ ॥

শতৈঃ শতসহস্রৈশ্চ কোটীভিরযুতৈরপি ।

প্রযুতৈশ্চাগমিষ্যন্তি শঙ্কুভিশ্চ পরন্তপ ॥ ৫৪ ॥

অর্ক্বুদৈরর্ক্বুদশতৈর্মৈথৈরনৈশ্চ বানরাঃ ।

সামুদ্রাশ্চাপরান্তাশ্চ হরয়ঃ সহ যুথৈঃ ॥ ৫৫ ॥

আগমিষ্যন্তি তে রাজন্ মহেন্দ্রসমবিক্রমাঃ ।

মেঘপর্বতসঙ্কশা বানরাঃ কামরূপিণঃ ॥ ৫৬ ॥

৫৫। লো-টা। অর্ক্বুদৈরর্ক্বুদানামি ৩র্থঃ। অপরান্তাঃ পশ্চিমদেশস্থাঃ, হরয়ঃ কপিলাঃ। ‘মৈথৈরনৈশ্চ বানরাঃ সামুদ্রৈশ্চাপরান্কেশ্চ’তি বিমলবোধপাঠে মৈথ্যমধ্যদেশস্থৈঃ অনৈশ্চ দেশপ্রান্তস্থৈঃ তৈশ্চ তৈঃ কিস্তুতৈঃ অপরান্কেঃ, দ্বিপরান্কেসংখ্যায়া অর্ক্বৈঃ। যদ্বা, চতুর্দশ স্থানাখ্যা মধ্যঃ, তৎ পঞ্চদশ অন্তঃ, তদ্বিংশতিঃ সামুদ্রঃ, তদষ্টাবিংশতিঃ পরান্কেম্। উক্তং চ “দ্বাষুতং চ ভবেৎ স্থানং মধ্যং তদভূবনৈঃ স্মৃতম্। অন্তস্তৎপঞ্চদশাখ্যাতঃ সামুদ্রস্তস্য বিংশতিঃ। অষ্টৌ চ বিংশতিস্তস্যঃ পরান্কেং কথিতং বৃধৈঃ”রিতি।

রাঘব, [তাহার] ভয়ানক বলশালী দুর্গম পথ, বন এবং দুর্গ বিষয়ে অভিজ্ঞ গোলাঙ্গুল ও ভল্লুকদিগকে আনয়ন করিবে ॥ ৫২ ॥

[সেই] বানরগণ দেবতা ও গন্ধর্ক্বদিগের ঠেরসঙ্ঘাত কামরূপী বানরদিগকে তাহাদের স্বীয় স্বীয় সৈন্তগণে পরিবেষ্টিত অবস্থায় আনয়ন করিবে ॥ ৫৩ ॥

হে শক্রতাপন, সমুদ্রবাসী এবং পশ্চিমদিগ্বাসী কপিলবর্ণ বানরগণ কেহ শত, কেহ শত সহস্র, কেহ কোটী, কেহ অযুত, কেহ প্রযুত, কেহ শঙ্কু, কেহ অর্ক্বুদ, কেহ অর্ক্বুদ-শত, কেহ মধ্য, কেহ বা অন্ত-সংখ্যক দলপতিগণে পরিবেষ্টিত হইয়া আসিবে ॥ ৫৪-৫৫ ॥

রাজন্, সেই ইন্দ্রতুল্য বিক্রমশালী মেঘ এবং পর্বততুল্য কামরূপী বানরগণ [নিশ্চয়ই] আগমন করিবে ॥ ৫৬ ॥

১। ও ‘-শ্চাপ্যানয়ি-’। ২। চ ‘সৈশ্চ সৈন্তৈঃ’। ৩। ঘ ‘অনানয়ি-’। ৪। ঘ-ঙ-ছ-চ ‘বানরান্’। ৫। ও ‘-ভিঃ প্র-’, ছ ‘-ভিশ্চাযু-’। ৬। ও ‘অযু-’। ৭। চ ‘-রাগমি-’। ৮। ঘ ‘-তৈর্মৈথ্যে হস্তে চ’। ৯। চ ‘-রনৈশ্চ’, চ ‘-রনৈশ্চ’। ১০। ছ-ঙ ‘সামুদ্রৈশ্চ পরান্কেশ্চ’।

তে ত্বামনুগমিষ্যন্তি যুদ্ধি যান্তুং সবান্ধবাঃ ।

সালতালাযুধা বীরাস্তথান্চে চ শিলাযুধাঃ ।

নিহত্য রাবণং শক্রমানয়িষ্যন্তি মৈথিলীম্ ॥ ৫৭ ॥

ততঃ সমুদ্রোগমবেক্ষ্য বীর্যবান্ হরিপ্রবীরশ্চ নিদেশবর্তিনঃ ।

বভূব হর্ষাদ্ বসুধাধিপাত্যজঃ প্রবুদ্ধনীলোৎপলতুল্যদর্শনঃ ॥ ৫৮ ॥

ইত্যর্ষে বাণ্মীকীয়ে রামায়ণে আদিকাণ্ডে কিঙ্কিকাণ্ডে সূগ্রীবনির্ঘ্যাণং

নামাষ্টাত্রিংশঃ সর্গঃ ॥ ৩৮ ॥

৫৮। লো-টী। নিদেশ আদেশ আজ্ঞা। প্রবুদ্ধং প্রস্তুটিতং যৎ নীলোৎপলং তত্তুল্যং দর্শনং যশ্চ সঃ। সূগ্রীবনির্ঘ্যাণম্।

শালবৃক্ষ ও তালবৃক্ষরূপ অস্ত্রধারী বীর বানরগণ এবং শিলারূপ অস্ত্রধারী অন্যান্য বানরগণ সবান্ধবে যুদ্ধে গমনকারী আপনার অনুগমন করিবে এবং শক্র রাবণকে বধ করিয়া মিথিলা-রাজনন্দিনী সীতাকে আনয়ন করিবে ॥ ৫৭ ॥

তার পর আজ্ঞানুবর্তী বানররাজ সূগ্রীবের উদ্রোগ দেখিয়া বসুধাধিপতি দশরথের পুত্র মহাবীর রামচন্দ্রের নেত্রদ্বয় আনন্দে বিকসিত নীলোৎপলের আয় হইল ॥ ৫৮ ॥

মহর্ষি বাণ্মীকি-প্রণীত আদিকাণ্ডে রামায়ণের কিঙ্কিকাণ্ডে সূগ্রীবের নির্গম নামক

৩৮শ সর্গ সমাপ্ত ॥ ৩৮ ॥

১। ছ 'শাল-'। ২। ঘ '-রাস্তথা চান্চে', ছ '-রাস্তথা নখ-'। ৩। ঙ '-য়িষ্যসি'। ৪। ঙ '-গং সমী-'।
৫। ছ 'প্রবু-'। ৬। ঙ-ছ '-পত্র-'।

(৩৯) উনচত্বারিংশঃ সর্গঃ

ইতি ক্রবাণং সূগ্রীবং রামো ধর্মভূতাং বরঃ ।

বাহুভ্যাং সংপরিষ্ৰজ্য ততো বচনমব্রবীৎ ॥ ১ ॥

ইন্দ্রো যদ্ বিসৃজেদ্ বর্ষং ন তচ্চিত্রং ভবেদ্বুবি ।

আদিত্যো বা সহস্রাংশুঃ কুর্যাদ্ বিতিমিরং নভঃ ॥ ২ ॥

চন্দ্রো বা বিমলং কুর্যাৎ প্রভয়া সৌম্যানির্মলঃ ।

ত্বদ্বিধো বাহপি মিত্রাণাং প্রতিকুর্যাৎ পরস্তপ ॥ ৩ ॥

এবং ত্বয়ি ন তচ্চিত্রং ভবেদ্ যৎ সৌম্য শোভনম্ ।

জানামি ত্বাং চ সূগ্রীব সততং সত্যবাদিনম্ ॥ ৪ ॥

ভ্রাতা চ ত্বং সখা চ ত্বং প্রিয়ঃ সৌম্যঃ সূহৃচ্চ মে ।

ত্বং মাং সমগ্রং সূগ্রীব বৈদেহাঃ কর্তু মর্হসি ॥ ৫ ॥

৪ । লো-টী । এবং শোভনং বাক্যং ত্বয়ি চিত্রং ন ভবেৎ । 'সৌম্যদর্শন'মিতি বা পাঠঃ ।

৫ । লো-টী । সখা উপকারাপেক্ষোপকর্তা, সৌম্যঃ স্নিগ্ধঃ, সূহৃচ্চ উপকারানপেক্ষোপ-
কর্তা চ । 'সৌম্যো'তি বা পাঠঃ । অগ্রং প্রথমং মার্গগমনেষণম্ ।

২-৫ । টিপ্পনী । ত্বদ্বিধঃ ত্বাদৃশঃ সংপুরুষঃ মিত্রাণাং প্রতিকুর্যাৎ প্রত্যুপকারং কুর্যাৎ,
ন তচ্চিত্রমিতি স্নিগ্ধঃ । শোভনং প্রত্যুপকাররূপম্ । সূহৃৎ শোভনহৃদয়ঃ । মাং মাং প্রতি ।

সূগ্রীব এইরূপ বলিতে থাকিলে ধার্মিক-শ্রেষ্ঠ রামচন্দ্র তাহাকে বাহুদ্বারা
গাঢ় আলিঙ্গন করিয়া বলিলেন— ॥ ১ ॥

হে শক্রতাপনকারি, ইন্দ্র যে পৃথিবীতে বারিবর্ষণ করেন, সহস্র-কিরণ
সূর্য্য যে আকাশমণ্ডল অন্ধকারবিহীন করেন, স্নিগ্ধ-নির্মল চন্দ্র যে জ্যোৎস্নাদ্বারা
[আকাশমণ্ডল] নির্মল করেন এবং তোমার ঞ্চায় লোক যে মিত্রের প্রত্যুপকার
করেন—ইহা আশ্চর্য্যের বিষয় নহে ; সেইরূপ হে প্রিয়দর্শন, যাহা সঙ্গত তাহা
তোমাতে আশ্চর্য্য নয় ; সূগ্রীব, আমি তোমাকে সর্বদা সত্যবাদী বলিয়া
জানি ॥ ২-৪ ॥

সূগ্রীব, তুমি আমার ভ্রাতা, তুমি আমার প্রিয় সখা, তুমি উদারচেতা, তুমিই
আমার পক্ষে সীতার সব করিতে সমর্থ ॥ ৫ ॥

১ । ও 'লক্ষণ-' । ২ । ও 'তন্ন চিত্রং' । ৩ । ছ '-বেৎ সৌম্যাৎ' । ৪ । ও '-দর্শনম্' । ৫ । ছ 'প্রিয়-' ।
৬ । ছ 'স্বক্' ।

জহারাঅবিনাশায় বৈদেহীং রাক্ষসাধমঃ ।
 সবজ্রামিব পৌলোমীমনুহ্রাদো যথা পুরা ॥ ৬ ॥
 ন চিরাৎ তং হনিয়ামি রাবণং নিশিতৈঃ শরৈঃ ।
 পৌলোম্যাঃ পিতরং দৃশ্বং পুলোমমিব বাসবঃ ॥ ৭ ॥
 এতস্মিন্নন্তরে রাজ্ঞো ঘোরং তদ বলামাঘযৌ ।
 মুঞ্চত তাং সহস্রাংশোৰ্গগনে বিপুলাং প্রভাম্ ॥ ৮ ॥
 দিশঃ পর্য্যাকুলাশ্চাসন্ রজসা তত্র সংবৃতাঃ ।
 চচাল চ মহী কৃৎস্না সশৈলবনকাননা ॥ ৯ ॥
 ততো নাগেন্দ্রসংকায়ৈরাপতন্তিমহাবলৈঃ ।
 কৃৎস্না সংচ্ছাদিতা ভূমিরপ্রমেয়ৈঃ সমন্ততঃ ॥ ১০ ॥

৬। লো-টী। অনুহ্রাদো হিরণ্যকশিপু-পুত্রঃ। সবজ্রামপি আঅবিনাশায় যথা জহার তথায়মিত্যন্বয়ঃ।

৭। লো-টী। দৃষ্টং নিরঙ্কশম্।

৮। লো-টী। ঘোরং ভয়ানকম্। তীব্রং তীব্রবেগম্। সহস্রাংশোঃ সূর্য্যশ্চ প্রভাং সৃষ্টং নিশিতং তেন বলেন বিলক্ষণীকৃতমিতি কাং দিশং গন্তব্যমিতিবৎ প্রয়োগঃ। 'আচ্ছদচে'তি পাঠে আচ্ছাদয়ৎ।

৯। লো-টী। তত্র তদা রজসা সংবৃতা দিশঃ পর্য্যাকুলা ব্যাকুলা আসন্। বনং নিবাসালয়ঃ। 'বনং নপুংসকং নীরে নিবাসালয়কাননে' ইতি কোষঃ।

১০। লো-টী। অপ্রমেয়ৈর্বলবিক্রমৈর্জাতুমশক্যৈঃ।

পুরাকালে অনুহ্রাদ যেরূপ নিজের বিনাশার্থ সবজ্রা পুলোম-কন্যা শচীকে হরণ করিয়াছিল সেইরূপ রাক্ষসাধম রাবণ নিজের বিনাশ হেতু মিথিলা-রাজনন্দিনী সীতাকে হরণ করিয়াছে ॥ ৬ ॥

ইন্দ্র যেরূপ পৌলোমীর গর্বিত পিতাকে বধ করিয়াছিলেন আমিও সেইরূপ অচিরেই তীক্ষ্ণ বাণের দ্বারা রাবণকে নিহত করিব ॥ ৭ ॥

ইতিমধ্যে সূত্রীবের সেই ভয়ঙ্কর সৈন্যগণ আকাশে সহস্র-কিরণ সূর্য্যের মহতী দীপ্তিকে আচ্ছাদিত করিয়া উপস্থিত হইল ॥ ৮ ॥

তখন ধূলিতে পরিপূর্ণ দিক্ সকল কলুষিত হইল এবং [তাহাদের পদভরে] পর্ব্বত, জনপদ ও অরণ্যের সহিত সমস্ত পৃথিবী কম্পিত হইতে লাগিল ॥ ৯ ॥

তার পর পর্ব্বততুল্য মহাবলশালী অনন্যদৃশ বানরসৈন্যগণ আসিয়া সমস্ত ভূমি আচ্ছন্ন করিল ॥ ১০ ॥

১। ক 'দৃষ্টং'। ২। ঘ 'পুলোমানং যথা হরিঃ'। ৩। ঘ-ছ 'মুঞ্চতীব্রাং', ৬ 'মুঞ্চন্ তীব্রাং'। ৪। ছ 'মহতী'। ৫। চ 'নগেন্দ্র-'। ৬। ৬ '-রপ্রমাণে-'। ৭। ছ 'সচ্ছাদি-'। ৮। ঘ-চ 'প্রবঙ্গমৈঃ'।

নিমেষান্তুরমাত্রেণ তত্র তৈর্হরিয়ুথপৈঃ ।

বভূবুঃ সংবৃত্তাঃ সর্বা দিশাঃ প্রখ্যাতবিক্রমৈঃ ।

মূৰ্চ্চাকাঞ্চনগোরাঙ্গৈস্তীক্ষ্ণদংষ্ট্রনখায়ুধৈঃ ॥ ১১

কোটিভিঃ শতশচাশ্চৈঃ কামরূপিভিরাবৃত্তাঃ ।

নাদেয়ৈঃ শৈলজৈশ্চৈব সামুদ্রৈশ্চ মহাবলৈঃ ॥ ১২ ॥

হরিভির্ভীমসংহাদৈরশ্চৈশ্চ বনচারিভিঃ ।

শালতালায়ুধৈশ্চাপি তথাচলশিলায়ুধৈঃ ॥ ১৩ ॥

তরুণাদিত্যগোৱৈশ্চ শরগোৱৈশ্চ বানরৈঃ ।

ভস্মরাশিনিভৈশ্চাশ্চৈঃ শ্বেতৈর্মরুতালয়ৈঃ ॥ ১৪ ॥

কোটিসহস্রৈর্দশভিঃ শ্রীমান্ পরিবৃত্তসদা ।

বীরঃ শতবলিনাম বানরঃ প্রত্যদৃশ্যত ॥ ১৫ ॥

১৪। লো-টী। শরো দধ্যগ্রং তন্তুল্যাগোৱৈঃ। 'শরস্তুজনকে বাণে দধ্যাগ্রে না শরং জলে' ইতি কোষঃ।

সেখানে নিমেষ-মধ্যে বানর-দলপতিগণ বিশুদ্ধ কাঞ্চনের ঞ্চায় গৌরবর্ণ তীক্ষ্ণদন্ত ও নখরূপ অস্ত্রধারী প্রসিদ্ধ বিক্রমশালী—নদী, পর্বত ও সমুদ্রবাসী এবং অন্যান্য বনবাসী ভীষণ গর্জনকারী—শাল ও তালবৃক্ষরূপ অস্ত্রধারী এবং পর্বত ও শিলারূপ অস্ত্রধারী শত শত কোটি কোটি বলবান্ কামরূপী বানরগণে পরিবৃত্ত হইয়া সূত্রীবের নিকট আগমন করত সমস্ত দিক্ আচ্ছন্ন করিল ॥ ১১-১৩ ॥

নবোদিত সূর্য্যের ঞ্চায় লোহিতবর্ণ, দধির শরের ঞ্চায় শুভ্রবর্ণ, ভস্মরাশি-সদৃশ এবং শ্বেতবর্ণ মরু-বাসী দশসহস্রকোটি বানর-পরিবৃত্ত বলবান্ শতবলি-নামক বানরকে দেখা গেল ॥ ১৪-১৫ ॥

১। ঘ-ঙ-ছ-চ 'তন্তুল্যৈর্হ'। ২। ক 'দিশো বি'। ৩। ক 'তন্তু'। ৪। চ 'স্থান'। ৫। ঘ 'কোটিশত-মূর্তৈশ্চাপি', ঙ-ছ-চ 'কোটিশতমূর্তৈশ্চাশ্চৈঃ'। ৬। ঙ-চ 'বৃত্তম্', ছ 'বৃত্তঃ'। ৭। ঘ-চ 'শৈলজৈশ্চ নদীশ্চৈব'। ৮। ঙ '-নির্হাদৈঃ', চ '-নিহ্রদৈঃ'। ৯। ঘ-ছ-চ '-বাসিভিঃ'। ১০। ছ 'শাল-'। ১১। ঘ '-রশ্চৈশ্চাচল-', ছ-চ '-রশ্চৈশ্চাচল পি-'। ১২। ছ 'বর্ণ-', চ 'ঈষজ্জঘোৱৈশ্চ'। ১৩। চ '-সিতৈ-'। ১৪। ছ-চ '-মেরু-'। ১৫। ছ 'পরিবৃত্তঃ সদা'। ১৬। ক '-পত্তত'।

ততঃ কাঞ্চনশৈলাভস্তারায়ী বীৰ্য্যবান্ পিতা ।

অনৈকৈর্দশমাহস্রৈঃ কোটিভিঃ প্রত্যদৃশ্যত ॥ ১৬ ॥

পূজ্যমানো মহামাঠৈর্বাণিরৈর্বাণিরাদিপঃ ।

বানরেন্দ্রো মহেন্দ্রাভঃ সুষেণো নাম বীৰ্য্যবান্ ॥ ১৭ ॥

ততঃ কোটীসহস্রৈঃ সহস্রাণাং শতেন চ ।

পৃষ্ঠতোহনুগতৈঃ প্রাপ্তো হরিভির্গন্ধমাদনঃ ॥ ১৮ ॥

ততঃ পদ্মসহস্রৈঃ বৃতঃ শতশতেন চ ।

যুবরাজোহঙ্গদঃ প্রাপ্তঃ পিতৃতুল্যপরাক্রমঃ ॥ ১৯ ॥

ততো রম্ভস্বনুপ্রাপ্তস্তুৰুণাদিত্যসপ্রভঃ ।

অযুতেন বৃতশৈচব সহস্রৈঃ শতেন চ ॥ ২০ ॥

১৬-১৭। লো-টী। তারায়ীঃ পিতা সুষেণ ইতি পরেণাঘরঃ। বীৰ্য্যং প্রভাবস্তদ্বান্। অন্তরায়া অতিপ্রিয় ইত্যর্থঃ; চিকিৎসকত্বাৎ। 'মহামাঠৈ'রিত্যি বা পাঠঃ। বানরেন্দ্রঃ বানরাণা-মিহ্নঃ বীৰ্য্যবান্ তেজস্বী।

১৮। লো-টী। 'ততঃ কোটীসহস্রৈঃ' 'চতুঃকোটীসহস্রৈঃ'তি বা পাঠঃ। অনুগতৈর্হরিভিঃ পৃষ্ঠতো বিশিষ্টঃ প্রাপ্ত আগতঃ।

২০। লো-টী। তরুণাদিত্যবর্চস ইত্যত্র আধোহৎপ্রত্যয়ঃ।

তার পর অযুত অযুত কোটি কোটি বানরসৈন্যে পরিবৃত, কাঞ্চন-পর্বত সদৃশ, বলবান্, প্রধান অমাত্যগণের সহিত সমস্ত বানরকর্তৃক সম্মানিত, বানরগণের অধীশ্বর, ইন্দ্রতুল্য, তারার পিতা তেজস্বী সুষেণকে দেখা গেল ॥ ১৬-১৭ ॥

তদনন্তর গন্ধমাদন পশ্চাদ্ভাগে অনুগামী কোটি-সহস্র এবং শত-সহস্র বানরসৈন্যের সহিত উপস্থিত হইলেন ॥ ১৮ ॥

পরে পিতার শ্রায় বলবান্ যুবরাজ অঙ্গদ সহস্র-পদ্মপরিমিত এবং শত-শত-পরিমিত বানরসৈন্যে পরিবেষ্টিত হইয়া উপস্থিত হইলেন ॥ ১৯ ॥

পরে নবোদিত সূর্যাসদৃশ 'রম্ভ' শত সহস্র ও অযুত সৈন্যে পরিবৃত হইয়া উপস্থিত হইলেন ॥ ২০ ॥

১। চ'-গৌরা-'। ২। চ'অনৈক-'। ৩। ঘ-চ'-মাত্রৈ-'। ৪। চ'-বাণিরর্ষভঃ'। ৫। ঙ'চতুঃ-'। ৬। ঙ'-শতানি চ'। ৭। চ'প্রাপ্তৈর্হ-'। ৮। ঙ'সহস্রাণাং শতেন চ'। ৯। ঘ-ছ-চ'শকু-'। ১০। ঘ'পিতা তুল্য-'। ১১। ঘ'ততোহংসুমাংস্ব-'। ১২। ঙ'সুপ্রভঃ', চ'-সম্রিতঃ'। ১৩। ঘ-ছ-চ'সহস্রাণাং'।

নীলাঞ্জনচয়াকারো গবয়ো নাম যুথপঃ ।

অযুতেন বৃত্তঃ প্রাপ্তো মহাকায়ো মহাবলঃ ॥ ২১ ॥

কৈলাসশিখরাকারৈর্বানরৈর্ভীমবিক্রমৈঃ ।

বৃত্তঃ কোটীসহস্রৈঃ হনুমান্ প্রত্যদৃশ্যত ॥ ২২ ॥

কাংশ্রনীলো হরিনীলঃ কোটিভির্দশভিবৃত্তঃ ।

কপীনামুগ্রবেগাণামগ্রতঃ প্রত্যদৃশ্যত ॥ ২৩ ॥

ততো যুথপতিভীমো দুমুখো নাম বানরঃ ।

শতেন চ সহস্রাণাং সহস্রনবকেন চ ॥ ২৪ ॥

পদ্মকেশরসঙ্কশস্তুরুণাকনিভাননঃ ।

বুদ্ধিমান্ বানরশ্রেষ্ঠঃ সর্ববানরসম্মতঃ ॥ ২৫ ॥

অনীকৈর্দশসাহস্রৈঃ কোটীনাং চ সমাবৃত্তঃ ।

পিতামহস্বতঃ শ্রীমান্ কেশরী প্রত্যদৃশ্যত ॥ ২৬ ॥

২৩। লো-টী। কাংশ্রনীল নীলচ্ছবিবিরব চ্ছবিযশ্র সঃ। [পাঠান্তরং দৃশ্যম্]

২৪। লো-টী। ততো দুমুখঃ প্রত্যদৃশ্যতেতি পূর্বক্রিয়য়ান্বয়ঃ।

২৬। টিপ্পনী। পিতামহো ব্রহ্মা তশ্র স্বতঃ পুত্রঃ কেশরী।

নীলবর্ণ অঞ্জনরাশির ন্যায় বিশাল-শরীর বলবান্ গবয় নামক বানর-দলপতি অযুত সৈন্যে পরিবৃত্ত হইয়া আসিলেন ॥ ২১ ॥

হনুমান্কে কৈলাস পর্বতের শিখরসদৃশ ভয়ঙ্কর-বলশালী সহস্র-কোটি বানর-সৈন্যে পরিবেষ্টিত দেখা গেল ॥ ২২ ॥

দশকোটি বানরসৈন্যে পরিবৃত্ত কাংশ্রের ন্যায় নীলবর্ণ বানর 'নীল'কে অত্যন্ত বেগশালী বানরদিগের সম্মুখভাগে দেখা গেল ॥ ২৩ ॥

পরে দলপতি বীর দুমুখনামক বানরকে একলক্ষ নয় হাজার সৈন্যে পরিবৃত্ত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ২৪ ॥

পদ্মের কেশরের ন্যায় বর্ণবিশিষ্ট, নবোদিত সূর্যের ন্যায় আনন-সমম্বিত, বুদ্ধিমান্, বানরশ্রেষ্ঠ, সকল বানরগণের মান্ত, ব্রহ্মার পুত্র কেশরীকে দশসহস্র-কোটি সৈন্যে পরিবৃত্ত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ২৫-২৬ ॥

১। ছ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। ঘ-ঙ-চ 'নীলচ্ছবিবিরব'। ৩। চ 'সহস্রৈঃ শতেন চ'। ৪। ঙ 'সংবৃত্তঃ'। ৫। ঘ-ছ-চ 'সমম্বিতঃ'। ৬। অতঃপরং 'ততেতি যুথপতিনীলঃ কোটিভির্দশভিবৃত্তঃ। কপীনামুগ্রবেগা-নামগ্রতঃ প্রত্যদৃশ্যত' ॥ ইত্যধিকম্।

গোলাঙ্গুলমহারাজো গবাক্ষো নাম নামতঃ ।

বৃতঃ কোটীসহস্রেন গোলাঙ্গুলৈরদৃশ্যত ॥ ২৭ ॥

ধাক্ষাণাং ধূম্রবর্ণানাং ধূম্রো নামর্ক্ষপুঙ্গবঃ ।

বৃতঃ কোটীসহস্রাভ্যাং দ্বাভ্যাং চ সমবর্ত্তত ॥ ২৮ ॥

মহাচলনিভৈর্ঘোরৈঃ পনসো নাম যুথপঃ ।

আজগাম মহাবীৰ্য্যস্ত্রিভিঃ কোটী-শতৈর্বৃতঃ ॥ ২৯ ॥

মৈন্দশ্চ দ্বিবিদশ্চাত্তো বানরৌ ভীমবিক্রমৌ ।

কপিকোটী-সহস্রেন সুগ্রীবং পযু্যপস্থিতৌ ॥ ৩০ ॥

ততস্তারাদ্ভ্যতিস্তারো হরিভিভীমবিক্রমৈঃ ।

পঞ্চভিঃ সহ কোটীভিরদূরে প্রত্যদৃশ্যত ॥ ৩১ ॥

পূজ্যমানো মহাবীৰ্য্যস্তত্র যুথপ-যুথপৈঃ ।

প্রাপ্তঃ কোটীসহস্রাণাং সহস্রেন দরীমুখঃ ॥ ৩২ ॥

২৭। লো-টী। গোলাঙ্গুলাঃ সন্তি অস্মিন্নিতি গোলাঙ্গুলীঃ।

গোলাঙ্গুল (কৃষ্ণবর্ণ বানর বিশেষ)-দিগের রাজা গবাক্ষকে সহস্রকোটি গোলাঙ্গুলপরিবৃত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ২৭ ॥

ভল্লুক-শ্রেষ্ঠ ধূম্রনামক ভল্লুক দুই-সহস্র-কোটি ধূম্রবর্ণ ভল্লুকসৈন্যে পরিবৃত হইয়া আসিলেন ॥ ২৮ ॥

পনসনামক বলবান্ দলপতি পর্বতসদৃশ ভয়ঙ্কর তিনশত-কোটি সৈন্যে পরিবৃত হইয়া আসিলেন ॥ ২৯ ॥

মৈন্দ এবং দ্বিবিদ-নামক অত্যন্ত বলশালী বানরদ্বয় সহস্র-কোটি বানর-সৈন্যে পরিবৃত হইয়া সুগ্রীবের সন্নিধানে আসিয়া উপস্থিত হইলেন ॥ ৩০ ॥

নক্ষত্রের ঞ্চায় দীপ্তিবিশিষ্ট 'তার'কে ভয়ঙ্কর-বলশালী পাঁচকোটি বানর-সৈন্যে পরিবৃত হইয়া অদূরে [আসিতে] দেখা গেল ॥ ৩১ ॥

মাননীয় মহাবীর দরীমুখ সহস্র সহস্র কোটি দলপতিদিগের নেতৃগণে পরিবেষ্টিত হইয়া আসিলেন ॥ ৩২ ॥

১। ঘ-চ 'লোম-', ছ '-লৈর্ম-'। ২। ঘ '-তেজাঃ'। ৩। ঙ-ছ '-বানরঃ'। ৪। ঙ-চ '-স্রাণাং'। ৫। ছ '-গজ-', '-বন-'। ৬। ছ '-বীরৈস্ত্রি-'। ৭। ছ '-শৈব'। ৮। ঘ 'কোটি কোটি-সহস্রেন', ছ 'কোটি-কোটি-সহস্রেন্ত'। ৯। ঙ 'প্রত্যদৃশ্যত', ছ 'প্রতাপ-'। ১০। ছ '-তারদ্রাতি-'। ১১। ক-ঘ '-রাহবে'। ১২। ঘ-ছ '-বীর্ঘো-'।

চতুর্ভিঃ সহ কোটীভিবানরাণাং মহাত্মনাম্ ।

ইন্দ্রজানুমহাজানুবানরঃ প্রত্যদৃশ্যত ॥ ৩৩ ॥

শতসাহস্রসংখ্যেস্তু শরভো নাম বানরঃ ।

অনেকৈঃ সমনুপ্রাপ্তঃ স্মগ্রীববশবর্ত্তিভিঃ ॥ ৩৪ ॥

ততঃ পর্বতসঙ্কশস্তুর্গার্কনিভাননঃ ।

বৃতঃ কোট্যা মহাতেজাঃ করস্তুঃ প্রত্যপদ্যত ॥ ৩৫ ॥

কোটিভিরেকাদশভিঃ সংবৃতস্তু গয়স্তদা ।

যুথপাধিপতিঃ শ্রীমান্ বানরঃ প্রত্যদৃশ্যত ॥ ৩৬ ॥

তথৈব বিনতো ধীমান্ কুমুদোহথ নলো হরিঃ ।

সম্পাতিঃ সন্নতো নাম রস্তোহথ রভসস্তথা ॥ ৩৭ ॥

এতে চান্বে চ সংপ্রাপ্তা বানরাঃ কামরূপিণঃ ।

আবৃত্য পৃথিবীং সর্বাং পর্বতাংশ্চ বনানি চ ॥ ৩৮ ॥

মহাজানু বানর ইন্দ্রজানুকে প্রধান প্রধান চারি সহস্র-কোটি বানরসৈন্যের সহিত [আসিতে] দেখা গেল ॥ ৩৩ ॥

শরভ-নামক বানর স্মগ্রীবের বশবর্ত্তী বহু শত-সহস্র সৈন্যের সহিত উপস্থিত হইলেন ॥ ৩৪ ॥

পরে পর্বতসদৃশ নবোদিত সূর্য্যের আয় মুখবিশিষ্ট মহাতেজস্বী 'করস্তু' নামক বানরকে কোটি-সৈন্য পরিবৃত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ৩৫ ॥

প্রধান দলপতি 'গয়' নামক সুন্দর বানরকে একাদশ-কোটি বানরসৈন্যে পরিবৃত [হইয়া আসিতে] দেখা গেল ॥ ৩৬ ॥

সেইরূপ বুদ্ধিমান্ বিনীত, কুমুদ, নল, সম্পাতি, সন্নত, রস্তু, রভস এবং অগ্ন্যাগ্ন কামরূপী বানরগণ পর্বত, বন এবং সমস্ত পৃথিবী আচ্ছাদিত করিয়া দিগ্-বিদিক্ হইতে লক্ষ প্রদান করিতে করিতে এবং গর্জন করিতে করিতে আসিয়া স্মগ্রীবকে বেষ্টিত করিয়া দাঁড়াইলেন ॥ ৩৭-৩৯ ॥

১। ছ '-তেজা বানরঃ'। ২। ছ 'বৃতঃ সহস্রসংখ্যে'। ৩। ঘ ছ-চ 'নানতঃ'। ৪। ঙ-চ 'কুমুদা'।
প্রত্যদৃশ্যত', ঘ ছ 'মরুতান্ প্রত্যদৃশ্যত'। ৫। ঙ-পুস্তকে ষট্টিংগ-সপ্তত্রিংশলোকো ন স্তঃ। ৬। ঘ '-স্তদা'।
৭। চ 'যুথপাধিপতিঃ'। ৮। অতঃপরং ঘ-চ-পুস্তকযোঃ 'স্মগ্রীববশবর্ত্তিভিঃ'। বৃতঃ শতসহস্রৈশ্চ
জানুবান্ প্রত্যদৃশ্যত ॥ ইত্যধিকম্। ৯। ঘ-ছ চ '-দো লক্ষণো হরিঃ'। ১০। চ 'সন্নতঃ'। ১১। ছ 'শরভ-', চ '-শরভ-'।

প্লবমানা ব্রজন্তুশ্চ গর্জন্তুশ্চ প্লবঙ্গমাঃ ।
 দ্বিদিগ্ভ্যঃ সমাগম্য স্মগ্রীবং পর্য্যবারয়ন্ ॥ ৩৯ ॥
 প্রহৃষ্টাশ্চ বিনীতাশ্চ সমেত্য হরিয়ুথপাঃ ।
 শিরোভিবানরশ্ৰেষ্ঠং স্মগ্রীবং তে প্রণেমিরে ॥ ৪০ ॥
 অপরে বানরশ্ৰেষ্ঠা যথাকালং যথোচিতম্ ।
 স্মগ্রীবো সমাগম্য তস্মুঃ প্রাঞ্জলয়ন্তদা ॥ ৪১ ॥
 স্মগ্রীবস্তাগতান্ সর্কান্ বানরাংস্তান্ মহাবলান্ ।
 ন্যবেদয়ত রামায় প্রিয়ার্হায় কৃতাজ্জলিঃ ॥ ৪২ ॥

যথাস্থং পর্বতনিবারেষু গুহ্যসু রম্যেষু চ কাননেযু ।
 যথার্থমাবেত্ত বনানি বানরা উপাধিশন পর্বতশৃঙ্গকল্লাঃ ॥ ৪৩ ॥

ইত্যর্থে বাগ্মীকায়ে রামায়ণে আদিকাব্যে কিঙ্কিকাকাণ্ডে বলাগমনং নাম
 উনচত্বারিংশঃ সর্গঃ ॥ ৩৯ ॥

৩৯-৪০ । লো-টী । পূঙ্গং প্রবিষ্টা অপি সমেত্য মিলিত্বা সমাগত্য পর্য্যবারয়ন্ ।

লো-টী । প্রস্থাপিতা বানরা ইতি শেষঃ ।

৪৩ । লো-টী । যথার্থমাবেত্ত বনানি বানরসৈন্যানি আগতানীতি নিবেত্ত যথাস্থমুপা-
 দিশন । বলাগমনঃ সর্গঃ ।

আনন্দিত এবং বিনীত সেই বানর-দলপতিগণ মিলিত হইয়া বানর-শ্রেষ্ঠ
 স্মগ্রীবকে মস্তক নত করিয়া অভিবাদন করিলেন ॥ ৪০ ॥

অন্যান্য শ্রেষ্ঠ বানরগণ যথাকালে স্মগ্রীবের সহিত মিলিত হইয়া যুক্তকরে
 যথাযোগ্য অবস্থান করিতে লাগিলেন ॥ ৪১ ॥

স্মগ্রীব কৃতাজ্জলি হইয়া সেই সমাগত বলবান্ বানরদিগের বিষয় প্রিয়
 রামের নিকট জানাইলেন ॥ ৪২ ॥

পর্বতের বারণায়, গুহায় এবং রমণীয় কাননে অবস্থিত সৈন্যগণ আসিয়াছে,
 ইহা [স্মগ্রীবকে] যথাযথভাবে জানাইয়া পর্বতশৃঙ্গ-সদৃশ বানরগণ স্মুখে উপবেশন
 করিলেন ॥ ৪৩ ॥

মহর্ষি বাগ্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিঙ্কিকাকাণ্ডে সৈন্যগণের আগমন
 নামক ৩৯শ সর্গ সমাপ্ত ॥ ৩৯ ॥

১ । অতঃপরঃ ৬-পুস্তকে 'অভাবকঁন্তু স্মগ্রীবং স্ম্যামব্রগণা ইব । তান প্রবিষ্টান্ বিনীতাশ্চ সমেত্য হরিয়ুথপান্ ॥'
 ইত্যাদিকম্ । ২ । ছ 'দর্শদিগ্ভ্যঃ' । ৩ । চ '-গত' । ৪ । ও 'সামাতা' । ৫ । ঘ ছ-চ '-পুঙ্গবাঃ' । ৬ । ছ
 '-কামঃ' । ৭ । চ 'যথানিধি' । ৮ । ক '-গত' । ৯ । ও '-য়ঃ স্থিতাঃ' । ১০ । ঘ-চ '-রান্ স মহা-' ।
 ১১ । ঘ 'রম্যাসু চ', ও 'পুণোষু চ' । ১২ । চ 'যথাস্থং গৃহ', ছ 'যথাস্ব-' । ১৩ । চ 'সন্নিকাশাঃ' ।

(৪০) চত্বারিংশঃ সর্গঃ

আগতাংশ্চ নিবিষ্টাংশ্চ পৃথিব্যাং সর্ববানরান্ ।
 দৃষ্ট্বা প্রহৃষ্টঃ সুগ্রীবো রামং বচনমব্রবীৎ ॥ ১ ॥
 রাঘবেন্দ্রে মহাত্মানো যে মদ্বিষয়বাসিনঃ ।
 ত ইমে বহুসাহস্রৈরনীকৈর্ভীমবিক্রমৈঃ ॥ ২ ॥
 আগতা বানরাঃ শূরা দেবদানবসম্মিতাঃ ।
 পৃথিব্যন্তুচরা রাম নানারণ্যানিবাসিনঃ ॥ ৩ ॥
 কোটিশঃ সমনুপ্রাপ্তা বানরাস্তব কিঙ্করাঃ ।
 খ্যাতকর্মোপদেশাশ্চ বলবন্তো জিতশ্রমাঃ ।
 পরাক্রমেষু বিখ্যাতা ব্যবসায়ৈ তথোত্তমাঃ ॥ ৪ ॥
 নিদেশবর্তিনঃ সর্বৈ সর্বৈ গুরুহিতে রতাঃ ।
 অভিপ্রেতমনুষ্ঠাতুং শক্তাস্তব পরস্তপ ॥ ৫ ॥

৪। লো-টা। খ্যাতৈঃ কন্মভিরূপদিগ্গন্তে নির্দিগ্গন্তে ইতি খ্যাতকর্মোপদেশাঃ ।
 'জ্ঞাতকর্মোপদেশা' ইতি কচিৎ পাঠঃ । জিতশ্রমাঃ শ্রমবহিতাঃ । ব্যবসায়ৈ যুদ্ধব্যবসায়ৈ ।

৫। লো-টা। নিদেশ আজ্ঞা। গুরুবাক্য। অভিপ্রেতমভিপ্রায়ম্। অভিপ্রেতুং
 জ্ঞাতুম্। 'অনুষ্ঠাতু'মিতি পাঠঃ কচিৎ ।

সুগ্রীব পৃথিবীর সমস্ত বানরকে আগত এবং [শিবিরে] সন্নিবিষ্ট দেখিয়া
 আনন্দিত হইয়া রামকে এইরূপ বলিলেন— ॥ ১ ॥

রামচন্দ্র, যে সকল মহামনাঃ বানর আমার রাজ্যে বাস করে, সেই সকল
 বলবান্ দেবতা এবং দানবতুল্য পৃথিবীস্থিত নানারণ্যবাসী বানর ভীম-বিক্রমশালী
 বহু-সহস্র সৈন্তের সহিত আসিয়াছে ॥ ২-৩ ॥

বিখ্যাত-কর্মী, বলবান্, শ্রম-সহিষ্ণু, বিক্রমপ্রকাশে বিখ্যাত, যুদ্ধকার্যে
 নিপুণ, আপনার কিঙ্কর, কোটি কোটি বানর উপস্থিত হইয়াছে ॥ ৪ ॥

হে শক্রদমন, ইহারা সকলেই আজ্ঞানুবর্তী, সকলেই রাজার হিতে রত এবং
 আপনার অভিপ্রেতকার্য সম্পাদন করিতে সমর্থ ॥ ৫ ॥

১। চ 'গতাংশ্চ বিনিবিষ্টাংশ্চ'। ২। ঘ-ঙ-চ-চ 'বানরেন্দ্রা'। ৩। চ 'শ্রেষ্ঠাঃ'। ৪। ছ-চ '-নগ'।
 ৫। চ '-ক্রমাঃ'। ৬। ঘ-ঙ-ছ '-য়েবু বোভ', চ 'য়ে চ বোভ-'। ৭। ঙ '-খ্যাতুং'। ৮। ক-পুস্তকে পরম্পরো
 নাস্তি।

ত ইমে বহুসাহস্রৈরনীকৈর্ভীমবিক্রমৈঃ ।

আগতা দেবগর্ভাভা দৈত্যদানবসম্মিভাঃ ॥ ৬ ॥

যন্মন্মসে মহাভাগ প্রাপ্তকালং তদুচ্যতাম্ ।

মাং সর্ববলসংযুক্তমাজ্ঞাপয়িতুমর্হসি ॥ ৭ ॥

কামমেবমিদং কার্য্যং বিদিতং বীর তত্ত্বতঃ ।

তথাপি চ যথাচারমর্থমাজ্ঞপু মর্হসি ॥ ৮ ॥

তথা স্ত্রীবাণং সূত্রীবাং রামো দশরথাত্মজঃ ।

বাহুভ্যাং সংপরিষ্রজ্য ইদং বচনমব্রবীৎ ॥ ৯ ॥

জ্ঞায়তাং সৌম্য বৈদেহী যদি জীবতি বা ন বা ।

স চ দেশো মহাপ্রাজ্ঞ যস্মিন্ বসতি রাবণঃ ॥ ১০ ॥

৭। লো-টা। যচ্ছিন্ত্যতে, 'যন্মন্মসে' ইতি বা পাঠঃ। প্রাপ্তঃ কালো যশ্চ কৰ্ম্মণস্তৎ।

৮। লো-টা। ইদং সীতাশ্বেষণাদি কার্য্যং যত্বপি তত্ত্বতঃ কামমেবং যথেষ্টমেব, যথাচারং তব যথাকরণম্।

৯। টিপ্লনী। প্রাপ্তকালং কালোচিতং তদুচ্যতাম্। নম্নিয়োগঃ কাথ্য ইত্যর্থঃ। তিঃ।

দৈত্য-দানব-সদৃশ দেবতুল্য এই বানরগণ ভীম-বিক্রমশালী বহু-সহস্র সৈন্তের সহিত আসিয়াছে ॥ ৬ ॥

হে মহাভাগ, আপনি যাহা ভাল বিবেচনা করেন সময়ানুযায়ী সেইরূপ আদেশ করুন ; সমস্ত সৈন্তের সহিত আমাকে [কি করিতে হইবে সে বিষয়ে] আদেশ করিতে পারেন ॥ ৭ ॥

বীর, এই [সীতাশ্বেষণরূপ] কার্য্য আমি সম্যক্ রূপে অবগত হইলেও আপনি আপনার ইচ্ছানুরূপ আজ্ঞা করুন ॥ ৮ ॥

সূত্রীব সেইরূপ বলিলে দশরথ-নন্দন রাম তাঁহাকে বাহুদ্বারা গাঢ় আলিঙ্গন করিয়া এইরূপ বলিলেন— ॥ ৯ ॥

মহাপ্রাজ্ঞ, সৌম্যদর্শন সূত্রীব, বিদেহ-রাজনন্দিনী সীতা জীবিত আছেন কিনা তাহা এবং রাবণ যে দেশে বাস করে সেই দেশ তুমি [বিশেষভাবে অনুসন্ধান করিয়া] অবগত হও ॥ ১০ ॥

১। চ '-বিক্রমাঃ'। ২। চ 'যচ্ছিন্ত্যতে'। ৩। য '-মেঘা-', চ '-শ্বেষামিদং বীর'। ৪। ৬ 'দেব'। ৫। চ 'কার্য্যতঃ'। ৬। চ '-মন্ম মাজ্ঞ-'।

অবগম্য তু বৈদেহীং নিলয়ং রাবণস্য চ ।

প্রাপ্তকালং করিষ্যামি সামর্থ্যং ভবতা সহ ॥ ১১ ॥

অত্র নাহং প্রভুঃ কার্ষ্যে বানরেন্দ্র সলক্ষণঃ ।

ত্বমস্য হেতুঃ কার্ষ্যস্য ত্বয়ি চৈতৎ সমাহিতম্ ।

ত্বমেবাজ্ঞাপয় বিভো মম কার্ষ্যবিশেষম্ ॥ ১২ ॥

সুহৃদ্বি নীতো বিক্রান্তঃ প্রাজ্ঞঃ কার্ষ্যবিশেষবিৎ ।

যুক্তো যস্য ভবানর্থো স কৃতার্থো ন সংশয়ঃ ॥ ১৩ ॥

এবমুক্তস্তু সুগ্রীবো রামেণ স্নেহসংযুতম্ ।

বিনতং নাম যুথেশং সমাহুয় বচোহত্রবাৎ ॥ ১৪ ॥

শৈলাভং মেঘনির্ঘোমং সুগ্রীবঃ প্লবগেশ্বরঃ ।

বিনয়াবনতং বীরং বানরং ভীমবিক্রমম্ ॥ ১৫ ॥

১১। লো-টী। প্রাপ্তকালং তৎকালোচিতং সামর্থ্যং যোগ্যং কস্মি। 'সামর্থ্যা'দিত্তি পাঠে শক্ত্যা।

১২। লো-টী। সমাহিতং সমর্পিতম্।

১৪। লো-টী। সুগ্রীবঃ শোভনগ্রীবঃ।

আমি সীতা এবং রাবণের বাসস্থানের বিষয় অবগত হইয়া তোমার সহিত সমোয়োচিত কর্তব্য সম্পাদন করিব ॥ ১১ ॥

বানরশ্রেষ্ঠ, এই কার্ষ্যে (সীতার আন্বেষণার্থ বানরসৈন্য প্রেরণ করিতে) আমি বা লক্ষণ সমর্থ নই। তুমি এই কার্ষ্যের সাধক, তোমাতে ইহার ভার অপিত হইয়াছে; অতএব, হে শক্তিমন, তুমিই [বানরদিগকে] আমার এই কার্ষ্য বিশেষরূপে নিরূপণ করিয়া আদেশ কর ॥ ১২ ॥

বীর, সুহৃদগণের মধ্যে বিনয়ী, পরাক্রমশালী, বিচক্ষণ এবং কার্ষ্য করিতে বিশেষ অভিজ্ঞ তুমি যাহার হিতার্থে নিযুক্ত হও, সে যে কৃতকার্ষ্য [হয়] সে বিষয়ে সন্দেহ নাই ॥ ১৩ ॥

রাম সুগ্রীবকে স্নেহের সহিত এইরূপ বলিলে বানররাজ সুগ্রীব পর্বত-সদৃশ, মেঘের স্থায় গর্জনকারী, বিনয়াবনত, ভীমবিক্রমশালী, বলবান্ 'বিনত'-নামক [বানর-] দলপতিকে ডাকিয়া বলিলেন— ॥ ১৪-১৫ ॥

সোমসূর্য্যাঅজৈঃ সাদ্ধং বানরৈর্বার্ণোপমৈঃ ।

দেশকালবিধানজৈর্নয়ানয়কোবিদৈঃ ॥ ১৬ ॥

বৃত্তঃ কোটিসহস্রৈঃ বানরাণাং তরস্বিনাম্ ।

যুগয়স্ব দিশং পূর্বাং সশৈলবনকাননাম্ ॥ ১৭ ॥

তত্র সীতাং চ বৈদেহীং নিলয়ং রাবণস্য চ ।

মার্গধ্বং বনভূর্গেষু গুহাসু চ বনেষু চ ॥ ১৮ ॥

যমুনামাপগাং দিব্যাং যামুনং চ মহাগিরিम् ।

নদীং ভাগীরথীং চৈব সরযুং কৌশিকীমপি ॥ ১৯ ॥

মেকলপ্রভবং শোণং নদং মণিনিভোদকম্ ।

রুচিরাং কুটীলাং চৈব চন্দনীং চাপগাং তথা ॥ ২০ ॥

বেদবৈনাসিকাং চৈব রম্যাং মাহিষিকামপি ।

ততঃ শকপুলিন্দাংশ্চ কলিঙ্গাংশ্চৈব মার্গত ॥ ২১ ॥

১৬-১৭। লো-টী। সোমসূর্য্যাঅজৈঃ সাদ্ধং বানরাণাং কোটিসহস্রৈঃ বৃত্তঃ। দেশ-কালয়োবিধানমুচিতং যৎ হজ্জৈঃ। 'বিভাবজ্জৈ'রিত্তি বা পাঠঃ।

২০। লো-টী। রুচিরাং নাম নদীম্। রুচিরাং মনোহরাম্, তথা চন্দনাং বা পাঠঃ।

২১। লো-টী। তথা বেদবৈনাসিকাম্। 'বেদা'নিত্তি পাঠে তদপি নাম নদ্যাঃ। তথা মাহিষিকীম্। শকপুলিন্দান্ তত্ত্বজ্জাতিবিশেষদেশান্। কলিঙ্গান্ কলিঙ্গদেশান্, মার্গত অশ্বেষত।

দেশ এবং কাল বিষয়ে অভিহিত, আয়া ও অগ্ন্যায়া বিষয়ে দক্ষ, চন্দ্র ও সূর্যোর ঔরসজাত পুত্র, হস্তীর আয় প্রকাণ্ড বানরগণের সহিত সহস্রকোটি বেগবান্ বানরের পরিবৃত্ত হইয়া পর্বত, জনপদ ও কানন-সমন্বিত পূর্বদিকে অন্বেষণ কর ॥ ১৬-১৭ ॥

সেই পূর্বদিকে যে সকল বন, বন-ভূর্গ এবং গুহা আছে সেই সমূহ বিদেহ-রাজনন্দিনী সীতা এবং রাবণের বাসস্থান অন্বেষণ কর ॥ ১৮ ॥

রমণীয় যমুনা এবং তাহা হইতে উৎপন্ন মহাগিরি, ভাগীরথী, সরযু, কৌশিকী, মণির আয় নির্মলসলিলবিশিষ্ট শোণ নদ, রুচিরা, কুটীলা, চন্দনী, বেদবৈনাসিকা ও রমণীয় মাহিষিকা নদী এবং শক, পুলিন্দ ও কলিঙ্গ দেশে অন্বেষণ কর ॥ ১৯-২১ ॥

১। ক 'বানরাণামঃ'। ২। ও-ছ '-বিভাব-'। ৩। চ '-নয়ানয়কোবিদৈঃ'। ৪। চ 'পূর্বাঃ'। ৫। য-ছ চ 'নদীম্ চ গুহাসু চ'। ৬। চ '-রুচিরাং হৈব চন্দনা'। ৭। খ-ছ 'কুচিরা-'। ৮। ও 'চৈব নন্দনায়তনস্তথা'। ৯। খ-ছ 'নামাপগাং'। ১০। ও-পুস্তকে ইদমঙ্গং নাস্তি। ঘ 'বৈদ-', ছ 'বৈদীং বৈ-', চ 'বেদবেতাসি-'। ১১। ও '-বৈনাসি-', ছ '-নাসিকা-'। ১২। চ 'শক-'। ১৩। চ '-ন্দাংশ্চ কলিঙ্গাংশ্চৈব'। ১৪। ও '-অশ্বেষ'।

অশ্বিন্য দণ্ডকারণ্যং সশৈলবনকাননম্ ।

তত্র গোদাবরীং পুণ্যং প্রসন্নসলিলাং নদীম্ ॥ ২২ ॥

তত্র পৰ্বতজালেষু কান্তারবিষয়েষু চ ।

রাবণঃ সহ বৈদেহ্যা মার্গিতব্যস্ততস্ততঃ ॥ ২৩ ॥

নদীং কালমসীং চৈব তমসাং চ মহানদীম্ ।

গোমতীং গোকুলাকীর্ণাং তথা পূৰ্ব্বাং সরস্বতীম্ ॥ ২৪ ॥

সুস্তান্ মান্তান্ বিদেহাংশ্চ মলয়ান্ কাশি-কোশলান্ ।

মগধান্ দণ্ডকূলাংশ্চ বঙ্গানঙ্গাংশ্চৈব চ ॥ ২৫ ॥

মহানদং চ লৌহিত্যং শৈলকাননশোভিতম্ ।

পত্ননং কোষকারাণাং তিমিরং কনকাকরম্ ॥ ২৬ ॥

২২। লো-টী। দণ্ডকারণ্যমশ্বিন্য মার্গয়িত্বা তত্র ততঃ গোদাবরীং মার্গিত ইতিপূৰ্ব্বক্রিয়া-
সম্বন্ধঃ ।

২৩। লো-টী। তত্র দণ্ডকারণ্যে যানি পৰ্বতজালানি সমূহাস্তেষু কান্তারো বিলাং
দুৰ্গমার্গো বা তদ্বিষয়েষু তেষ্টিতার্থঃ ।

২৪। লো-টী। কালমসীং নাম, পূৰ্ব্বাং পূৰ্ব্ববাহিনীম্ ।

২৫। লো-টী। মগধান্ দেশবিশেষান্, 'মগুকানি'তি কচিৎ পাঠঃ । বিদেহানিত্যস্ত
বিশেষণং মান্তান্ পূজ্যান্, সীতাজন্মস্থানত্বাৎ । ঋদ্ধান্ সম্পন্নান্ । দণ্ডকুলো দেশবিশেষঃ ।
'দণ্ডকুশানি'তি বা পাঠঃ ।

২৬। লো-টী। কোষং খজাপিধানং 'ডাবু' ইতি যশ্চ প্রসিদ্ধিঃ । যদ্বা, কোষং
স্বৰ্ণাদিপাত্ৰং তৎকারাণাম্ । তিমিরং নাম পত্ননম্ । 'তিমিক্'তি বা পাঠঃ । "কোষোহঙ্গী-

পৰ্বত এবং কাননবিশিষ্ট দণ্ডকারণ্যে অন্বেষণ করিয়া পরে নিৰ্ম্মল-
সলিলা পবিত্র গোদাবরী নদীতে অন্বেষণ কর ॥ ২২ ॥

সেই দণ্ডকারণ্যের সমস্ত পৰ্বত এবং দুৰ্গে বৈদেহীর সহিত রাবণকে ইতস্ততঃ
অন্বেষণ করিবে ॥ ২৩ ॥

কালমসী নদী, মহানদী তমসা, গোমতী, গোকুলাকীর্ণা এবং পূৰ্ব্ববাহিনী
সরস্বতী নদীতে অন্বেষণ করিবে ॥ ২৪ ॥

সম্মানার্থে বিদেহ, সুস্ত, মলয়, কাশী, কোশল, মগধ, দণ্ডকুল, বঙ্গ এবং অঙ্গ-
দেশে অনুসন্ধান করিবে ॥ ২৫ ॥

বন ও পৰ্বতে শোভিত মহানদ লৌহিত্য এবং স্বৰ্ণের আকর—স্বৰ্ণপাত্ৰ

১। ঘ-ছ-চ '-বরী রম্যা প্রসন্নসলিলা নদী', ও '-বরী পুণ্যা প্রসন্নসলিলা নদী' । ২। ও '-রাজ্যে যু' । ৩। ছ
'-বিষমাস্থ চ' । ৪। ও 'নদীকামমরীকৈব', ছ 'নদীকালমহা-' । ৫। ঘ-চ '-মহী-' । ৬। চ 'পূৰ্ণাং' । ৭। ও-ছ
'সুস্তান্' । ৮। ও-ছ-চ 'মগ্নান্' । ৯। চ 'সনদান্' । ১০। ক-চ 'মাগ-' । ১১। ও 'পাণ্ডুহুণাংশ্চ' । ১২। ক
'নাদক', চ '-নদীক' । ১৩। ছ '-কোশ-' । ১৪। ঘ 'ভূমিক', ও 'তিমিরক কণাকরম্' ।

সর্বমেতদ্বিচেতব্যং সীতার্থে রাবণস্য চ ।

বানরৈঃ সূর্য্যসঙ্কশৈবু'দ্ধিশৌর্য্যসমন্বিতৈঃ ॥ ২৭ ॥

সমুদ্রমবগাঢ়ানি পত্তনানি গিরীনপি ।

মন্দরস্য চ যে কোটীঃ কিরাতাঃ কেচিদাশ্রিতাঃ ॥ ২৮ ॥

কর্ণপ্রাবরণাশ্চৈব কিরাতাশ্চোগ্রকর্ণিকাঃ ।

ঘোরাঃ কালমুখাশ্চৈব পারকাঃ কবু'কাস্তথা ॥ ২৯ ॥

অক্ষয়া বলবন্তশ্চ পুরুষাঃ পুরুষাদকাঃ ।

কিরাতাঃ স্থূলচূড়াশ্চ হেমাভাঃ প্রিয়দর্শনাঃ ॥ ৩০ ॥

কুটালে পাত্রে দিব্যে খঞ্জাপিধানকে” ইতি কোষঃ । ‘কালকাকানা’মিতি পাঠে কালঃ কারঃ, রক্ষতেলশ্রুতিঃ । কারে তুষারশৈলে হিমালয়ে যঃ কাকো দ্বীপঃ তত্রস্থানাং পত্তনম্ । “কারো বধে নিশ্চয়ে চ বলৌ পত্তরভাবপি, তুষারশৈলেহপি পুমানি”তি কোষঃ । “কাকঃ শ্রাদ্ বায়সে ধুষ্টে মণিভিদ্দ্বীপভেদয়ো”রিতি ভূরিঃ ।

২৭ । লো-টী । রাবণস্বার্থে চ ।

২৮ । লো-টী । সমুদ্রং সমুদ্রতীরং গিরীংশ্চ অবগাঢ়ানি আশ্রিতানি । বিচেতব্যানীত্য-
ন্বয়ঃ । কোটীরগ্রাণি ।

২৯ । লো-টী । কর্ণাঃ প্রাবরণানি যেমাং তে, মহাকর্ণা ইত্যর্থঃ । উগ্রা মহতী কর্ণিকা
কর্ণভূষা যেমাং তে । ‘ওষ্ঠকর্ণিকা’ ইতি পাঠে ওষ্ঠাঃ কর্ণিকাঃ করিহস্তাগ্রাণীব যেমাং তে ।
‘কর্ণিকা করিহস্তাগ্রে ভূষায়াং কর্ণায়োরপী’তাজয়ঃ । ঘোরা মহাকায়ঃ । কালমুখাঃ কৃষ্ণমুখাঃ ।
‘কাকমুখা’ ইতি বা পাঠঃ । পাটকাঃ ‘একোরুজ্জ্যাচবণা জালুগুর্লফকসংবৃত্তাঃ । পাটকাস্তেন
বা স্লেচ্চাঃ প্লুতবিপ্লুতলজনাঃ ॥ হেমাভাঃ কপিজা যে তু বর্করা উদ্ধমুদ্ধজাঃ’ । ইতি শৈবাগমোক্তা
ইতি বিনয়বোধঃ । ‘যবনাশ্চকপাদকা’ ইতি পাঠে যে কেচিদ্ যবনা একপাদাঃ এতেষামালয়া
বিচেয়া ইতি চতুর্ধেনান্বয়ঃ ।

৩০ । লো-টী । “অশ্বমালপনষ্টাশ্চ পুরুষাঃ পুরুষাদকা” ইত্যাকং ক্চিদস্তি ক্চিন্নাস্তি, তথাপি
ব্যাপ্যায়তে—অশ্বাঃ পুস্তেদাঃ কিস্পুরুষা ইত্যর্থঃ । তেষাং মালানি ক্ষেত্রাণি কলত্রাণি পাস্তি
রক্ষত্বীতি অশ্বমালপাঃ । তে চ তে নষ্টা বিনষ্টা ধ্ব্বা ইতি যাবৎ । তেষামালয়া ইতি ত্রয়েণান্বয়ঃ ।

নিশ্চায়কারৌদিগের তিমির নামক নগর—এই সমস্তই বুদ্ধিমান্ ও পরাক্রমশালী
সূর্য্যসদৃশ বানরগণ সীতা ও রাবণের জন্তু অনুসন্ধান করুক ॥ ২৬-২৭ ॥

যে সমস্ত কিরাত সমুদ্রতীরবর্তী নগর, পর্ব্বতে অধিষ্ঠিত নগরসমূহ এবং
মন্দর পর্ব্বতের সান্ন্যদেশসমূহে অবস্থান করে, যাহাদের কর্ণ অতিশয় বিস্তৃত, কর্ণভূষণ

১ । চ ‘সীতার্যঃ’ । ২ । য-চ ‘কোটীঃ’ । ৩ । ও ‘কৈরাতাঃ’ । ৪ । চ ‘-রণৈশ্চব’ । ৫ । য-চ ‘-বোষ্টক-’,
ছ ‘-শ্চোগ্রকর্ণ-’ । ৬ । ও-ছ ‘পারাঃ’ । ৭ । ছ ‘-খাশ্চকপাদকা বর্করাস্তথা’ । ৮ । য ‘যবনাশ্চকপাদকাঃ’, চ
‘যবনাশ্চৈব পাদকাঃ’ । ৯ । ও ‘-বর্করা-’ । ১০ । ছ-পুস্তকে ইদমক্চং নাস্তি । ১১ । য-চ ‘স্তন-’ ।

আমমৎশ্রাশনানৈচব কিরাতা দ্বীপবাসিনঃ ।

অন্তর্জলচরা ঘোরা নরগ্রোহা ইতি শ্রুতাঃ ॥ ৩১ ॥

এতেষামালয়াঃ সর্বে বিচেয়া বনগোচরাঃ ।

হরিভির্যে চ গম্যন্তে প্লবেন প্লবনেন চ ॥ ৩২ ॥

রত্নবন্তং জলদ্বীপং ফলভোজ্যোপশোভিতম্ ।

সুবর্ণরূপ্যকং চৈব গগদ্বীপং তথৈব চ ॥ ৩৩ ॥

জম্বুদ্বীপমতিক্রম্য শিশিরো নাম পর্বতঃ ।

শৃঙ্গৈনভঃস্পৃশেদিবৈবদেবদানবসংকুতৈঃ ॥ ৩৪ ॥

“অশ্বঃ পুংভেদবাক্তিনো”রিত্তি কোষঃ । “মালং ক্ষেত্রে সৃজি স্থিয়া” গিত্তি ভূরিঃ । “ক্ষেত্রং শরীরে কেদারে সিদ্ধস্থানকলত্রয়ো”রিত্তি চ কোষঃ । যে চ কিরাতা হেনাভাঃ তলচূড়াঃ তলে বাহোরধঃ চূড়া বাহুভূষণানি অঙ্গদানি যেমাং তে । “তলশচপেটে পুংসি স্রাং ক্লীবং চাধঃস্বরূপয়ো”রিত্তি, তথা ‘চূড়া শিখায়াং বড়ভৌ তথা বাহুভূষণেন’(৫) ইতি চ ভূরিঃ । ‘স্বলবৃত্তা’ ইতি পাঠে স্বলজাতা ইত্যর্থঃ ।

৩১ । লো-টী । দ্বীপবাসিনঃ জম্বুদ্বীপশ্চৈব উপদ্বীপবাসিনঃ । নরং মনুষ্যং গৃহীত্বা জলে মজ্জন্তীতি তথা ‘জলমানুষা’ ইতি যেমাং প্রসিদ্ধিঃ ।

৩২ । লো-টী । যে চ দেশা গম্যন্তে তেষপি প্লবেন পক্ষিবদাকাশগমনেন, প্লবনেন উৎপ্লুত্যা যানেনেতি সর্কজ্জঃ । প্লবেন বাস্পেন বা, ‘প্লবঃ প্লবন বাস্পয়ো’রিত্তি ভূবিঃ ।

৩৩ । লো-টী । সুবর্ণরূপ্যকং তদযুক্তম্ ।

৩৪ । লো-টী । জম্বুদ্বীপং জম্বুদ্বীপীয়মুক্তদ্বীপত্রয়ম্ । ‘শৈশির’ ইত্যপি পাঠঃ ।

অতি প্রশস্ত, শরীর অতিশয় বিশাল, মুখ কুম্ভবর্ণ, যাহারা ‘পারক’ ও ‘কর্কুক’ নামে অভিহিত, যাহারা অময়, যাহারা মহাবলশালী, যাহারা নরমাস ভোজন করে, যাহারা কাঞ্চনবর্ণ ও প্রিয়দর্শন, যে কিরাতগণের শিখা স্বল- -যে ভীষণ কিরাতগণ কাঁচা মৎস্য ভোজন করে, দ্বীপে বাস করে, জলমধ্যে বিচরণ করে এবং মানুষ ধরিয়া জলমধ্যে ডুব দেয়—ইহাদিগের বাসস্থানসমূহ এবং বানরগণ যেখানে শূন্য ও উল্লম্বনে গমন করে সেই সমস্ত বনপ্রদেশ অনুসন্ধান করিবে ॥ ২৮-৩২ ॥

ফল ও ভোজ্য বস্তুতে শোভিত রত্নময় জলদ্বীপ, স্বর্ণ ও রৌপ্যযুক্ত গগদ্বীপ ও জম্বুদ্বীপ অতিক্রম করিলে দেব-দানবসমাদৃত গগনস্পর্শী মনোরম শৃঙ্গবিশিষ্ট শিশির পর্বত ॥ ৩৩-৩৪ ॥

১। ঘ-ঙ-চ ‘শ্রুতিঃ’ । ২। ঙ ‘ইত্যোপা-’ । ৩। ঙ ‘-য়ঃ’ । ৪। ঘ ‘প্রবরণে প্লবেন চ’, ছ ‘প্লবনেন প্লবেন চ’, চ ‘লবনেন প্লবেন চ’ । ৫। খ-ঙ ‘-জন-’ । ৬। ঘ-ঙ-চ ‘-ভোগ্যোপ-’ । ৭। ঘ-ঙ ‘ঙগ-’ । ৮। ছ ‘শিবিরো’ । ৯। চ ‘-নভঃস্বনৈ-’ । ১০। ঙ-চ ‘সংস্কৃতৈঃ’ ।

তস্য রম্যেষু শৃঙ্গেষু গুহাসূপবনেষু চ ।
 রাবণঃ সহ বৈদেহ্যা মার্গিতব্যস্ততস্ততঃ ॥ ৩৫ ॥
 ততঃ কালোদকং নাম সমুদ্রং ভীমদর্শনম্ ।
 অক্রীড়ং দানবেন্দ্রাণাং গতা দ্রক্ষ্যথ বানরাঃ ॥ ৩৬ ॥
 তত্র রক্ষোগণা ঘোরাশ্চায়াং গৃহুস্ত্যলক্ষিতাঃ ।
 ব্রহ্মাণা সমনুজ্জাতা দীর্ঘকালং বুভুক্ষিতাঃ ॥ ৩৭ ॥
 তং কালমেঘপ্রতিমং মহোরগনিষেবিতম্ ।
 অভিগম্য মহানাদং তথা নদনদীপতিম্ ॥ ৩৮ ॥
 ততো রক্তজলং ঘোরং লোহিতং নাম সাগরম্ ।
 গহ্বা দ্রক্ষ্যথ তাং চৈব বৃহতীং কূটশাল্মলীম্ ॥ ৩৯ ॥

৩৬। লো-টী। ততো গতাঃ কালোদকং দ্রক্ষ্যথেনান্বয়ঃ। কৃষ্ণবর্ণজলং 'তমোনদ' ইতি যস্য প্রসিদ্ধিঃ। "তমোরজোনদৌ দেবি সমুদ্রৌ হস্তরৌ নৃণা"মিতি শৈবাগমে [ইতি ?] বিমলবোধাঃ।

৩৮-৪১। লো-টী। তং কালোদকমভিগম্য মহানাদং মহোদধিং দ্রক্ষ্যথেনি পরেণান্বয়ঃ। তীর্থং পুণ্যজনকম্ [সপ্তম-পাঠান্তরে চ-পুস্তক-পাঠো দ্রষ্টব্যঃ।] 'তথা নদনদীপতি'মিতি বা পাঠঃ।

সেই পর্বতের রমণীয় শৃঙ্গসমূহে, গুহায় এবং উপবনে—সর্বত্র সীতা ও রাবণকে অন্বেষণ করিবে ॥ ৩৫ ॥

হে বানরগণ, তার পর প্রধান প্রধান দানবগণের বিহার স্থান [তমোনদ-নামক] ভীম-দর্শন কৃষ্ণসাগর (যাহার জল কৃষ্ণবর্ণ) দেখিতে পাইবে ॥ ৩৬ ॥

সেখানে বহুকাল ধরিয়া ক্ষুধিত ভয়ঙ্কর রাক্ষসগণ ব্রহ্মার বরপ্রভাবে অলক্ষিত থাকিয়া [প্রাণিগণের] ছায়া গ্রহণ করে। (অর্থাৎ ছায়াদ্বারা আকর্ষণ-পূর্বক তাহাদিগকে ভক্ষণ করিয়া থাকে) ॥ ৩৭ ॥

যে কোন উপায়ে কৃষ্ণবর্ণ-মেঘতুল্য মহাসর্প-নিষেবিত ভীষণ শব্দকারী নদ ও নদীর অধীশ্বর সেই কৃষ্ণ-সমুদ্র অতিক্রম করিয়া রক্তবর্ণ জলবিশিষ্ট ভয়ঙ্কর লোহিত-নামক সাগরে যাইয়া পর্বতস্থিত বৃহৎ শাল্মলীবৃক্ষ দেখিতে পাইবে ॥ ৩৮-৩৯ ॥

১। ছ 'শৃঙ্গেষু রম্যেষু'। ২। চ পুস্তকে ষট্‌ত্রিংশ-সপ্তত্রিংশো শ্লোকৌ ন স্তঃ। ও 'তত্র'। ৩। অতঃপরং ও প-ছ-পুস্তকে 'হরিভির্ধেন ('ধে চ' ও) গমাস্তে প্লেবোপ্লেবনে চ ('প্রবরণে প্লেব চ' ও)', ইত্যাদিকম্। ৪। ছ '-তাশ্চির-'। ৫। চ 'তে'। ৬। ঘ '-গতা'। ৭। ঘ 'তীর্থে নৈব মহোদধিম্', চ '-তীর্থকৈব মহোদধিম্'। ৮। ছ 'লোহিত্যং'। ৯। ছ 'গতা'। ১০। ও 'শাল্মলীতরু'।

গৃহং চ বৈনতেয়শ্চ নানারত্নবিভূষিতম্ ।
 শুভ্রং কৈলাসসঙ্কাশং নিৰ্ম্মিতং বিশ্বকৰ্ম্মণা ।
 তেষু রম্যেষু দেশেষু বিচেয়া জনকাত্মজা ॥ ৪০ ॥
 ততঃ শৃঙ্গসহস্ৰেণ ভিত্ত্বা সলিলমুখিতম্
 দ্রক্ষ্যাথান্মুরুহং দিব্যং গোশৃঙ্গং নাম পৰ্ব্বতম্ ॥ ৪১ ॥
 তশ্চ শৃঙ্গসহস্ৰেষু মন্দেহা নাম রাক্ষসাঃ ।
 অরত্নিমাত্রা লক্ষ্যন্তে নানারূপা ভয়াবহাঃ ॥ ৪২ ॥
 তে পতন্তি জলে ঘোরাঃ সূর্য্যশ্চোদয়নং প্রতি ।
 অভিষপ্তা মহেন্দ্রেণ নিশায়ামুৎপতন্তি চ ॥ ৪৩ ॥

বৃহতীং মহতীং কূটশাল্মলীম্, কূটে পৰ্ব্বতে বৰ্ত্তমানাম্ । “মহীক্ষে কূট-কূটীরৌ” ইতি বিমলবোধাঃ ।
 তশ্চাং গৃহং, গোশৃঙ্গং নাম তত্র অশ্বুরুহং দিব্যং চ দ্রক্ষ্যাথ ।

৪৩ । লো-টী । উদয়নমুদয়কালং সন্ধ্যাকালং প্রতি লক্ষ্যীকৃত্য জলে স্থিতান্তে সূর্য্যশ্চ
 তপন্তি তাপং জনয়ন্তি । খাদিতুমিচ্ছন্তীত্যর্থঃ । মহেন্দ্রেণ মহতা ইন্দ্রেণ ঈশ্বরেণ প্রজাপতিনা
 অভিষপ্তা লক্ষ্যন্তে দিনে দিনে শরীরাগামক্ষয়ত্বং প্রতিপত্ত্বন্তে । পতন্তি চ দিনে দিনে ত্রিয়ন্তে চ
 [পাঠান্তরং দ্রষ্টব্যম্] । ততঃ সূর্য্যেণ সহ তেষাং মহদ্ যুদ্ধমভবদিতি । ঔকারব্রহ্মযুক্তয়া গায়ত্র্যা
 আমন্ত্রিতেন তোয়েন ব্রাহ্মণেন ব্রাহ্মণসমূহেন রক্ষিতঃ ক্ষীণতেজা অপি পুনরুৎপততে বর্দ্ধতে । যথা
 বিষ্ণুপুরাণে—“সন্ধ্যাকালে তু সম্প্রাপ্তে ঘোরে পরমদারুণে । মন্দেহা রাক্ষসা ঘোরাঃ সূর্য্যমিচ্ছন্তি
 খাদিতুম্ ॥ প্রজাপতিকৃতঃ শাপস্তেষাং গৈত্রেয়রক্ষসাম্ । অক্ষয়ত্বং শরীরাগাং মরণং চ দিনে দিনে ॥
 ততঃ সূর্য্যশ্চ তৈর্যুদ্ধং ভবত্যাত্যন্তদারুণম্ । ততো দ্বিজোত্তমাস্তোয়ং প্রক্ষিপন্তি মহামুনে ॥ ঔকার-
 ব্রহ্মসংযুক্তং গায়ত্র্যা চাভিমন্ত্রিতম্ । তেন দহন্তি তে পাপা বজ্রীভূতেন বারিণা” ॥ ইতি ।

[তথায়] বিশ্বকৰ্ম্মার নিৰ্ম্মিত নানারত্নে অলঙ্কৃত শ্বেতবর্ণ কৈলাস-
 সদৃশ গরুড়ের গৃহও দেখিতে পাইবে ।

সেই রমণীয় প্রদেশসমূহে জনকনন্দিনী সীতার অন্বেষণ করিবে ॥ ৪০ ॥

তার পর সহস্র শৃঙ্গেরদ্বারা জলরাশি ভেদ করিয়া উখিত গোশৃঙ্গনামক জল-
 জাত মনোহর পৰ্ব্বত দেখিতে পাইবে ॥ ৪১ ॥

সেই পৰ্ব্বতের সহস্র সহস্র শৃঙ্গ অরত্নি-প্রমাণ নানারূপ ভয়ঙ্কর মন্দেহ নামক
 রাক্ষসগণকে দেখা যায় ॥ ৪২ ॥

প্রজাপতির অভিষাপে সেই ভয়ঙ্কর রাক্ষসগণ সূর্য্যোদয়ে জলে পতিত হয়
 এবং রাত্রে উখিত হয় ॥ ৪৩ ॥

১। ঘ-ঙ ‘শুভ্রং’ । ২। ঘ ‘তশ্চ’, চ ‘তশ্চ দেশেষু রম্যেষু’ । ৩। ও ‘-স্ৰেষু’ । ৪। চ ‘-মুচ্ছিতম্’ ।
 ৫। ও ‘দ্রক্ষ্যাথান্মুরৌ’ । ৬। চ ‘-ধরপ্রথাং’ । ৭। চ ‘বৃক্ষ-’ । ৮। ঘ-চ ‘লক্ষ্যন্তে’ । ৯। চ ‘আদিত্যোদয়নং’ । ১০। ঘ
 ‘তপ্তা হি সূর্য্যেণ লক্ষ্যন্তে চ পতন্তি চ’, চ ‘-তপ্তাতিসূর্য্যেণ লক্ষ্যন্তে চ পতন্তি চ’, ও ‘-তপ্তা-’ । ১১। ঘ-ছ-চ ‘হি সূর্য্যেণ’ ।

ততঃ পাণ্ডুরমেঘাভং ক্ষীরোদং নাম সাগরম্ ।

গতা দ্রক্ষ্যথ দুর্ধর্ষং মুক্তামণিবরালয়ম্ ॥ ৪৪ ॥

তত্র মধ্যোহংশুমান্ নাম স্থিতো রজতপর্বতঃ ।

দিব্যগন্ধৈঃ সুকুম্বৈ রাজতৈঃ পাদপৈর্বৃতঃ ॥ ৪৫ ॥

তত্র সা রাজতৈঃ পদ্মৈর্নলিনী হেমকেশরৈঃ ।

নান্না সুদর্শনা নাম রাজহংসসমাকুলা ॥ ৪৬ ॥

কিন্নরা বানরা যক্ষা গন্ধর্বাঽপ্সরসস্তথা ।

হৃষ্টাস্তামভিগচ্ছন্তি নলিনীং চারুদর্শনাম্ ॥ ৪৭ ॥

ক্ষীরোদং সমতিক্রম্য ততো দ্রক্ষ্যথ বানরাঃ ।

ঘৃতোদমুদধিশ্ৰেষ্ঠং সর্বভূতমনোহরম্ ॥ ৪৮ ॥

৪৪। লো-টী। ক্ষীরোদং নাম সাগরম্। সাগরপুত্রৈঃ খনিতঃ কশ্চন সাগরঃ
ক্ষীরোদনামা অত্র বর্ততে, ন পুনঃ শাকবেষ্টকো দুগ্ধসমুদ্রঃ।

৪৫। লো-টী। তত্র মধ্যে তস্য তীরে। রাজতৈ রজতাকারৈঃ।

৪৬। লো-টী। তত্র অংশুমতি পর্বতে সুদর্শনা নামা নলিনী নদীত্যম্বয়ঃ। নাম
প্রসিদ্ধৌ। হেমকেশরৈঃ হেমকিঞ্জরৈঃ।

৪৮। লো-টী। ঘৃতোদমিত্যপি অত্রৈব বর্তমানং সাগরশ্চ নানান্তরম্। উদধির্জলাশয়-
শ্ৰেষ্ঠম্।

তার পর শুভ্রমেঘ-তুল্য উৎকৃষ্ট মণি-মুক্তার আধার দুর্ধর্ষ ক্ষীরোদ নামক
সমুদ্রে যাইয়া তন্মধ্যে অবস্থিত দিব্যগন্ধ-যুক্ত পুষ্পে শোভিত রজতবর্ণ বৃক্ষসমূহে
পরিবৃত অংশুমান্ নামক রজতবর্ণ পর্বত দেখিতে পাইবে ॥ ৪৪-৪৫ ॥

সেই অংশুমান্ পর্বতে কাঞ্চনবর্ণ-কেশরবিশিষ্ট রজত-বর্ণ পদ্মে পরিশোভিত
রাজহংসসমূহে সমাকীর্ণ সুদর্শনা নামে প্রসিদ্ধ নদী দেখিতে পাইবে ॥ ৪৬ ॥

কিন্নর, বানর, যক্ষ, গন্ধর্ব এবং অ্প্সরাগণ আনন্দিত হইয়া সেই মনোহর
নদীতে আসিয়া থাকে ॥ ৪৭ ॥

বানরগণ, পরে ক্ষীরোদ সাগর অতিক্রম করিয়া সর্বজীবের মনোমুগ্ধকর
জলাশয়শ্রেষ্ঠ ঘৃত-সাগর দেখিতে পাইবে ॥ ৪৮ ॥

১। ট 'লক্ষ্যত'। ২। ছ-ট '-ধা'। ৩। ঘ-ছ 'তস্য'। ৪। ঘ-ছ 'জাতো'। ৫। ছ-ট 'কুম্বিতৈঃ'।
৬। ঘ-ট 'ঘত্র'। ৭। ও 'পাদৈ-'। ৮। ও '-ভূষিতৈঃ', ট '-পঙ্কজৈঃ'। ৯। ও '-নং'। ১০। ঘ-ট '-হংস-
কুলাকুলা'। ১১। ও '-লম্'। ১২। ক '-দর্শিনীম্'।

যত্র তৎ ক্রোধজং তেজঃ কৃৎস্না হয়মুখং হরিঃ ।

হবিভূতং জলং দিব্যমপিবদ্ববামুখং ॥ ৪৯ ॥

তত্র বিক্ৰোশতাং নাদো ভূতানাং সলিলোকসাম্ ।

শ্রয়তে ভূশমার্ভানাং বিশতাং বড়বামুখম্ ॥ ৫০ ॥

ঘৃতোদশ্চোত্তরে কূলে যোজনানি চতুর্দশ ।

জাতরূপশিলো নাম জাতঃ কনকপর্বতঃ ॥ ৫১ ॥

তস্মাসীনং নগশ্চাগ্রে দ্রক্ষ্যথ জ্বলিতং শ্রিয়া ।

সহস্রশিরসং দেবমনস্তং পীতবাসসম্ ॥ ৫২ ॥

ত্রি-শিরাঃ কাঞ্চনস্তালস্তশ্চ কেতুমহান্ননঃ ।

স্থাপিতঃ পর্বতশ্চাগ্রে রাজতে চিত্রবেদিকঃ ॥ ৫৩ ॥

৪৯। লো-টী। যত্র যশ্চ। তৎ হরিভূতং জলং হরমুখং নিত্যমপিবৎ। কিং কৃৎস্না? কোপজং তেজঃ কৃৎস্না। অতএব বড়বামুখো হরিরুচ্যতে ইতি শেষঃ। 'হরি'রিত্তি পাঠে, হরির্হয়মুখং কৃৎস্না অপিবৎ। কিম্বুতং হয়মুখম্? কোপজং তেজঃ কোপজন্ততেজঃস্বরূপমিত্যর্থঃ। যদ্বা, বড়বামুখো বড়বাগ্নির্ঘশ্চ জলং নিত্যমপিবৎ। কিং কৃৎস্না? হরিরিব হয়মুখং কৃৎস্না। অন্তং সমানম্। "ঔর্কঃ সমুদ্রবহ্নিঃ শ্চাদ্ বাড়বো বড়বামুখঃ" ইতি রত্নমালা।

৫০। লো-টী। বড়বানলং হরর্বড়বামুখাকারমুখং বিশতাম্; "বড়বামুখ"মিতি বা পাঠঃ। বড়বা অশ্বা। যদ্বা, বড়বানলমগ্নির্ঘিশেষম্।

৫১। লো-টী। তত্ত্বীরবাসিনো যে কিম্বরাদয়স্তেষামপি। জাতরূপময়ী শিলা যত্র সঃ। 'জাতরূপাসন' ইতি বিমলবোধপাঠঃ।

৫৩। লো-টী। চিত্রা মনোহরা বেদিকা যত্র সঃ।

বড়বানল [হয়-গ্রীব] বিষ্ণুর গ্নায় ক্রোধ-জন্ত তেজঃস্বরূপ অশ্ব-মুখ ধারণ করিয়া যাহার মনোরম ঘৃতময় সলিল পান করিয়াছিল ॥ ৪৯ ॥

সেখানে বড়বানলের মুখে প্রবিষ্ট অতিশয় কাতর জলচর প্রাণী-দিগের আর্তনাদ শুনিতে পাওয়া যায় ॥ ৫০ ॥

ঘৃত-সমুদ্রের উত্তর তীরে সুবর্ণময় শিলা-যুক্ত চতুর্দশ যোজন বিস্তৃত প্রসিদ্ধ কনক-পর্বত আছে ॥ ৫১ ॥

সেই পর্বতের অগ্রভাগে উপবিষ্ট উজ্জল-কান্তিবিশিষ্ট পীতবসনধারী সহস্রশীর্ষ অনন্তদেবকে দেখিতে পাইবে ॥ ৫২ ॥

বিচিত্র বেদিমধ্যে মহাত্মা অনন্তদেবের স্থাপিত শাখাত্রয়যুক্ত সুবর্ণময় তালবৃক্ষ সেই পর্বতের অগ্রভাগে [পূর্বদিকের সীমা-] চিত্ররূপে বিরাজিত আছে ॥ ৫৩ ॥

১। ছ 'কোপজং', চ 'কায়জং'। ২। চ 'হবিভূতং', ক 'হরিভূতং'। ৩। ক 'নিত্য-'। ৪। উ-উ 'মুখম্'। ৫। ছ 'বৈ ক্রোশ-'। ৬। উ 'তীরে'। ৭। ষ-ঙ-ছ 'তত্র-'। ৮। ঙ-ছ 'নীল-'। ৯। চ '-নাতন্ত তন্ত'।

পূর্বশ্চাং দিশি নির্মাণং দ্রক্ষ্যথ ব্রহ্মনির্মিতম্ ।

ততো হেমময়ঃ শ্রীমানুদয়ো নাম পর্বতঃ ॥ ৫৪ ॥

তস্য কোটির্দিবং শুক্লা শতযোজনমায়তা ।

জাতরূপময়ী দিব্যা রাজতে চ সবেদিকা ॥ ৫৫ ॥

সালৈস্তালৈস্তমালৈশ্চ কর্ণিকারৈশ্চ পুষ্পিতৈঃ ।

জাতরূপময়ৈঃ শৃঙ্গৈঃ শোভতে সূর্য্যসন্নিভৈঃ ॥ ৫৬ ॥

তস্য পর্বতশৃঙ্গেষু বনেষু চ গুহাসু চ ।

রাবাঃ সহ বৈদেহ্যা মার্গিতব্যস্ততস্ততঃ ॥ ৫৭ ॥

তমতিক্রম্য শৈলেন্দ্রং পুনর্দ্রক্ষ্যথ বানরাঃ ।

দশযোজনবিস্তারমুচ্ছ্রুতং শতযোজনম্ ॥ ৫৮ ॥

৫৪। লো-টী। তস্য পূর্বশ্চাং দিশি নির্মাণমধ্বনির্গমম্। “নির্মাণং বীরণোপাঙ্গদেশে মোক্ষেধ্বনির্গমে” ইতি কোষঃ। ‘নির্মাণ’মিতি পাঠে, নির্মিতরাশ্চর্য্যরূপা। ব্রহ্মণা স্বয়মেব নির্মিতং সৃষ্টম্। উদয়ো নাম কশ্চিচ্ছ্রুতীপপর্বতঃ।

৫৫। লো-টী। কোটিরগ্রভাগঃ। দিব্যাকাশম্। সবেদিকা বেদিকয়া সহ বর্তমানা। ‘সর্ববেদিকে’তি পাঠে, সর্বশ্চাং দিশি বেদিকা যশ্চাং সা।

৫৬। লো-টী। সূর্য্যসন্নিভৈঃ পূর্ববৎ প্রকাশমানৈঃ, তদ্বচ্ছৈর্কা কোটিঃ শোভতে।

৫৭। লো-টী। ততো দর্শনানন্তরম্, ততস্ততস্তেষু তেষু শৈলাদিষু শৃঙ্গেষু চ।

৫৮-৫৯। লো-টী। উচ্ছ্রুতমুৎসেধবস্তম্। নগম্ অন্তং শৈলম্।

তারপর পূর্বদিকে ব্রহ্মার বিচিত্র-সৃষ্টি—উদয় নামে কাঞ্চনময় সুন্দর পর্বত দেখিতে পাইবে ॥ ৫৪ ॥

সেই উদয়গিরির শত-যোজন-বিস্তৃত গগনস্পর্শী কাঞ্চনময় মনোরম শিখরদেশ বেদিকার সহিত শোভা পাইতেছে ॥ ৫৫ ॥

পুষ্পিত—সাল, তাল, তমাল ও কর্ণিকার বৃক্ষে এবং সূর্য্য-সদৃশ সুবর্ণময় শৃঙ্গসমূহে [সেই পর্বত] শোভা পাইতেছে ॥ ৫৬ ॥

সেই পর্বতের শৃঙ্গ, বন ও গুহাসমূহে সীতা ও রাবণকে অন্বেষণ করিবে ॥ ৫৭ ॥

বানরগণ, উদয়গিরি অতিক্রম করিয়া পুনরায় দশ-যোজন-বিস্তৃত

১। ক ‘দেব-’। ২। ক ‘প্রাপ্তা’। ৩। ও ‘-ময়াদিষ্টা’। ৪। য-ও-চ ‘বিরাজতি স-’, ছ ‘বিরাজতে হবে-’। ৫। ছ ‘শোভিতে’। ৬। চ ‘বনেষু পবনেষু চ’। ৭। ও ‘-র্জক্যন্তি’। ৮। ও ‘দশ-’।

নগং সৌমনসং নাম জাতরূপময়ং দৃঢ়ম্ ।

তস্য পর্বতরাজস্য মহচ্ছৃঙ্গং মনোরমম্ ॥ ৫৯ ॥

তত্র বৈখানসা নাম বালখিল্যা মরীচিপাঃ ।

প্রাদেশমাত্রা দৃশ্যন্তে সূর্য্যবর্ণাস্তপোধনাঃ ॥ ৬০ ॥

কাঞ্চনস্য চ শৈলস্য সূর্য্যস্য চ মহাত্মনঃ ।

প্রমুখা তেজসা পূর্বা সন্ধ্যা-রক্তা প্রকাশতে ॥ ৬১ ॥

তত্র পূর্বং পদং কৃত্বা তদা বিষ্ণুস্ত্রিবিক্রমঃ ।

দ্বিতীয়ং শিখরে মেরোশ্চকার পুরুষোত্তমঃ ॥ ৬২ ॥

উত্তরেণ পরিক্রম্য জম্বুদ্বীপং দিবাকরঃ ।

দৃশ্যো ভবতি ভূতানাং শিখরং তমুপাশ্রিতঃ ॥ ৬৩ ॥

৬১। লো-টী। শৈলস্য সৌমনসস্য ।

৬২। লো-টী। তত্র সৌমনসে নগে। তদা ত্রিবিক্রমণকালে। দ্বিতীয়ং পাদম্ ।

৬৩। লো-টী। উত্তরেণ উত্তরদিগ্‌বিভাগেন জম্বুদ্বীপং পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য।
শিখরং তম্ সৌমনসশৈলস্য মহৎ শৃঙ্গম্ ।

৬০। টিপ্লনী। বৈখানসাঃ ব্রহ্মনখোৎপন্নঃ, বালখিল্যাঃ ব্রহ্মরোনোৎপন্নঃ ;
“যে নখাস্তে বৈখানসাঃ, যে বালাস্তে বালখিল্যাঃ” ইতিশ্রুতেঃ। গোঃ রাঃ ।

শত-যোজন-উন্নত পর্বতশ্রেষ্ঠ সুবর্ণময় সৌমনস নামে সুদৃঢ় পর্বত দেখিতে
পাইবে, সেই পর্বতরাজের বিশাল শিখর অতিশয় সুন্দর ॥ ৫৮-৫৯ ॥

সেই পর্বতে কিরণপায়ী তপস্বী সূর্য্যের ঞ্চায় দীপ্তিশালী প্রাদেশপ্রমাণ
বালখিল্য ও বৈখানসগণকে দেখিতে পাওয়া যায় ॥ ৬০ ॥

সেই কাঞ্চনময় মহাপর্বত ও সূর্য্যদেবের প্রভায় রঞ্জিত হইয়া পূর্বদিক্
সন্ধ্যার ঞ্চায় লোহিতবর্ণে প্রকাশিত হয় ॥ ৬১ ॥

পুরুষোত্তম বিষ্ণু ত্রিপাদদ্বারা ত্রিভুবন আক্রমণকালে সেই সৌমনস পর্বতে
প্রথম পদ স্থাপন করিয়া সুমেরু পর্বতের শিখরদেশে দ্বিতীয় পদ রাখিয়া-
ছিলেন ॥ ৬২ ॥

উত্তর দিকে জম্বুদ্বীপ পরিভ্রমণ করিয়া সূর্য্যদেব সৌমনস পর্বতের
শিখরদেশে উপস্থিত হইলে প্রাণীদিগের দৃষ্টিগোচর হন ॥ ৬৩ ॥

১। ঘ-ছ ‘-হরম্’। ২। ক-ঘ-ঙ ‘বালখি-’। ৩। ক ‘সূর্য্যাস্তেব’। ৪। চ ‘পূর্বপদং’। ৫। ঙ-পুস্তকে
ইদমর্কং নাস্তি। ৬। ঙ ‘-দ্বীপে’। ৭। ঘ ‘-রস্তং সমা-’, চ ‘-রস্তং সমা-’।

ততঃ সন্দর্শনদ্বীপো গোভিরশ্চ প্রকাশতে ।
 ততস্তেজশ্চ চক্ষুশ্চ সর্বপ্রাণভূতামপি ।
 আক্ষিপ্য সহসা সূর্যো দ্বোততে স্বেন তেজসা ॥ ৬৪ ॥
 শৈলেষেতেষু দিব্যেষু সাগরেষু বনেষু চ ।
 যে বিভক্তা ময়া দেশা বিচেয়া তেষু জানকী ॥ ৬৫ ॥
 ততঃ পরমগম্যা সা পূর্বা দিক্ তিমিরাবৃত্তা ।
 রহিতা চন্দ্রসূর্য্যভ্যামদৃশ্যা লোমহর্ষণী ॥ ৬৬ ॥
 এতাবদ্ বানরৈঃ শক্যং গন্তুং বানরপুঙ্গবাঃ ।
 অভাস্করমর্মর্যাদং ন জানামি ততঃ পরম্ ॥ ৬৭ ॥
 উদয়ং পর্ব্বতং গত্বা আ মাসাদ্বিনিবর্ত্তত ।
 মাসাদূর্দ্ধং ন বস্তুব্যং বসন্ বধ্যো ভবেন্মম ॥ ৬৮ ॥

৬৪। লো-টী। দ্বীপো দ্বীপস্থো জনঃ।

৬৫। লো-টী। যে বিভক্তা বিভজ্য উক্তাঃ। 'যে চ নোক্তা' ইতি বা পাঠঃ।

৬৬। লো-টী। পূর্বা পূর্বাদিক্স্থা গর্ত্তভূমিগুহ্যভূমিক্স্থা। যথা মথুরায়ান্ তিষ্ঠতি গর্ত্তভূমিঃ। যথা বা অঙ্গদহনুমদাদিভিঃ প্রবিষ্টা গর্ত্তভূমিঃ। লোম্নাং হর্ষণম্ উর্দ্ধাবস্থানং শ্রবণেন যশ্চাঃ সা লোমহর্ষণী।

৬৭। লো-টী। অভাস্করমর্মর্যাদং যদ্ দেশান্তরং তদহং ন জানামি। যদ্বা, 'ততঃ পরমগম্যা সা' ইতি যদুক্তং তৎ কথমিত্যপেক্ষায়ামাহ—অহং ন জানামি কুতস্তত্র প্রেষণীয়া ইতি ভাবঃ।

৬৮। লো-টী। আ মাসাদ্ মাসমভিব্যাপ্য। বিনিবর্ত্তত 'বিনিবর্ত্তথ' ইতি বা পাঠঃ।
পূর্বাদিক্প্রেষণো নাম সর্গঃ।

তারপর তাঁহার কিরণে সন্দর্শনদ্বীপ প্রকাশিত হয়। পরে সূর্য্যদেব সকল প্রাণীদিগের তেজ এবং চক্ষু সহসা আকর্ষণ করিয়া স্বীয় দীপ্তিতে উদ্ভাসিত হন ॥ ৬৪ ॥

এই সমস্ত মনোহর পর্ব্বত, সমুদ্র এবং বনে যে সমস্ত দেশ আমি পৃথক্ করিয়া বলিয়াছি, সেই সমস্ত দেশে জনকনন্দিনী সীতাকে অন্বেষণ করিবে ॥ ৬৫ ॥

তার পর পূর্ব্বদিকে আর গমন করিতে পারা যায় না; তাহা চন্দ্রসূর্য্য-বিরহিত অন্ধকারাবৃত্ত রোমাঞ্চ-জনক ॥ ৬৬ ॥

হে শ্রেষ্ঠ বানরগণ, বানরগণ এই পর্য্যন্তই যাইতে পারিবে; ইহার পর সীমারহিত সূর্য্যের আলোকবর্জ্জিত দেশের কথা আমি জানি না ॥ ৬৭ ॥

উদয় পর্ব্বতে যাইয়া এক মাসের মধ্যে প্রত্যাবর্ত্তন করিবে, কেহ এক মাসের অধিক অবস্থান করিবে না, করিলে আমার বধাই হইবে ॥ ৬৮ ॥

১। ও '-যাঃ শোভতে'। ২। ও 'কর্ম্মণা'। ৩। ঘ-ঙ-ছ 'চ নোক্তা'। ৪। ছ 'রোমহর্ষণা', ৫ 'লোমহর্ষণা'। ৬। ছ 'জাত্বা'। ৭। ঘ 'আ মাসাদ্বিনিবর্ত্তথ', ৮ 'আ মাসাদ্বিনিবর্ত্তম', ৯ 'তমাসাত্ত নিবর্ত্তত', ১০ 'আ মাসাদ্ বিনিবর্ত্তথ'।

সিদ্ধার্থাঃ সন্নিবর্ত্তধ্বমবগম্য তু মৈথিলীম্ ।

এবং প্রতিসমাদিষ্টাঃ সুগ্রীবেন মহাত্মনা ॥ ৬৯ ॥

মহেন্দ্রকান্তাং বনশৈলমণ্ডিতাং

দিশং কপীন্দ্রা নিপুণং বিচিন্ত্য ।

নরেন্দ্রপত্নীমুপলভ্য মৈথিলীং

ততো নিবৃত্তাঃ স্থখিনো ভবিষ্যথ ॥ ৭০ ॥

ইত্যর্থে বান্দীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিঙ্কিক্যাকাণ্ডে পূর্বদিক্-প্রেষণং

নাম চত্বারিংশঃ সর্গঃ ॥ ৪০ ॥

মিথিলা-রাজনন্দিনী সীতার বিষয় জানিয়া কৃতকার্য্য হইয়া প্রত্যাবর্ত্তন কর ।
মহাত্মা সুগ্রীব [বানরগণকে] এইরূপ আদেশ করিলেন ॥ ৬৯ ॥

শ্রেষ্ঠ বানরগণ, বন ও পর্বত-শোভিত পূর্বদিক্ নিপুণভাবে অন্বেষণ করিয়া
রাজপত্নী সীতার বিষয় অবগত হইয়া প্রত্যাগমন করিলে পরে [পুরস্কার লাভে]
সুখী হইবে ॥ ৭০ ॥

মহর্ষি বান্দীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিঙ্কিক্যাকাণ্ডে পূর্বদিক্-প্রেষণ

নামক ৪০শ সর্গ সমাপ্ত ॥ ৪০ ॥

(৪১) একচত্বারিংশঃ সর্গঃ

অথ প্রস্থাপ্য স হরীন্ দিশং পূর্বাং হরীশ্বরঃ ।

অপরান্ প্রেষয়ামাস বানরান্ দক্ষিণাং দিশম্ ॥ ১ ॥

অত্রবীদ্ গিরিসঙ্কশং হনুমন্তুমুপস্থিতম্ ।

পিতামহসুতকৈব জাম্ববন্তং মহাকপিম্ ॥ ২ ॥

নীলমগ্নিসুতকৈব নলং চন্দনমেব চ ।

শরার্চিষং সুহোত্রঞ্চ শরশূল্যং তথৈব চ ॥ ৩ ॥

গয়ং গবাক্ষং গবয়ং কুমুদম্বষভস্তথা ।

মৈন্দঞ্চ দ্বিবিদকৈব শরভং গন্ধমাদনম্ ॥ ৪ ॥

দরীমুখং ভীমমুগং তারঞ্চ বনগোচরম্ ।

অঙ্গদপ্রমুখানেতান্ হরীন্ কপিগণেশ্বরঃ ।

বেগবিক্রমসম্পন্নান্ সন্দিদেশ বিশেষতঃ ॥ ৫ ॥

[লো-টী] । স্বশুরমত্রবীদিতান্বয়ঃ । কঃ স্বশুরস্তমাহ সম্পাতিরিতি । হে যুগপাঃ, অসৌ তারাপিতা যথা তথা অয়ং সম্পাতিঃ ভবদ্ভিঃ সর্বদা মাতৃঃ পূজ্যশ্চ ন ভবতি ? অপি তু ভবত্যেব । 'স যথাসা'বিত্তি পাঠে সোহমৌ তারাপিতা দ্রোণে গিরিবিশেষে বিষয়ো নিলম্বো যশ্চ সঃ । 'দ্রোণো গিরিবিশেষে স্মাৎ দ্রোণশব্দস্ত আঢ়কে' ইতি ধ্বনিঃ ।

তারপর বানররাজ সুগ্রীব কতিপয় বানরকে পূর্বদিকে প্রেরণ করিয়া অপর কতকগুলি বানরকে দক্ষিণ দিকে প্রেরণ করিলেন ॥ ১ ॥

[এবং] উপস্থিত পর্বতসদৃশ হনুমান্ ও ব্রহ্মার পুত্র মহাকপি জাম্ববান্কে [বিশেষ করিয়া] বলিলেন ॥ ২ ॥

বানররাজ সুগ্রীব—অগ্নিপুত্র নীল, নল, চন্দন, শরার্চিষ, সুহোত্র, শরশূল্য, গয়, গবাক্ষ, গবয়, কুমুদ, ঋষভ, মৈন্দ, দ্বিবিদ, শরভ, গন্ধমাদন, দরীমুখ, ভীমমুখ, তার, বনগোচর ও অঙ্গদ প্রভৃতি বেগ-বিক্রমশালী বানরদিগকে বিশেষ ভাবে আদেশ দিলেন ॥ ৩-৫ ॥

১। ষ 'তু'। ২। ষ 'প্রেরয়া-'। ৩। ও '-দি'ব-'। ৪। ও-ই-চ '-ম্ব-'। ৫। ও 'জাম্ববন্তং'।
৬। চ 'গবয়ঞ্চ গবাক্ষঞ্চ'। ৭। ষ-ঙ-ছ-চ 'স্বষণ-'। ৮। ছ '-খান্ সর্বান'।

তেষাং দোষং গুণকৈব মহদ্ বলমসঙ্গতম্ ।
 বিমূশ্চ হরিবীরাণামাদিশদ্ দক্ষিণাং দিশম্ ॥ ৬ ॥
 বৃতঃ শতসহস্রৈশ্চ তারো যো হরিসত্তমঃ ।
 ঐতৈঃ সহ মহাভাগৈর্কবানরৈঃ কামরূপিভিঃ ।
 অভিযাতি মহাভাগাং বিশালাং দক্ষিণাং দিশম্ ॥ ৭ ॥
 যে কেচন সমুদ্দেশাস্তস্ম্যাং দিশি সূদুর্গমাঃ ।
 সূগ্রীবঃ কপিমুখ্যানামাদিদেশ চ তান্ হরীন্ ॥ ৮ ॥
 সহস্রশিখরং বিক্রাং নানাঙ্গিগণায়ুতম্ ।
 নন্দাদাক্ষ নদীং দুর্গাং বিচিন্বন্ত বনৌকসঃ ॥ ৯ ॥
 পর্বতপ্রভবাং ভীমাং তীক্ষ্ণশ্রোতস্তরঙ্গিনীম্ ।
 নানাপক্ষিরুতাং রমাং পুণ্যাং বেত্রবতীং নদীম্ ॥ ১০ ॥

৬। লো-টী। অসঙ্গতং কস্তাপি বলেন সদৃশাকর্তৃ মনোগাম্ ।

৭। লো-টী। ঐতৈর্মহাভাগৈঃ শতসহস্রৈশ্চ শতসহস্রৈর্বৃতঃ সন্ যাতু ইতি শেষঃ । ততশ্চ তান্ মহাভাগানাং—হে মহাভাগা যুগ্মপি অনেন সহ অভিযাত ইত্যম্বয়ঃ । বিশালাং বহুযোজনব্যাপিকাম্ ।

৮। লো-টী। সমুদ্দেশা দেশা ইত্যর্থঃ । তান্ দেশান্ কপিমুখ্যানাং মধ্যে তান্ হনুমান্দীন সর্কানাং দিদেশ ।

১০। লো-টী। তীক্ষ্ণমুকটং শ্রোতো বেগস্তরঙ্গশ্চ বর্ততে যস্তাং তাং বেত্রবতীং বিচিন্বন্ত ইতি পূর্বক্রিয়য়া সম্বন্ধঃ ।

সেই বীর বানরদিগের দোষ, গুণ এবং অতুলনীয় মহাবল বিবেচনা করিয়াই দক্ষিণ দিকে যাইতে আদেশ দিলেন ॥ ৬ ॥

[সূগ্রীবের আদেশে] শ্রেষ্ঠ বানর 'তার' ইহাদের সহিত কামরূপী মহাভাগ শত-সহস্র বানরে পরিবৃত হইয়া সুবিস্তীর্ণ ভূ-ভাগসম্বিত বিশাল দক্ষিণ দিকে যাওয়া করিলেন ॥ ৭ ॥

দক্ষিণ দিকে যে সমস্ত দুর্গম দেশ আছে সূগ্রীব শ্রেষ্ঠ বানরদিগের মধ্যে সেই বানরগণকে সেই সকল দেশে যাইতে আদেশ দিলেন— ॥ ৮ ॥

বানরগণ বহুবিধ পক্ষিবৃন্দে পরিব্যাপ্ত সহস্র-শৃঙ্গ বিক্রা-পর্বত, দুর্গম নন্দা নদী এবং পর্বত হইতে উৎপন্ন ভয়ঙ্কর খরশ্রোতা তরঙ্গশালিনী নানাবিধ পক্ষিগণের কলনাদে মুখরিত রমণীয় পবিত্র বেত্রবতী নদীতে অন্বেষণ করুক ॥ ৯-১০ ॥

১। চ 'হুম্মতকৈব' । ২। ঘ '-মসঙ্গতম্', চ 'সমপিতম্', ও-ছ '-মসঙ্গতম্' । ৩। ঘ-চ 'তারো' । ৪। চ-পু-স্ক-ক-অন্তঃ প্রভৃতি নবমশ্লোকান্তঃ নাশ্চি । ৫। ছ 'স' । ৬। ক 'ক্ষমলভাবতম্' । ৭। ক 'দিবাং' ।

তত্র পৰ্বতদেশেষু কুঞ্জেষু বিষমেষু চ ।
 রাবণঃ সহ বৈদেহ্যা মার্গিতব্যস্ততস্ততঃ ॥ ১১ ॥
 তাক্ষ দিব্যাং গিরিনদীং কৃষ্ণবর্ণাং মহানদীম্ ।
 দেবিকাং বাহুদাং রম্যাং পুণ্যাং বাহুমতীমপি ॥ ১২ ॥
 মেকলানুৎকলাংশ্চদীন্ দশার্গান্ কুকুরানপি ।
 অন্তর্বেদীংশ্চ বিমলান্ বিচিত্রস্ত বনৌকসঃ ॥ ১৩ ॥
 ততো ভোজাংশ্চ পাণ্ড্যাংশ্চ বিচিত্র্য গিরিভির্কৃতান্ ।
 গন্তব্যো মলয়ঃ শ্রীমান্ পৰ্বতে ধাতুমণ্ডিতঃ ॥ ১৪ ॥
 অশ্বশীতাং বেগবতীং সমৃদ্ধানি পুরাণি চ ।
 বিদর্ভানৃষিকাংশ্চৈব রম্যাং মাহিষিকীমপি ॥ ১৫ ॥
 অশ্মকান্ পুলিন্দাংশ্চ কলিঙ্গাংশ্চ বিশেষতঃ ।
 অন্বিম্য দণ্ডকারণ্যং সনির্বরনদীগুহম্ ॥ ১৬ ॥

- ১১। লো-টী। তত্র তস্তাঃ সমীপে যে পৰ্বতাঃ পাদাশ্চ প্রত্যস্তপৰ্বতাঃ পৰ্বতৈকদেশ-
 পৰ্বতাস্তেষু ।
 ১২। লো-টী। গিরিনদীং গিবুদ্ভবাম্ ।
 ১৩। লো-টী। মেকলান্ দেশবিশেষান্ । গন্ধবানপি(?) তথৈব আত্মাবতীং দেশম্ ।
 ১৫। লো-টী। বেগবতীং নদীমশ্বশীতাং শীতলজলাম্। ঋষিকান্ দেশবিশেষান্, মাহিষিকীং
 পুরীম্ ।
 ১৬। লো-টী। অশ্মকান্ পুলিন্দানিতি চ তন্নামকং দেশদ্বয়ম্ ।

সেখানে পার্বত্য প্রদেশ এবং বিষম লতাগৃহ সমূহে সর্বত্র বিদেহ-রাজনন্দিনী
 সীতা ও রাবণের অন্বেষণ করিবে ॥ ১১ ॥

বানরগণ সেই মনোরম পার্বত্য নদী, কৃষ্ণবর্ণা মহানদী, দেবিকা, রমণীয়
 বাহুদা এবং পবিত্র বাহুমতী নদী, মেকল, উৎকল, দশার্গ, কুকুর ও বিমল অন্তর্বেদী
 দেশ অনুসন্ধান করুক ॥ ১২-১৩ ॥

মহাবীর শতবলি পর্বতজালসমাচ্ছন্ন দুর্গম উত্তর দিকে গমন করিলেন ; বহু সৈন্য তাঁহার অনুগামী হইল ॥ ৬ ॥

ভীম-বিক্রমশালী বানরগণ মাগর, মাগরের প্রান্তস্থিত মজল দেশ, নদী এবং নগরসমূহ—সর্বত্র গমন করিল ॥ ৭ ॥

সমস্ত বানর স্মৃত্ত্রীবের আদেশ অনুসারে নিজ নিজ গন্তব্য দিক্ লক্ষ্য করিয়া সত্বর প্রস্থান করিল ॥ ৮ ॥

সেই মহাবেগশালী বানরগণের কেহ কেহ স্বাভাবিক শব্দ করিতে করিতে কেহ কেহ উচ্চ শব্দ করিতে করিতে কেহ কেহ গর্জন করিতে করিতে কেহ কেহ বা ব্যস্ততার সহিত দৌড়াইতে দৌড়াইতে প্রস্থান করিল ॥ ৯ ॥

আমরা সীতাকে মৃত্যুর গ্রাস হইতেও আনয়ন করিব। তিনি যদি পাতাল-তলে অথবা সমুদ্রের মধ্যেও থাকেন তাহা হইলেও আমরা তাঁহাকে আনয়ন করিব ॥ ১০ ॥

১। ক '-রাজ-'। ২। ও-ছ-চ '-কলাম্'। ৩। ক 'পর্বতা-', ৪ 'মাগরপ্রস্থান্'। ৫। ছ 'পত্তনানি চ'। ৬। ঘ-ঙ 'খেলন্তো'। ৭। ও 'অনিষ্ঠামো'। ৮। ক '-থাগতাম্'।

প্রতিজ্ঞাং চক্রিরে বীরাঃ প্লবমানা মহৌজসঃ ।

অহমেকো হনিধ্যামি রাবণং দুর্ভুতমাহবে ॥ ১১ ॥

তথৈবোন্মথ্য তরসা হরিষ্যে জনকান্নজাম্ ।

কিং বহুনাং শ্রমেণাত্র ভবদ্ভিঃ শ্রয়তামিহ ॥ ১২ ॥

অহমেবানয়িষ্যামি পাতালাদপি জানকীম্ ।

বিধমিষ্ঠ্যাম্যহং বৃক্ষাংশ্চালয়িষ্যামি পর্বতান্ ॥ ১৩ ॥

বসুধাং দারয়িষ্যামি ক্ষোভয়িষ্যামি সাগরান্ ।

অহং যোজনবিংশানাং প্লবিতা নাত্র সংশয়ঃ ॥ ১৪ ॥

অবুদ্ধিবানরপতির্ষঃ খেদয়তি বানরান্ ।

অহমেকো ভবিষ্যামি কার্য্যশ্চৈতস্য সাধকঃ ॥ ১৫ ॥

ভূতলে সাগরে বাপি সরিচ্ছৈলেষু বা পুনঃ ।

পাতালস্যাপি বা মথো ন বিহন্তেত মে গতিঃ ॥ ১৬ ॥

১৪। লো-টা। যোজনবিংশানাং বিংশতি যোজনানি পাততা প্লুতগমনেন পতিষ্যামি।

১৫। লো-টা। যদ্ যস্মাৎ।

মহা-তেজস্বী বলশালী বানরগণ [প্রত্যেকে] এইরূপ প্রতিজ্ঞা করিল—
আমি একাই যুদ্ধে দুষ্ট রাবণকে বধ করিব এবং বলপূর্বক সীতাকে উদ্ধার করিয়া
আনয়ন করিব। এবিষয়ে অধিক ব্যক্তির পরিশ্রমের প্রয়োজন নাই; আপানরা
শুভুন—আমিই পাতাল-তল-হইতে জনকনন্দিনী সীতাকে আনয়ন করিব, আমিই
বৃক্ষসকল ভগ্ন করিব এবং পর্বতসকল সঞ্চালিত করিব ॥ ১১-১৩ ॥

আমি পৃথিবী বিদৌর্ণ করিব, সাগর সকল আলোড়িত করিব এবং বিংশতি
যোজন পথ উল্লঙ্ঘনে গমন করিব—এবিষয় সন্দেহ নাই ॥ ১৪ ॥

বানররাজের বুদ্ধি নাই; তিনি বানরদিগকে [অকারণে] কষ্ট দিতেছেন;
আমি একাই এই কার্য্য সাধন করিব। পৃথিবী, সাগর, নদী, পর্বত অথবা পাতালের
মধ্যেও আমার গতি অব্যাহত ॥ ১৫-১৬ ॥

১। উ 'গমিষ্যামি', ৭ 'গমিষ্যামি দৃপ্তং রাবণমাহবে'। ২। ক '-গাষ্ঠ'। ৩। ড-ঢ '-মিতি'। ৪। উ-ঢ
'শোষয়ি-'। ৫। ঢ '-শগ্যা'। ৬। ঢ 'পূরিতো'। ৭। ৭ 'চ ন'। ৮। ঘ 'দুর্ভুত'। ৯। ক 'ক্ষেভয়তি'।
১০। উ-৭ 'গমিষ্যামি'। ১১। উ-৭ '-শৈকস্ত'। ১২। উ-ছ-ঢ 'মে'। ১৩। ঘ 'চ হন্তেত', ৭ 'বিহন্তেৎ'।
১৪। ঘ-উ-ছ-ঢ 'বৈ', ৭ 'সদা গতিঃ'।

এবমেকৈকশস্ত্রে বানরা বলদর্পিতাঃ ।

উচুস্তে বচনং তস্মিন্ হরিরাজস্য সঙ্গমে ॥ ১৭ ॥

এবমুক্ত্বা হরিশ্রেষ্ঠাঃ স্বে স্বে সৈন্তে মহাবলাঃ ।

বিপ্রজগ্মুমহাত্মানঃ সুগ্রীবস্য হিতৈষণাঃ ॥ ১৮ ॥

ইতি রাজা দিশঃ সর্বাঃ সংপ্রস্থাপ্য বিচায়কান্ ।

কপিসেনাপতান্ মুখ্যান্ সুগ্রীবো মুদিতোহভবৎ ॥ ১৯ ॥

হত্যার্ধে বাণ্মৌকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্দ্যাকাণ্ডে বানরপ্রয়াগঃ

নাম পঞ্চচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৫ ॥

১৯। লো-টী। বিচায়কান্ অশ্বেষয়িত্বান্। বানরাভিগজ্জনম্।

১৭। টিপ্সনী। সঙ্গমে সন্নিধাবিত্যর্থঃ। যদ্বা সঙ্গমঃ সঙ্গমনা প্রেরণেতি যাবৎ।
ণ্যন্তাদচ্। অন্তর্ভূতগ্যর্থো বা প্রয়োগঃ। সুগ্রীবস্তগমনা দেশানন্তরনেবমূচুরিত্যর্থঃ। যদ্বা তস্মিন্
সঙ্গমে সন্মেলনে বানরযুথমধ্যে ইত্যর্থঃ, হরিরাজস্য সঙ্ঘে একে মূচুরিত্যর্থঃ।

বলদর্পিত বানরগণ একে একে সেই যুথমধ্যে বানররাজের সঙ্ঘে এইরূপ
বলিতে লাগিল ॥ ১৭ ॥

এইরূপ বলিয়া সুগ্রীবের হিতৈষী বলশালী মহামনা শ্রেষ্ঠ বানরগণ নিজ
নিজ সৈন্ত-সমীপে গমন করিল ॥ ১৮ ॥

এইরূপে মহারাজ সুগ্রীব প্রধান বানর-সেনাপতিদিগকে সকল দিকে
অশ্বেষণ করিতে প্রেরণ করিয়া আনন্দিত হইলেন ॥ ১৯ ॥

মহর্ষি বাণ্মৌকি-প্রণীত আদিকাব্যে রামায়ণের কিষ্কিন্দ্যাকাণ্ডে বানরগণের প্রস্থান-

নামক ৪৫শ সর্গ সমাপ্ত ॥ ৪৫ ॥

১। য-ছ 'রাঃ'। ২। য-ছ '-তাঃ'। ৩। য-ছ '-উবাচ'। ৪। ক-চ '-স্বাং স্বাং দিশং'। ৫। ক-ঘ-চ
'তদা'। ৬। য-গ 'বিচায়কান্', ক 'বিচারকান্'। ৭। ঙ '-পতিস্মু-'। ৮। চ '-হ্রস্বাৎ'। ৯। অঙঃ পরং
ক-পুস্তকে 'রামঃ প্রস্রবণে তস্মিন্ শ্রবসৎ সহস্রগণঃ। প্রতীক্ষমাণস্তং মাসং সৌতাদিগমনে কৃতম্ ॥' ইতি অশ্রু সর্গশ্চেব
দ্বিতীয়শ্লোকোহত্র দৃশ্যতে।

(৪৬) ষট্চত্বারিংশঃ সর্গঃ*

গতাঃ স্বাং স্বাং ততঃ সেনাং বানরা বলদর্পিতাঃ ।
 উদ্যোগমাজ্ঞাপয়িতুং সংহরন্তে ততস্ততঃ ॥ ১ ॥
 তেভ্যশ্চ বলমুখ্যেভ্যো মুগ্যানুদ্ধৃত্য যুথপান্ ।
 বালবৃদ্ধাতুরাংশৈশ্চ ব স্ত্রিয়শ্চৈব ব্যসর্জয়ন্ ॥ ২ ॥
 জড়ক্লীবান্ধবধিরানবিক্রমসহানপি ।
 বালানবিদিতার্থাংশ্চ পুত্রাংশ্চৈব ন্যবর্তয়ৎ ॥ ৩ ॥
 আদিশ্য গৃহকশ্মাপি সর্কে তে দেষু বন্ধুযু ।
 বিধিবৎ প্রস্থিতা বীরাঃ স্ত্রীণীবনুপতস্থিরে ॥ ৪ ॥
 কৃতকৃত্যা বয়ং রাজন্ কৃতপ্রস্থানিকক্রমাঃ ।
 ন শোচিতব্যং রামেণ জনকস্য স্ততাং প্রতি ॥ ৫ ॥

১। লো-টা। ততস্ততঃ স্বস্মিন্ স্বস্মিন্ স্থানে, ততঃ সত্বৎ গতাঃ। কিমর্থং? স্বাং দ্বাং সেনানুদ্যোগং গমনোদ্যোগমাজ্ঞাপয়িতুম্।

৩। লো-টা। জড়ান্ অলপান্। ক্লীবান্ অসমগান্। সবধিরান্ বধিরৈঃ সহ বর্তমানান্। বধিরো বাধিধাং বা। বিক্রমং পরাক্রমং যেন সহন্তে তান্। বিহিতঃ সমর্পিতো-
 হর্গঃ প্রয়োজনং যেষু তান্ কার্ষিণ ইত্যর্থঃ। 'বিদিতার্থানি'তি পাঠে বিদিত আশ্রিতঃ অর্গঃ
 প্রয়োজনং যেষু তান্।

৫। লো-টা। কৃত্য প্রস্থানিকী প্রস্থানার্থা ক্রিয়া যেষু। 'কৃতপ্রস্থানিকক্রমা'
 ইতি বা পাঠঃ।

তাহার পর বলদর্পিত বানরগণ নিজ নিজ সৈন্য সকাশে গমন করিয়া
 চারিদিকে সজ্জিত হইবার আদেশ প্রদান করিতে ব্যস্ত হইয়া উঠিল ॥ ১ ॥

[তাহারা] সেই বানর-সৈন্যদিগের মধ্য হইতে প্রধান দলপতিদিগকে গ্রহণ
 করিয়া বালক, বৃদ্ধ, রোগী এবং স্ত্রীলোকদিগকে পরিত্যাগ করিল ॥ ২ ॥

জড়, ক্লীব, অন্ধ, বধির, দুর্বল, পালক, অজ্ঞান এবং পুত্রদিগকে নিবর্তিত
 করিল ॥ ৩ ॥

সেই সকল বীর স্বীয় বন্ধুদিগের প্রতি গৃহকর্মের আদেশ দিয়া যথাবিধি
 যাত্রা করিয়া স্ত্রীণীবের নিকটে উপস্থিত হইল ॥ ৪ ॥

মহারাজ, আমরা [যাত্রাকালীন] কর্তব্য সম্পাদন করিয়াছি, আমাদের গমনের
 আয়োজন সমাপ্ত হইয়াছে ; রামচন্দ্র যেন সীতার জন্ত শোক না করেন ॥ ৫ ॥

১। ৭ '-মাধ্যা-'। ২। চ 'সংহরন্তে'। ৩। চ 'বানরান্'। ৪। ও 'জড়ান্ ক্লীবান্ বধিরাস্তান্
 বিক্রমাংশ্চ স-', চ 'জরান্ ক্লীবাংশ্চ'। ৫। চ '-রান্ হরীন্ বিক্রমবর্জিতান্'। ৬। ও 'সন্বেষেতেষু'। ৭। ও 'মা'।

যদি সীতা হতা রাজন্নপি সেন্দ্রেদিবালয়েঃ ।

^১ তথাপ্যধিগমিষ্যামো রাবণঞ্চ নিশাচরম্ ॥ ৬ ॥

সর্বথা ন ভবিষ্যন্তি তেহুবকাশা মহাভুজ ।

^৩ যান্ বয়ং ন বিচেক্ষ্যামস্থনিয়োগপরায়ণাঃ ॥ ৭ ॥

^৪ তস্মাদাগমনং রাজন্ সর্বথা প্রতিপাল্যতাম্ ।

^৬ ততো দ্রক্ষ্যসি বৈদেহীং নিহতে রাক্ষসাধমে ॥ ৮ ॥

ইদং প্রথমমস্মাকং ভর্তুঃ শাসনমাগতম্ ।

অবশ্যং প্রতিমোক্লেব্যং বদৃগং ভর্তুজং গুরোঃ ॥ ৯ ॥

উপকারং হি কো ভর্তুন প্রকুর্যাৎ কৃতে সতি ।

নিষ্ক্রয়োহয়ং স্বভক্তস্য ভর্তুর্বা শাসনস্য চ ॥ ১০ ॥

৬। লো-টী। দিবং স্বর্গ আস্রয়ো যেষাং তৈঃ সহ যদি রাবণেন হতা, তদাপি স্বর্গেহপি অধিগমিষ্যামি জ্ঞাস্তানি ।

৭। লো-টী। তেহুবকাশাঃ স্থানানি ।

৮। লো-টী। হৃষ্টেন হর্ষবক্তেন প্রতিপাল্যতাং প্রতিক্ষ্যতাম্ ।

৯। লো-টী। আগঃ উপস্থিতম্ ।

১০। লো-টী। ভর্তুঃ কৃতে নিমিত্তে সতি উপস্থিতঃ কঃ পুমানুপকারং ন কুর্যাৎ ।

মহারাজ, যদি রাবণ ইন্দ্র ও দেবগণের সাহায্যে সীতাকে হরণ করিয়া থাকে তাহা হইলেও নিশাচর রাবণকে জানিতে পারিব ॥ ৬ ॥

হে মহাবাহো, আপনার আজ্ঞানুবর্তী হইয়া আমরা যে স্থান অন্বেষণ করিব না, একরূপ স্থান থাকিবে না (অর্থাৎ সকল স্থানেই আমরা অন্বেষণ করিব) ॥ ৭ ॥

অতএব মহারাজ, সর্বপ্রকারে আনাদের আগমন পর্য্যন্ত অপেক্ষা করুন, পরে রাক্ষসাধম রাবণ নিহত হইলে বিদেহ-রাজনন্দিনী সীতাকে দেখিতে পাইবেন ॥ ৮ ॥

আমাদের নিকটে এই প্রথম গৌরবান্বিত প্রভুর আদেশ উপস্থিত । প্রভুর ঋণ অবশ্যই পরিশোধ করা উচিত ॥ ৯ ॥

কোন ব্যক্তি প্রভুর কার্য উপস্থিত হইলে তাঁহার উপকার না করে ; ইহা প্রভুর স্বীয় অন্ত ও শাসনের মূল্য ॥ ১০ ॥

১। ও-চ-ণ 'তত্রাপ্য-' । ২। য-হ '-ভুজঃ' । ৩। ও-ণ 'যাবদ্বয়ং' । ৪। ৭ 'অস্ম-' । ৫। ও 'কৃত্বেন্ন', চ-ণ 'হৃষ্টেন' । ৬। ও 'দ্রক্ষ্যামি' । ৭। ও '-দিপে' । ৮। চ 'যাদৃগং' । ৯। য-চ-ণ 'লো' । ১০। চ '-র্তুঃ প্রতিকুর্যাৎ' । ১১। ও 'কুর্যাস্তা কু-' । ১২। ৭ 'নিষ্ক্রমোক্তং প্রকৃতস্য' । ১৩। ৭-চ 'স্বভক্তস্য' । ১৪। চ 'ভর্তৃপিতৃশনস্য চ' ।

তে বয়ং তব বৈদেহীমাণেশ্যামো হি রাঘব ।

ইহাস্ম্য নরশাৰ্দীল ত্যজ শোকমরিন্দম ॥ ১১ ॥

ইতি তান্ ক্ৰবতঃ সৰ্বান্ বানরান্ বারণোপমান্ ।

উবাচ রাজা স্মগ্ৰীবো বচনং হেতুমন্মহৎ ॥ ১২ ॥

দেবদানবগন্ধৰ্বমহর্ষিতনয়া গুণৈঃ ।

উত্তমৈরুত্তমবলা ভবন্তুঃ সততোদ্যতাঃ ॥ ১৩ ॥

যুগ্মদ্বলমুপাশ্রিত্য ময়েদং রক্ষ্যতে বনম্ ।

ভবতাক্ষ প্রযত্নেন প্রতিজ্ঞা সফলা ভবেৎ ॥ ১৪ ॥

যথোদ্দিষ্টা ময়া শৈলাঃ কাননানি মহাস্তি চ ।

নত্বেহথ বিপূলা বাপ্যঃ পাদপাশ্চ সরাসি চ ॥ ১৫ ॥

১৩। লো-টী। সততোদ্যতাঃ সততং গ্রামেষু প্রোথতা বুদ্ধিমন্তো বা ।

১৪। লো-টী। বনং কিঙ্কিয়াখ্যং গৃহম্। 'বনং গেহে জলেহরণ্যে' ইতি ভূরিঃ ।

রামচন্দ্র, সেই আমরা আপনার ভার্য্যা বিদেহ-রাজনন্দিনী সীতাকে আনয়ন করিব। হে শত্রু-দমন, হে নরশ্রেষ্ঠ, আপনি শোক পরিত্যাগ করুন ॥ ১১ ॥

সেই হস্তি-তুল্য বানরগণ এইরূপ বলিলে মহারাজ স্মগ্ৰীব তাহাদিগকে যুক্তিযুক্ত বাক্য বলিলেন ॥ ১২ ॥

তোমরা দেবতা, দানব, গন্ধৰ্ব এবং মহর্ষিগণের সন্তান, সর্বদাই উত্তমশীল, উৎকৃষ্ট বলশালী এবং উত্তম গুণসম্পন্ন ॥ ১৩ ॥

তোমাদের বল আশ্রয় করিয়া আমি এই কিঙ্কিয়া রক্ষা করিতেছি। [আশাকরি] তোমাদের চেষ্টায় [আমার] প্রতিজ্ঞা সফল হইবে ॥ ১৪ ॥

আমি পর্বত, বিশাল বন, নদী, দীর্ঘিকা, বৃক্ষসমূহ এবং বিশাল সরোবর সকল যেরূপ নির্দেশ করিয়াছি এবং যে সমস্ত শ্রেষ্ঠ গন্ধৰ্বদিগের গৃহ, বন এবং

১। চ '-মঃ পরস্তপ'। ২। ঘ-ণ 'ইহ জং'। ৩। ৭ 'ক্রবাণান্ তান্'। ৪। ও 'বানরোত্তমান্', চ 'বানরোপমান্'। ৫। চ 'বচনং রাজা স্মগ্ৰীবো হে-'। ৬। চ 'সদৃশা'। ৭। ও '-য়েগুণৈঃ'। ৮। ও-চ '-গুণা'। ৯। ঘ-ঙ-চ '-তোদ্যতাঃ'। ১০। ও '-দ্বলং সমা-'। ১১। চ 'প্রসাদেন'। ১২। ঘ-ণ 'মহা-'। ১৩। চ 'নত্বেহ'। ১৪। ৭ 'রম্যাঃ'। ১৫। ও '-পাশ্চ'।

যানি গন্ধর্ব্বমুখ্যাণাং ভবনানি বনানি চ ।

কিন্নরাণাং নিবাসাশ্চ ময়োদ্দিষ্টা যথাযথম্ ॥ ১৬ ॥

তেষু সর্বেষু বৈদেহীং বিচিত্যাগস্তমর্হথ ।

বয়মপ্যভিপশ্যামঃ কার্য্যশেষমনন্তরম্ ॥ ১৭ ॥

ইতি তেনাভ্যনুজ্ঞাতাঃ কৃত্বা তে তং প্রদক্ষিণম্ ।

প্রাতিষ্ঠন্ত হরিশ্রেষ্ঠা যথা সংবিহিতা দিশাঃ ॥ ১৮ ॥

ইত্যর্ষে বাণ্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিষ্কিন্দ্যাকাণ্ডে বানরপ্রয়াণং নাম
ষট্চত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৬ ॥

১৭। লো-টী। অনন্তরং পশ্চাৎ। অভাগচ্ছামঃ নির্ণয়ামঃ। ‘অভিপশ্যাম’ ইতি বা
পাঠঃ।

১৮। লো-টী। অং বিহিতাঃ সুগ্রীববেণ যথোদ্দিষ্টাঃ।
বানরপ্রেষণং সর্গঃ।

কিন্নরদিগের বাসস্থানের কথা আমি বলিয়াছি সেই সমস্ত স্থানে বিদেহ-রাজনন্দিনী
সীতাকে যথাযথ অন্বেষণ করিয়া প্রত্যাগমন কর। আমরাও পরে অবশিষ্ট
কার্যের বিষয় নির্ণয় করিতেছি ॥ ১৫-১৭ ॥

এইরূপে সুগ্রীবকর্তৃক আদিষ্ট হইয়া সেই শ্রেষ্ঠ বানরগণ তাঁহাকে প্রদক্ষিণ
করিয়া তদীয় নির্দেশ অনুসারে চারিদিকে প্রস্থান করিল ॥ ১৮ ॥

মহর্ষি বাণ্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের কিষ্কিন্দ্যাকাণ্ডে বানরগণের প্রস্থান নামক
৪৬শ সর্গ সমাপ্ত ॥ ৪৬ ॥

১। ৬ ‘যথো-’। ২। ৬-৭ ‘-তগম্’। ৩। ৬ ‘-চিত্যা-’, ৬ ‘-চেতুং’। ৪। ৬ ‘-বয়ং সংপ্রতি প-’।
৫। ৬ ‘-গচ্ছামঃ’, ৭ ‘-বৎশ্যামঃ’। ৬। ৬ ‘সংবিহিতা’।

(৪৭) সপ্তচত্বারিংশঃ সর্গঃ

তদুগ্রশাসনং ভর্তুর্বিজ্ঞায় হরিপুঙ্গবাঃ ।
 শলভা ইব সংচ্ছাণ্ড মেদিনীং সংপ্রতস্থিরে ॥ ১ ॥
 গতেষু বানরেন্দ্রেষু রামঃ সূগ্রীবমত্রবীৎ ।
 কথং ত্বয়া মহাবাহো দৃষ্টপূর্বা বসুন্ধরা ॥ ২ ॥
 কথং ভবান্ বিজানীতে সূহৃর্বেদমিদং মহৎ ।
 পৃথিবীমণ্ডলং সর্বং কথং ত্বং গতবানসি ॥ ৩ ॥
 এবমুক্তস্ত রামেণ সূগ্রীবঃ প্লবগাধিপঃ ।
 উবাচ শ্রয়তাং রাম যথা দৃষ্টং ময়া পুরা ॥ ৪ ॥
 যন্তে ময়া সমাখ্যাতো ছন্দুভিনামি দানবঃ ।
 বলদর্পসমুৎসিক্তো নিহতো বালিনা যুধে ॥ ৫ ॥
 মহিষো নাম তেজস্বী ছন্দুভেঃ পূর্বজঃ স্মৃতঃ ।
 বলং নাগসহস্রশ্চ ধারয়ন্নকুতোভয়ঃ ॥ ৬ ॥

৩। লো-টী। সূহৃর্বেদং সর্বেষাং জ্ঞানাবিষয়ম্।

শ্রেষ্ঠ বানরগণ প্রভুর সেই কঠোর আদেশ অবগত হইয়া পতঙ্গের গায় পৃথিবী আচ্ছাদন করত প্রস্থান করিল ॥ ১ ॥

বানরগণ প্রস্থান করিলে, রামচন্দ্র সূগ্রীবকে বলিলেন—হে মহাবাহো, তুমি কি [রূপে] পূর্বে [সমগ্র] পৃথিবী অবলোকন করিয়াছ ? ॥ ২ ॥

[নতুবা] তুমি কি প্রকারে এই ছবিবজ্জয় বিশাল ভূমণ্ডল সমগ্র অবগত হইলে ? তুমি কিজন্ম [সমস্ত পৃথিবী] পর্য্যটন করিয়াছিলে ? ॥ ৩ ॥

রামচন্দ্র সূগ্রীবকে এইরূপ বলিলে বানররাজ সূগ্রীব তাঁহাকে বলিলেন—রামচন্দ্র, আমি পূর্বে যে-রূপে [পৃথিবী] দর্শন করিয়াছি, তাহা শ্রবণ করুন ॥ ৪ ॥

আমি আপনার নিকট বালিকর্তৃক যুদ্ধে নিহত বল-গর্বিত যে ছন্দুভি নামক দানবের কথা বলিয়াছি, সেই ছন্দুভির সহস্র-হস্তীর তুল্য বলশালী নির্ভীক তেজস্বী মহিষ নামে জ্যেষ্ঠ ভ্রাতা বল ও দর্পে সমুদ্রত হইয়া বনবাসীদিগকে সম্ভ্রাসিত করিয়া কিষ্কিন্ধ্যা নগরীর দ্বারদেশে আগমনপূর্বক বালীকে যুদ্ধার্থ আহ্বান করে এবং

১। ক-পুস্তকে অন্নং শ্লোকো নাস্তি। ২। য 'যাতেষু'। ৩। ও-ছ 'কথনু'। ৪। ও গ '-গেথরঃ'। ৫। য 'পুরা ময়া'। ৬। ট 'পুরা ময়াখ্যাতো'। ৭। ছ '-সমাযুক্তো'। ৮। ক-ট 'রণে'। ৯। অতঃপরং ম-পুস্তকে 'মায়াবী নাম তেজস্বী ছন্দুভেঃ পূর্বমস্ত যঃ।' ইত্যধিকম্। ১০। ও 'স তু', ট 'স্মৃতঃ'।

বলদর্পসমুৎসিক্তস্ত্রাসয়ন্ বনগোচরান্ ।

কিষ্কিন্দ্যাদ্বারমাশাঢ় সমাহুয় চ বালিনম্ ॥ ৭ ॥

স তেন নিহতঃ সংখ্যে যথা তে বহুশঃ শ্রুতম্ ।

তস্মিংশ্চিরায়মাণে চ যথাহহমভিষেচিতঃ ॥ ৮ ॥

অভিষিক্তঞ্চ মাং দৃষ্ট্বা চিরাদাগত্য কোপনঃ ।

স মাং নিস্ত্যক্তবান্ বালী চতুর্ভিবানরৈঃ সহ ॥ ৯ ॥

ততো জবেন কাকুৎস্থ বিদ্রুতোহহং ভয়াতুরঃ ।

অনুসার্যমাণস্তেনাহং দৃষ্টবান্ সর্বতো মহীম্ ॥ ১০ ॥

নদীশ্চ বিবিধাঃ পশ্যান্ নগরাণি বনানি চ ।

ততঃ পূর্বামহং গত্বা দক্ষিণাং দিশমাশ্রিতঃ ॥ ১১ ॥

দিশঞ্চ পশ্চিমাং ভূয়ো গতৌহস্মি ভয়শঙ্কিতঃ ।

চিরাচ্চ বায়ুপুত্রো মাং সংস্মৃত্যেদং বচোহব্রবীৎ ॥ ১২ ॥

১০। লো-টী। অনুসার্যমাণোহনুগম্যমানঃ।

যে প্রকারে যুদ্ধে বালীকর্তৃক নিহত হয়, তাহা—ও বালীর আসিতে বিলম্ব হইলে আমি যেরূপে রাজ্যে অভিষিক্ত হই তাহা আপনি বহুবার শুনিয়াছেন ॥ ৫—৮ ॥

বহুকাল পরে বালী আসিয়া আমাকে রাজ্যে অভিষিক্ত দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং চারিজন বানরের সহিত আমাকে পরিত্যাগ করিলেন ॥ ৯ ॥

হে রামচন্দ্র, তার পর বালী আমার অনুসরণ করিতে থাকায় ভয়াতুর হইয়া বেগে পলায়ন করিতে করিতে আমি সমস্ত পৃথিবী দর্শন করিয়াছি ॥ ১০ ॥

বহু নদী, নগর ও বন-সকল দেখিতে দেখিতে আমি [প্রথমে] পূর্বদিকে গমন করিয়া পরে দক্ষিণদিকে আশ্রয় লইলাম ॥ ১১ ॥

[বালীর] ভয়ে শঙ্কিত হইয়া [ভ্রমণ করিতে করিতে] পুনরায় পশ্চিমদিকে আশ্রয় লইলাম। বহুকাল পরে পবননন্দন হনুমান্ আমাকে এই কথা স্মরণ করিয়া বলিলেন—॥ ১২ ॥

১। ঘ-ছ-ণ '-মাগত্য'। ২। ঘ 'সমাহুয়ত', ও ছ-ঢ 'সমাহুয়তি', ৭ 'সমাহুয়ত'। ৩। ঘ 'শ্রুতঃ'। ৪। ঢ '-স্ত'। ৫। ঘ '-গমা'। ৬। খ-ছ 'স নিজ্রামিতবান্', ও 'স চ নিজ্রামিতো ভ্রাতা', ঢ 'স নিঃসারিতবান্', ৭ 'স নিজ্রামিতবান্'। ৭। ক-ণ 'সচিবৈঃ সহ'। ৮। ক 'উৎসার্য-'। ৯। ঢ-পুস্তকে অয়ং শ্লোকঃ পরশ্লোক-পূর্বার্দ্ধঞ্চ নাস্তি। ১০। ও 'পুণ্যাঃ'। ১১। ও 'সক্কা-'। ১২। ঘ-ণ পুস্তকয়োঃ অয়ং শ্লোকঃ পরশ্লোকপূর্বার্দ্ধঞ্চ নাস্তি, ছ-পুস্তকে অয়ং শ্লোকঃ পরশ্লোকোহপি ন বিদ্যতে। ১৩। অতঃপরং ও-পুস্তকে 'উত্তরাস্ত দিশং যাস্তং বিশেষভয়শঙ্কিতম্।' ইত্যাদিকম্। ১৪। ঢ '-দমখা-'।

শাপ্তো বালী মতঙ্গেন পুরা মহিষকারণাৎ ।

ইহ তে ন প্রবেষ্টব্যম্ ঋমুকবনং কপে ।

শতধা তে স্ফুটেমূর্দ্ধা প্রবিশেষু মিদং যদি ॥ ১৩ ॥

ইদানীং মে স্মৃতো রাজন্মৃগমুকো মহাগিরিঃ ।

তন্তু গচ্ছাম বৈ সর্বে তত্রাসৌ ন ভবিষ্যতি ॥ ১৪ ॥

ততোহহং তদভয়াদ্ ভ্রাত্বা শতকৃত্বো বহুন্ধরাম্ ।

হনুমত ইতি শ্রুত্বা প্রবিষ্টোহস্মি তমাশ্রমম্ ॥ ১৫ ॥

সমাগমস্তুয়া যত্র ময়া সখ্যমবাধ্যত ।

নাচিস্তয়ং রিপুং যত্র মতঙ্গভয়মোহিতম্ ॥ ১৬ ॥

১৩। লো-টী। মতঙ্গেন তন্নাম্না ঋষিণা। শাপমাহ—ইহেতি। ইহ অস্মিন্ মহিষ-
কারণে মহিষরক্ত-মদগাত্রপতনকারণে। ঋমুকবনং তে ত্রয়া ন প্রবেষ্টব্যম্। 'বনে' ইতি বা
পাঠঃ। স্ফুটেৎ বিকশিতঃ, নানা প্রকারো ভবেদিত্যর্থঃ।

১৪। লো-টী। ন ভবিষ্যতি ন গমিষ্যতি।

পূর্বে মতঙ্গ ঋষি তাঁহার গাত্রে মহিষের রক্ত পতনে ক্রুদ্ধ হইয়া বালীকে
শাপ দিয়াছিলেন যে—হে বানর, তুমি এই ঋমুক-বনে প্রবেশ করিতে পারিবে
না; যদি প্রবেশ কর তবে তোমার মস্তক শতখণ্ডে বিদীর্ণ হইবে ॥ ১৩ ॥

মহারাজ, এখন আমার ঋমুক পর্বতের কথা স্মরণ হইয়াছে; আমরা
সকলে সেইখানে যাইব, তথায় বালী যাইতে পারিবেন না ॥ ১৪ ॥

বালীর ভয়ে শতবার পৃথিবী পর্যটন করিয়া তার পর হনুমানের কথা
শুনিয়া আমি সেই আশ্রমে প্রবেশ করিলাম ॥ ১৫ ॥

সেইখানে আপনার সহিত মিলন হইল এবং আমি [আপনার] বন্ধুত্ব লাভ
করিলাম। সেখানে আমি মতঙ্গঋষির শাপের ভয়ে মুগ্ধ শত্রুকে চিন্তা করিলাম না
(অর্থাৎ তুচ্ছ জ্ঞান করিলাম) ॥ ১৬ ॥

১। ক '-রণে'। ২। চ '-কং বনং'। ৩। গ 'প্রস্ফুটে-'। ৪। ঘ-ঙ-চ 'ভবে-', ছ 'পতে-'।
৫। ছ 'স্মৃতো'। ৬। চ '-মহে', গ '-মো'। ৭। চ 'যত্রাসৌ'। ৮। ক '-মাক্রান্তঃ', চ 'ভদ্রয়ং
জাছা'। ৯। ক '-জা'। ১০। ছ 'ইদং'। ১১। ছ 'তদা-'। ১২। ক '-গত-'। ১৩। ক '-প্য তে'।
১৪। ঙ-ণ 'চ'। ১৫। গ 'ভত্র'। ১৬। ঘ-ছ '-স্বং ভয়-', ঙ '-জেনাপি মো-'।

যত্রাভিষেচিতো রাজ্যে ত্বয়াহং রঘুনন্দন ।

নিহত্য বালিনং সংখ্যে ভয়মুৎসৃজ্য দূরতঃ ॥ ১৭ ॥

এবং রাঘব তত্ত্বেন ময়ৈষা পৃথিবী তদা ।

জম্বুদ্বীপশ্চ বিস্তীর্ণঃ প্রত্যক্ষমুপলক্ষিতঃ ॥ ১৮ ॥

পৃথিবীমণ্ডলং কুৎসং শৈলা নদ্রো বনানি চ ।

দৃষ্টমেতন্ময়া রাজন্ যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥ ১৯ ॥

ইত্যর্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিঙ্কিকাকাণ্ডে পৃথিবীমণ্ডলপরিজ্ঞান-
নিবেদনং নাম সপ্তচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৭ ॥

১৭। লো-টী। বালিনং নিহত্য রাজ্যে অভিষেচিতঃ। ইত্যাহমুক্ত ইতি শেষঃ।

১৮। লো-টী। ইয়ং পৃথিবী জম্বুদ্বীপশ্চ জম্বুদ্বীপরূপা পৃথিবীতার্থঃ।

১৯। লো-টী। পৃথিবীমণ্ডলং কুৎসং জম্বুদ্বীপপৃথিবীমণ্ডলম্।

পৃথিবীমণ্ডলনিবেদনো নাম সর্গঃ।

হে রামচন্দ্র, সেইখানেই যুদ্ধে দূর হইতে বালীকে বধ করত ভয় দূর করিয়া
আপনি আমাকে রাজ্যে অভিষিক্ত করিয়াছেন ॥ ১৭ ॥

হে রাঘব, এইরূপে আমি তখন এই পৃথিবী এবং বিশাল জম্বুদ্বীপ যথার্থরূপে
প্রত্যক্ষ করিয়াছি ॥ ১৮ ॥

মহারাজ, সমগ্র ভূমণ্ডল এবং পর্বত, নদী ও অরণ্যসমূহ আমি পরিদর্শন
করিয়াছি—যাহা আপনি আমাকে জিজ্ঞাসা করিতেছেন ॥ ১৯ ॥

মহর্ষি বাল্মীকি প্রণীত আদিকাব্য রামায়ণের কিঙ্কিকাকাণ্ডে পৃথিবী-মণ্ডল-পরিজ্ঞান নামক

৪৭শ সর্গ সমাপ্ত ॥ ৪৭ ॥

(৪৮) অষ্টাচত্রারিংশঃ সর্গঃ

অশ্বিন্যন্তস্ততঃ সীতাং সর্বে তে কপিযুথপাঃ ।

পৃথিবীং প্রব্যচিন্ত্ত সশৈলবনকাননাম্ ॥ ১ ॥

ব্যাদিষ্টাঃ কপিসিংহেন যথোক্তং সর্ব এব তে ।

ব্যচিন্ত্ত দিশাঃ সর্বাঃ সীতাধিগমনে তদা ॥ ২ ॥

তে সরাংসি গিরীন্ বৃক্ষান্ সঙ্কটানি বনানি চ ।

দরীদুর্গাংশ্চ শৈলাংশ্চ কুংস্নাংস্তানভিচক্রমুঃ ॥ ৩ ॥

নির্ঝরাণি নিতম্বাংশ্চ বিচিন্ত্তস্ততস্ততঃ ।

সুগ্রীবোভিসংখ্যাতান্ দেশাংস্তে বানরর্ষভাঃ ।

বিচেরুর্ক্ব বৃক্ষবহুলান্ সানুপ্রস্থাননেকশাঃ ॥ ৪ ॥

১। লো-টী। অশ্বিন্যন্তঃ অশ্বেষয়ন্তঃ সংবিচিন্ত্ত অগমন্।

২। লো-টী। সর্বে বানরাঃ। যথোক্তং যেন প্রকারেণ ভাষিতম্ ব্যাদিষ্টা উপদিষ্টাঃ তথৈব ব্যচিন্ত্ত অশ্বেষয়াক্রুঃ। সীতাধিগমনে সীতা প্রাপণে।

৩। লো-টী। দরীদুর্গাঃ, শৈলান্।

৪। লো-টী। নিতম্বান্ অদ্রেঃ কটকান্ মধ্যদেশানিতার্থঃ। সানু বনানি, প্রস্থান্ সানু, পর্বতৈকদেশান্। 'সানুপ্রস্থানি'তি পাঠে সানুরূপান্ প্রস্থান্ প্রকৃষ্টস্থানানীতি সর্কভঃ।

সমস্ত বানর-দলপতি সীতার অন্বেষণ করিতে করিতে পর্বত, অরণ্য এবং বন সমন্বিত পৃথিবী পর্যটন করিতে লাগিল ॥ ১ ॥

বানর-শ্রেষ্ঠ সুগ্রীব কর্তৃক সীতাশ্বেষণে আদিষ্ট হইয়া তাহারা সকলেই সমস্ত দিক্ যথোক্তরূপে অন্বেষণ করিতে লাগিল ॥ ২ ॥

তাহারা সরোবর, পর্বত, বৃক্ষ, দুর্গম অরণ্য, গুহা, দুর্গ এবং নির্দিষ্ট সমস্ত পর্বত পরিভ্রমণ করিতে লাগিল ॥ ৩ ॥

সেই শ্রেষ্ঠ বানরগণ নির্ঝর এবং পর্বতের নিতম্বদেশ চারিদিকে অন্বেষণ করিতে করিতে সুগ্রীব কর্তৃক নির্দিষ্ট দেশসকল এবং পর্বতের বৃক্ষবহুল সানু সমূহে অনেক বার বিচরণ করিল ॥ ৪ ॥

১। ৭ 'অশ্বিন্য তু ততঃ'। ২। ৭-পুস্তকে অশ্ব পরাক্ষং নাস্তি। ৩। ক 'পরিচিন্ত্তঃ', ৭ 'প্রবিচিন্ত্ত'। ৪। ছ 'আদি-'। ৫। ৭ 'যথোক্তং'। ৬। ক 'হি', ৭ 'চ'। ৭। ৭ 'বিচিন্ত্তো'। ৮। ঘ-৭ 'ভুবঃ সর্বাঃ', ৬ 'বনং সর্বাঃ', ছ-চ 'ভুবং সর্বাঃ'। ৯। ছ-৭ 'তাভিগ-'। ১০। ক 'সর্কান্'। ১১। ৬ 'সকলানি', চ 'কমলানি'। ১২। ছ 'নদী-', ৩ 'দরীং দু-'।

সর্বে^১ সর্বনিবাসাংশ^২ সীতাধিগমনে বৃত্তাঃ ।
 সমাগচ্ছন্ত^৩ মেদিন্যা^৪ দিগ্ভাগেষু প্লবঙ্গমাঃ ॥ ৫ ॥
 সংবর্তয়ন্তঃ^৫ শৈলেষু^৬ বানরা^৭ বিবিধাংস্করুন্ ।
 আসা^৮ত্ত রজনীবাসং^৯ চক্রে^{১০} সর্বেষ্বহঃসু^{১১} তে ॥ ৬ ॥
 বিচয়ং^{১২} প্রথমে^{১৩} মাসি^{১৪} কৃত্বা^{১৫} প্রস্রবণে^{১৬} গিরৌ ।
 কপি^{১৭}রাজং^{১৮} সমাসে^{১৯}তু^{২০}নিরাশা^{২১} হরিয়ুথপাঃ ॥ ৭ ॥
 বিচিত্য^{২২} তু^{২৩} দিশং^{২৪} পূর্বাং^{২৫} বিনতঃ^{২৬} প্লবগৈঃ^{২৭} সহ ।
 অদৃষ্টে^{২৮}ব^{২৯} ততঃ^{৩০} সীতাং^{৩১} কিষ্কিন্দ্যামাজগাম^{৩২} হ ॥ ৮ ॥
 উত্তরান্ত^{৩৩} দিশং^{৩৪} গত্বা^{৩৫} বিচিত্য^{৩৬} স মহাকপিঃ ।
 অদৃষ্টে^{৩৭}বাগতঃ^{৩৮} সীতাং^{৩৯} বারঃ^{৪০} শতবলিহরিঃ ॥ ৯ ॥

৫। লো-টা। বৃত্তাঃ সংযুক্তাঃ। 'গমনোত্ততা' ইতি বা পাঠঃ।

৬-৭। লো-টা। সংবর্তয়ন্তো ভঙ্গন্তঃ। অহঃসু বিচয়মন্বেষণং কৃত্বা প্রথমে পূর্বে মাসি স্থিতা ইতি শেষঃ। যদা মাসি মাসস্ত প্রথমে আদৌ। 'সর্বেষু অহঃসু' ইতি পাঠঃ সাক্ষরঃ।

৯। লো-টা। হরিঃ কপিলবর্ণঃ।

৬। টিপ্পনী। তে বানরাঃ সর্বেষু সমগ্রেষু অহঃসু, সর্বং দিনমিত্যর্থঃ, শৈলেষু সংবর্তয়ন্তঃ সীতান্বেষণেন সম্যক্ সময়মতিবাহয়ন্তঃ বিবিধাংস্করুনাসা^৮ আকৃৎ রজনীবাসং চক্রে চক্রুঃ।

সীতার অন্বেষণে নিযুক্ত বানরগণ [গন্ধর্ব্ব, কিন্নর প্রভৃতি] সকলের বাসস্থানে এবং পৃথিবীর সমস্ত দিকে গমন করিতে লাগিল ॥ ৫ ॥

সেই বানরগণ সারাদিন পর্ব্বতে [সীতার অন্বেষণে] অতিবাহিত করিয়া নানাবিধ বৃক্ষ আরোহণপূর্ব্বক রাত্রিতে অবস্থান করিতে লাগিল ॥ ৬ ॥

বানরদলপতিগণ প্রথম মাসে অন্বেষণ করিয়া নিরাশ হইয়া প্রস্রবণ-গিরিতে বানররাজ সুগ্রীবের নিকট উপস্থিত হইলেন ॥ ৭ ॥

'বিনত' বানরগণের সহিত পূর্ব্ব দিক্ অন্বেষণ করিয়া সীতাকে না দেখিয়াই তথা হইতে কিষ্কিন্দ্যায় আগমন করিলেন ॥ ৮ ॥

প্রসিদ্ধ বীর শতবলিনামক কপিলবর্ণ মহাকপি উত্তর দিকে যাইয়া অন্বেষণ করত সীতার দর্শন না পাইয়াই ফিরিয়া আসিলেন ॥ ৯ ॥

১। চ 'সর্বদিবসান্'। ২। ক 'ধৃত্তাঃ'। ৩। ক '-চ্ছন্ত মেদিন্যা', চ-ণ '-চ্ছন্ত', ও 'চ্ছন্ত'। ৪। ও 'সংবর্তয়ন্তঃ শৈলেষু', ৫। 'সমুন্নয়ন্তো'। ৬। ঘ-ছ চ-ঙ '-স্তো দেশেষু'। ৭। ঘ-ণ '-ধান্ ক্রমান্'। ৮। ক-পুস্তকে ইদমর্কং নাস্তি। ৯। ও '-নীং বা-'। ১০। গ 'সর্বে সহস্রাঃ'। ১১। ক 'বিচয়ং'। ১২। ঘ-ঙ-ছ-ণ '-সান্ত নিরা-', চ '-সান্ত হরিয়ুথপয়ুথপাঃ'। ১৩। গ '-তাং তু'। ১৪। গ 'সচিবঃ'। ১৫। চ 'সীতামাজগাম মহাবলঃ'। ১৬। ক 'সঃ'। ১৭। ক-ণ 'সর্বাঃ'।

সুশ্ৰেণঃ পশ্চিমাং গতা প্রাপ্য প্রশ্রবণং গিরিम् ।

নিবৃত্য মাসে সংপূৰ্ণে সুগ্রীবং সন্দর্শ হ ॥ ১০ ॥

তে প্রশ্রবণপার্শ্বস্থমভিগম্যাভিবাণ্ড চ ।

আসীনং সহ রামেণ সুগ্রীবামদমক্রবন্ ॥ ১১ ॥

বিচিঁতাঃ পৰ্বতাঃ সৰ্বৈ বনানি গহনানি চ ।

নিম্নগাঃ সাগরান্তাশ্চ সৰ্বৈ জনপদাস্থথা ॥ ১২ ॥

গুহাশ্চ বিবিধাকারাঃ সঞ্চয়াঃ পরিবৰ্ত্তিতাঃ ।

উক্ৰতাশ্চ লতাগুল্মাস্থগন্ধ বিদলীকৃতম্ ॥ ১৩ ॥

মহাতেজাংসি ঘোরাণি মহাসম্ভবলানি চ ।

১২। লো-টী। গহনানি দুৰ্গাণি। নিম্নগা নদ্যঃ।

১৩। লো-টী। সংক্রমা বারিসঞ্চাবযজ্ঞাণি, 'সাঁকো' ইতি যশ্চ প্রসিদ্ধিঃ। পরিবৰ্ত্তিতা বিচাৰিতাঃ। 'সঞ্চয়া' ইতি পাঠে দ্রব্যসঞ্চয়বস্তো দেশা ইত্যর্থঃ। উক্ৰতা উৎপাটা উৎক্ষিপ্তাঃ। 'উক্ৰতং শ্ৰাৎ ত্রিষু ক্ষিপ্তে পরিভুক্তোজ্জিতৈঃপি চ' ইতি কোষঃ।

১৪। লো-টী। মহৎ সঙ্ঘং যুদ্ধব্যবসায়ঃ বলং চ যেষাং তানি।

১০। টিপ্পনী। গতা জ্ঞাত্বা অগ্নিশ্চোভাৰ্গঃ।

সুশ্ৰেণ পশ্চিম দিক অন্বেষণ করিয়া একমাস পূর্ণ হইলে প্রত্যাবর্তনপূর্বক প্রশ্রবণগিরিতে উপস্থিত হইয়া সুগ্রীবকে দর্শন করিলেন ॥ ১০ ॥

তঁাহারা প্রশ্রবণের পার্শ্বে রামের সহিত উপবিষ্ট সুগ্রীবের নিকট যাইয়া অভিবাদনপূর্বক এই কথা বলিলেন— ॥ ১১ ॥

আমরা সমস্ত পৰ্বত, গহন-বন, নদী, সাগর এবং জনপদসমূহ অন্বেষণ করিয়াছি ॥ ১২ ॥

নানাপ্রকার গুহা এবং সমৃদ্ধ দেশসমূহে বিচরণ করিয়াছি, লতা, গুল্ম সকল উৎপাটিত করিয়াছি এবং তৃণ-রাশি পত্রবিহীন করিয়াছি ॥ ১৩ ॥

বানরগণ সেই সেই স্থানে রাবণ মনে করিয়া মহাতেজস্বী ভয়ঙ্কর প্রণিসমূহকে ত্রাসিত করিয়া বধ করিয়াছে ॥ ১৪ ॥

১। চ '-মং'। ২। ও-ছ 'শ দদহ'। ৩। ছ '-বং বাক্যমক্রবন্'। ৪। গ 'নগরাণি চ'। ৫। ও-গ 'জান-'। ৬। ঘ '-খাঃ সৰ্বাঃ'। ৭। ক 'সংক্রমাঃ'। ৮। ও '-বর্জিতাঃ'। ৯। ছ 'উক্ৰতাশ্চ'। ১০। ঘ-ও-ছ-গ '-গং হি'। ১১। ছ '-ঘোরাণি তেজাংসি'।

১ ২ ৩
সত্বান্‌চিপ্রবৃদ্ধানি ত্রাসিতানি হতানি চ ।

রাবণং মন্যমানৈশ্চ তত্র তত্র প্লবঙ্গমৈঃ ॥ ১৪ ॥

প্রবিশন্তো নদন্তুশ্চ ধাবন্তুশ্চ প্লবঙ্গমাঃ ।

১ ২
প্লবমানাঃ ব্রজন্তুশ্চ পর্য্যধাবন্তু বানরাঃ ॥ ১৫ ॥

৩
যে চৈব গহনা দেশা বিচিতান্তে পুনঃ পুনঃ ।

১০ ১১ ১২ ১৩
আগমপ্রতিকারশ্চ বানরৈস্তত্র চেষ্টিতঃ ।

প্রবৃত্তিন্‌ চ বৈদেহাঃ ক্‌চিদপ্যপলভ্যতে ॥ ১৬ ॥

১৪
হনুমান্‌ রাঘবার্থে তু যত্নবান্‌ প্রিয়দর্শনঃ ।

আগমং তস্ম্য কাঙ্ক্ষামো ধ্রুবং সোহধিগমিষ্যতি ॥ ১৭ ॥

১৫। লো-টী। কেচিৎ প্লবঙ্গমাঃ নদন্তো ধাবন্তুশ্চ তাংস্তান্‌ দেশান্‌ প্রবিশন্তি। কেচিচ্চ বানরাঃ প্লবমানা ঝম্পন ব্রজন্তো গচ্ছন্তঃ কেচিচ্চ ঝম্পং বিনৈব পর্য্যধাবন্তু।

১৬। লো-টী। গহনা দুর্গমাঃ। আগমং সীতার জ্ঞানং প্রাপ্তং বা। তদেতদ্‌ ভূতলম্‌। 'আগমপ্রতিকারশ্চ বানরৈস্তত্র চেষ্টিত' ইতি পাঠঃ ক্‌চিৎ।

বানরগণ শব্দ করিতে করিতে এবং দৌড়াইতে দৌড়াইতে [পূর্বোক্ত স্থানসমূহে] প্রবেশ করিয়া উল্লম্বন করিতে করিতে চতুর্দিকে ধাবিত হইয়াছে ॥ ১৫ ॥

যে সমস্ত দেশ দুর্গম, সেখানে বার বার অন্বেষণ করিয়াছে ; বানরগণ সীতার বিষয় জানিতে এবং প্রতিকার করিতে চেষ্টা করিয়াছে, কিন্তু কুত্রাপি সীতার সংবাদ পাওয়া যাইতেছে না ॥ ১৬ ॥

প্রিয়দর্শন হনুমান্‌ রামের কার্যে যত্নশীল, তাঁহার প্রত্যাগমন আকাঙ্ক্ষা করি ; তিনি নিশ্চয়ই সীতার বিষয় জানিতে পারিবেন ॥ ১৭ ॥

১। ঘ-পুস্তকে ইদমর্কং নাস্তি। ২। চ '-অপি প্রবৃ-'। ৩। ছ 'নাশিতানি'। ৪। ক '-শস্তি'। ৫। চ 'পর্য্যধাবত বানরাঃ'। ৬। ঙ '-মৈঃ'। ৭। চ-পুস্তকে ইদমর্কং নাস্তি। ৮। ঘ 'সর্কশঃ'। ৯। ৭ 'চ বৈ'। ১০। ছ 'আগমঃ প্রতি-', চ আগমাঃ প্রতিকারশ্চ'। ১১। খ '-কারাশ্চ'। ১২। -রৈঃ প্রবিচেষ্টিতাঃ'। ১৩। ঘ '-তাঃ'। ১৪। চ 'স দৃষ্ট্‌ হনুমান্‌ বীরো'।

উদারসত্বাভিজনো হনুমান্ স মৈথিলীঃ জ্ঞাস্তি বানরেন্দ্রঃ ।

৯

১০

১১

দিশঞ্চ যামেব হতা হি সীতা তামাস্থিতো বায়ুহতো মহাত্মা ॥ ১৮ ॥

ইত্যর্ষে বাণ্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিঙ্কর্যাকাণ্ডে বানর-প্রত্যাগমনং নাম
অষ্টাচত্বারিংশঃ সর্গঃ ॥ ৪৮ ॥

১৮। লো-টী। উদারং মহৎ সত্বম্, অভিজ্ঞনঃ কুলং খ্যাতির্বা যশ্চ সঃ। ষাং দিশং
প্রাপ্য স্থিতা সীতা। বানরপ্রত্যাগমনং সর্গঃ।

বানরশ্রেষ্ঠ হনুমান্ মহাবংশসন্তুত এবং মহাবলশালী ; তিনি নিশ্চয়ই সীতার
বিষয় অবগত হইবেন। [বিশেষতঃ] সীতা যদিকে অপহৃত্য হইয়াছেন মহাত্মা
হনুমান্ সেই দিকেই গিয়াছেন ॥ ১৮ ॥

মহর্ষি বাণ্মীকি প্রণীত আদিকাব্যে রামায়ণেব কিঙ্কর্যাকাণ্ডে বানর-প্রত্যাগমন
নামক ৪৮শ সর্গ সমাপ্ত ॥ ৪৮ ॥

(৪৯) একোনপঞ্চাশঃ সর্গঃ

অথাঙ্গদমুখৈঃ সার্কং হনুমান্ বানরৈস্ততঃ ।

সুগ্রীবেন যথোদ্दिष्टাং দক্ষিণামগমদিশাম্ ॥ ১ ॥

স বিক্র্যবনমাগম্য সর্বৈবৈস্তৈহরিভিবৃ তঃ ।

বিচিনোতি স্ম বিক্র্যস্ত গুহাশ্চ গহনানি চ ॥ ২ ॥

শৈলাগ্রাণি নদীং দুর্গাং কন্দরাণি বনানি চ ।

বৃক্ষশৃঙ্গাশ্চ বিস্তীর্ণান্ সর্বান্ সর্বত্র পাদপান্ ॥ ৩ ॥

সিংহশার্দূলজুফেষু দুর্গেষু গিরিসানুযু ।

ধাতুনিঘন্দচিত্রেযু মহৎসু শিখরেযু চ ॥ ৪ ॥

কিন্নরোরগগন্ধর্বৈবিকীর্ণেষু বনেযু চ ।

সারসারবযুফেষু সরঃসু চ নদীযু চ ॥ ৫ ॥

মহৎসু বনশৃঙ্গেষু মৃগপক্ষিগুহাসু চ ।

বিসয়েষু নগেন্দ্রস্য মহাপ্রস্রবণেষু চ । ৬ ॥

এদিকে হনুমান্ অঙ্গদপ্রভৃতি বানরগণের সহিত সুগ্রীব কর্তৃক নির্দিষ্ট দক্ষিণ দিকে গমন করিলেন ॥ ১ ॥

তিনি সেই সমস্ত বানরে পরিবেষ্টিত হইয়া বিক্র্যপর্বতে আগমনপূর্বক ঐ পর্বতের গুহা এবং সমস্ত বন অন্বেষণ করিলেন ॥ ২ ॥

পর্বতের শিখর, গুহা, দুর্গম নদী, বন, তরুশৃঙ্গ এবং সমস্ত স্থানের সমস্ত বৃক্ষ অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৩ ॥

এই বানরগণ সিংহব্যাঘ্র পরিপূর্ণ দুর্গম পর্বতসানুতে, গৈরিকাদি ধাতুরঞ্জিত বিশাল শৃঙ্গদেশে, কিন্নর, সর্প ও গন্ধর্বগণে পরিব্যাপ্ত বনে, সারস পক্ষীর

১। ঘ 'সহ তারাজদাত্যাস্ত গতা স হনুমান্ কপিঃ'. ছ-ণ 'অঙ্গদপ্রমুখৈ'. ২। ছ-ঢ '-স্তদা', ৭ '-রৈঃ সহ'. ৩। ক-ঢ '-ষ্টা'. ৪। ও '-মাসাঙ্ক', ৭ '-মাগতা' ৫। ঢ 'প্রচি-'. ৬। ৭ 'স'. ৭। ঘ '-শ্চোপ-বনানি চ'. ৮। ছ 'নদীর্দুর্গাঃ', ঢ 'নদীর্দুর্গ', ৭ 'নদীর্দুর্গান্'. ৯। ও '-সবনস্পতিপাদ-'. ১০। ক 'সবন পাদ-'. ১১। ক চপুস্তকয়োঃ ইতঃ সপ্তমল্লোকাস্তোহংশো নাস্তি। ১২। ঢ-ও '-ভূতেষু'. ১৩। ছ-পুস্তকে অতঃ সপ্তমল্লোকপূর্বাঙ্কাস্তং নাস্তি।

তেষু তেষু প্রদেশেষু লতাসন্তানবৎসু চ ।
 চক্রুরন্বেষণং দেব্যাঃ সীতায়ান্তে বনৌকসঃ ॥ ৭ ॥
 অন্বেষমাগাস্তু তথা সর্বে তে হরিয়ুথপাঃ ।
 ন সীতাং দদৃশুর্বীরা মৈথিলাং জনকাত্মজাম্ ॥ ৮ ॥
 ফলমূলানি বন্যানি ভক্ষয়ন্তো বনেচরাঃ ।
 জানকীং মৃগয়ামাসুঃ পিবন্তুঃ সলিলং শুচি ॥ ৯ ॥
 তত্রৈব বসতাং তেষাং স কালো ব্যত্যবর্তত ।
 স হি দেশো দুরন্থেষ্যো গুহা-গহনবান্ মহান্ ॥ ১০ ॥
 ত্যক্ত্বা তু তং ততো দেশং সর্বে তে হরিয়ুথপাঃ ।
 দেশমন্ত্যং দুরাধর্ষম্ন্বেষণকুতোভয়াঃ ॥ ১১ ॥
 যত্র বন্ধ্যফলা বৃক্ষা বিপুষ্পাঃ ফলবর্জিতাঃ ।
 নিস্তোয়াঃ সরিতৌ যত্র যত্র মূলং স্তুতুল্লভম্ ॥ ১২ ॥

১০। লো-টী। স কালঃ মাসাখাঃ ।

১১। লো-টী। অন্বেষচ্ছন্ গম্ভমিতি শেষঃ ।

১২। লো-টী। ফলে সতাপি বন্ধ্যফলাঃ ফলশ্চ অভক্ষ্যত্বাৎ । কেচিচ্চ বিপুষ্পাঃ
 বিশিষ্টপুষ্পা অপি ফলবর্জিতাঃ ।

কলনাদে নিনাদিত সরোবর এবং নদীতে, বিশাল বনসমূহে, মৃগ এবং পক্ষিসমাকুল
 গুহায়, বিশাল ঝরণাবিশিষ্ট পার্বত্য প্রদেশসমূহে এবং লতা-সমাচ্ছন্ন সমস্ত স্থানে
 সীতাদেবীর অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৪-৭ ॥

সেই বীর বানরদলপতিগণ সকলেই মিথিলা রাজনন্দিনী জনকছুহিতা সীতাকে
 এইরূপে অন্বেষণ করিয়াও দেখিতে পাইলেন না ॥ ৮ ॥

বানরগণ বন্য ফলমূল ভক্ষণ করিয়া এবং পবিত্র জল পান করিয়া জনক-
 নন্দিনী সীতাকে অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৯ ॥

সেই বিক্ষাচলেই বাস করিতে করিতে তাঁহাদের সেই (নির্দিষ্ট) সময় অতীত
 হইল ; কারণ, গুহা ও অরণাশালী সেই বিশাল দেশ অন্বেষণ করা দুঃসাধ্য ॥ ১০ ॥

অনন্তর সেই সমস্ত বানরদলপতি সেই স্থান ত্যাগ করিয়া অন্যান্য দুর্গম
 স্থান নির্ভয়ে অন্বেষণ করিতে লাগিলেন ॥ ১১ ॥

১। ৬ '-শ্চ' । ২। ৭ 'কপি-' । ৩। ঘ 'তে ভক্ষয়ন্তো মূলানি ফলানি চ বনেচরাঃ' । ৪। ৬-৭
 'মৃগয়ামি' । ৫। ঘ 'অন্বেষণা দুর্দর্শা শুবসংস্কৃত্য বৈ স্তথম্' । ৬। ৭ 'ভুবি' । ৭। ঘ 'তেষাং তত্রৈব বসতাং' ।
 ৮। ৭ '-মগচ্ছন্ন-' । ৯। ছ-চ '-চ্ছন্ন-' । ১০। ক 'বৈ নিফলা', চ 'বগ্ধফলা' । ১১। ক 'নিপত্রাফল-
 বর্জিতাঃ' । ১২। ৬ 'পত্রং' ।

ন সন্তি মহিষা যত্র ন মৃগা নাপি হস্তিনঃ ।

শার্দূলাঃ পক্ষিণো বাপি যে চান্বে বনগোচরাঃ ॥ ১৩ ॥

স্নিগ্ধপত্রাঃ স্থলে জাতাঃ পদ্মিন্যঃ ফুল্পপঙ্কজাঃ ।

প্রেক্ষণীয়াঃ স্নগন্ধাশ্চ ভ্রমরৈঃ পরিবর্জিতাঃ ॥ ১৪ ॥

কণ্ঠো নাম মহাভাগঃ সত্যবাদী তপোধনঃ ।

মহর্ষিঃ পরমামর্ষী নিয়মৈর্দুঃপ্রাধর্ষণঃ ॥ ১৫ ॥

তস্য তস্মিন্ বনে পুত্রো বালকো দশবার্ষিকঃ ।

প্রনষ্টো জীবিতান্তায় ক্রুদ্ধস্তস্য মহামুনিঃ ॥ ১৬ ॥

তেন ধর্মাত্মনা শপ্তং সর্বং তৎ স্তমহদ্ বনম্ ।

ততোহভবদনাধ্ব্যং মৃগপক্ষিগণৈরপি ॥ ১৭ ॥

১৪। লো-টী। পদ্মিন্যঃ পদ্মসমূহাঃ ফুল্পপঙ্কজাঃ ফুল্পাশ্চ তে পঙ্কজং পাপাজ্জায়ন্তে ইতি তথা, উপভোগাভাবাৎ। 'পঙ্কোহস্তী কন্দমে পাপে' ইতি কোষঃ। ফুল্পপঙ্কজাঃ ফুল্পকলিকা বা।

১৫। লো-টী। পরমামর্ষী পরমক্রোধী। নিয়মৈর্নির্মিতৈঃ। দুঃপ্রাধর্ষণঃ প্রাধর্ষিতুং পরাভবিতুমশক্যঃ।

১৬। লো-টী। জীবিতান্তায় জীবননাশায় মরণায়ৈতার্থঃ। প্রনষ্টঃ অদর্শনং গতঃ।

১৭। লো-টী। অনাধ্ব্যমগমাম্।

যেখানকার বৃক্ষ পুষ্প এবং ফলহীন, অথবা ফল থাকিলেও তাহা নিষ্ফল অর্থাৎ অভক্ষ্য; যেখানে নদী জলশূন্য, মূল অত্যন্ত দুঃপ্রাপ্য; মহিষ, মৃগ, হস্তী, ব্যাঘ্র প্রভৃতি পশু এবং পক্ষী অথবা অন্য কোন বন্য জন্তু যেখানে বাস করে না; এবং যেখানে বিকসিত পদ্ম ও কোমল-পত্রবিশিষ্ট স্থল-পদ্ম সকল দর্শনযোগ্য (সুন্দর) ও সৌরভশালী হইয়াও ভ্রমরসমাগম-শূন্য ॥ ১২-১৪ ॥

কণ্ঠনামক মহর্ষি—সত্যবাদী, তপস্বী, মহাক্রোধী এবং সংযম হেতু দুর্কর্ষ; সেই বনে তাঁহার দশমবর্ষীয় শিশু পুত্রের জীবননাশ হওয়ায় তিনি অত্যন্ত ক্রুদ্ধ হ'ন; পরে সেই ধর্মাত্মা সেই সমগ্র বিশাল বনকে অভিশাপ প্রদান করেন। সেই হেতু ঐ বন পশুপক্ষিগণেরও অগম্য হইয়াছিল ॥ ১৫-১৭ ॥

১। ষ'-যো যত্র'। ২। ণ'-নচ'। ৩। ষ'-ণা শ্চাপি'। ৪। ও-চ 'যত্র'। ৫। ও '-ত্রস্থলে', ণ'-ত্রাস্ত তে জাতাঃ'। ৬। ক-চ 'রৈঃ পরিসিদ্ধিতাঃ; ছ '-রৈশ্চ বিরাজিতাঃ'। ৭। ক '-কঠো'। ৮। ক-ণ '-কঃ সোহুস্মহা-'। ৯। ষ 'কৃৎসং শপ্তং তৎ'।

তত্র তে কাননান্তানি গিরীণাং নিব্বরাণি চ ।

গহনানি নদীনাঞ্চ ব্যচিন্বন্ সহিতাঃ সমম্ ॥ ১৮ ॥

তত্রাপি তে মহাত্মানো নাপশ্যন্ জনকাত্মজাম্ ।

হর্ভারং রাবণং বাপি স্মৃত্বীবপ্রিয়কারিণঃ ॥ ১৯ ॥

অবগীতস্ত তে কৃত্বা তং সর্বং কাননং পুনঃ ।

অন্যদেব মহাঘোরং প্রাবিশন্ গিরিগহ্বরম্ ॥ ২০ ॥

তে প্রবিশ্য তু তদ্ ভীমং লতাগুল্মসমাবৃতম্ ।

দদৃশুঃ স্মহাকাশমসুরং সুরনির্ভয়ম্ ॥ ২১ ॥

তং দৃষ্ট্বা বানরা ভীমং স্থিতং শৈলমিবাপরম্ ।

গাঢ়ং পরিদধুঃ সর্বৈ তস্মিন্ পতিতচক্ষুষঃ ॥ ২২ ॥

২০। লো-টী। অবগতং জ্ঞাতং জ্ঞানবিষয়মিত্যর্থঃ। 'অবগীত'মিতি পাঠে স এবার্থঃ।

২১। লো-টী। তং ভীমমিতি আর্ষণং পুংস্তম্। সুরাদপি নির্ভয়ং যস্ত তম্।

২২। লো-টী। পরিদধুঃ বস্ত্রাণীতি শেষঃ। পতিতচক্ষুষঃ 'পতিতচেতস' ইতি বা পাঠঃ।

লগ্নচেতসঃ।

সেখানে তাঁহারা মিলিত হইয়া বনের প্রান্তভাগ, পর্বতের ঝরণা এবং নদীর [তীরস্থ] বন সকল অন্বেষণ করিতে লাগিলেন ॥ ১৮ ॥

স্মৃত্বীবের হিতৈষী মহামনাঃ বানরগণ সেখানেও জনকনন্দিনী সীতাকে অথবা হরণকারী রাবণকে দেখিতে পাইলেন না ॥ ১৯ ॥

তাঁহারা সেই বন অবগত হইয়া (অর্থাৎ সেই বনের সর্বত্র অনুসন্ধান করিয়া) অত্র এক ভয়ঙ্কর পর্বতগুহায় প্রবেশ করিলেন ॥ ২০ ॥

তাঁহারা লতাগুল্মে সমাচ্ছন্ন সেই ভয়ঙ্কর স্থানে প্রবেশ করিয়া দেবগণ হইতেও ভয়হীন অতি বিশালকায় এক অসুরকে দেখিতে পাইলেন ॥ ২১ ॥

বানরগণ সকলেই অপর একটী পর্বতের গায় অবস্থিত সেই ভীষণ অসুরকে দেখিয়া তাহার উপর দৃষ্টি নিবদ্ধ করিয়া দৃঢ়ভাবে বস্ত্র পরিধান করিতে লাগিলেন ॥ ২২ ॥

১। য-ণ 'চাপি'। ২। ক 'রামস্মাপ্রিয়কারিণম্'। ৩। ক 'অবগতস্ত', য 'অবচিত্তস্ত তং', গ 'স্মৃবিচিত্তস্ত'। ৪। ও 'দৃষ্ট্বা'। ৫। য। 'সর্বং তে'। ৬। ও '-দেবং'। ৭। ছ 'মহদ্ ঘোরং'। ৮। য 'বিবিশুর্গিরিগহ্বরম্'। ৯। চ '-শস্ততো', গ '-ষ্টাস্ততো', ১০। ও 'হতং ঘোরং'। ১১। ছ 'তং ভীমং'। ১২। ও '-শুশ্চ', চ '-শুস্ত'। ১৩। য '-স্থিতাঃ'। ১৪। য 'তস্মিন্মিতচক্ষুষঃ'।

সোহপি মারীচতনয়সৃগবভানপশ্যত ।

তমঙ্গদঃ স্তসংক্রুদ্ধো যুদ্ধায় সমুপাদ্ৰবৎ ॥ ২৩ ॥

রাক্ষসোহপি স্তসংক্রুদ্ধস্তিষ্ঠ তিষ্ঠেতু্যপাহ্বয়ৎ ।

মুষ্টিমুচ্যমা বিনদন্নঙ্গদং সমুপাদ্ৰবৎ ॥ ২৪ ॥

তমাপতন্তুং বেগেন বালিপুত্রোহঙ্গদো বলী ।

রাবণোহয়মিতি জ্ঞাত্বা তলেনাভিজঘান হ ॥ ২৫ ॥

স বালিপুত্রাভিহতো বজ্রাচ্ছেদিতমুদগিরন্ ।

রাক্ষসো ন্যপতদ্ ভূমৌ বজ্রাহত ইব দ্রুমঃ ॥ ২৬ ॥

তে তু তস্মিন্মিপতিতে বানরা জিতকাশিনঃ ।

প্রবাচিষন্ প্রযত্নেন সর্বং তং গিরিগহ্বরম্ ॥ ২৭ ॥

২৭। লো-টা। গিরিগহ্বরং গিরেণিকুঞ্জম্। 'গহ্বরম্, গুহাগহনহস্তেধু নিকুঞ্জেযু পুমানয়'নিতি কোষঃ।

মারীচ-পুত্র সেই অশুরও তাহাদিগকে তৃণের আয় দেখিতে লাগিল, [তাহাতে] অঙ্গদ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধের নিমিত্ত তাহার নিকট ধাবিত হইলেন ॥ ২৩ ॥

[তখন] রাক্ষসও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া 'থাম, থাম'—এই কথা বলিয়া [যুদ্ধার্থ] আহ্বান করিল এবং মুষ্টি উত্তোলনপূর্বক হুঙ্কার করিতে করিতে অঙ্গদের দিকে ধাবিত হইল ॥ ২৪ ॥

বালিপুত্র বলবান্ অঙ্গদ তাহাকে বেগে আসিতে দেখিয়া 'এ-ই রাবণ'—ইহা মনে করিয়া চপেটাঘাত করিলেন ॥ ২৫ ॥

সেই রাক্ষস অঙ্গদকর্তৃক আহত হইয়া মুখ দিয়া রুধির বমন করিতে করিতে বজ্রাহত বৃক্ষের আয় ভূতলে পতিত হইল ॥ ২৬ ॥

রাক্ষস নিপতিত হইলে বিজয়োৎফুল্ল সেই বানরগণ যত্ন সহকারে সেই পর্বত-গুহা—সমগ্র অব্বেষণ করিতে লাগিলেন ॥ ২৭ ॥

১। ষ-ঙ-ছ-চ 'স্তানমশ্যত'। ২। খ 'য়ন্', ক 'য়', চ 'দ্রবৎ'। ৩। ছ 'নিনদন্'। ৪। ছ 'মুখা-'। ৫। ছ-চ '-বমন'। ৬। চ 'বাচিষন্ প্রযত্নস্তত্র'। ৭। চ-ণ 'সর্পতো'।

তে বিচিত্য পুনঃ খিন্না^১ বিনিষ্পত্য সমাগতাঃ ।

একান্তে বৃক্ষমূলেষু^২ নিষেদুর্দানমানসাঃ ॥ ২৮ ॥

ইত্যর্থে বান্দীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিঙ্কিক্যাকাণ্ডে অসুরবধো নাটমকোন-
পঞ্চাশঃ সর্গঃ ॥ ৪৯ ॥

২৮। লো-টী। খিন্না ছুঃখিতাঃ, বিনিষ্পত্য গহ্বরান্নির্গতা, সমাগতা মিলিতাঃ।
অসুরবধঃ সর্গঃ ।

তঁাহারা পুনরায় অন্বেষণপূর্বক ছুঃখিত হইয়া তথা হইতে বহির্গত হইলেন
এবং সম্মিলিত হইয়া নিজ্জনে বৃক্ষমূলে ছুঃখিত চিত্তে উপবেশন করিলেন ॥ ২৮ ॥

মহর্ষি বান্দীকি প্রণীত আদিকাব্য রামায়ণের কিঙ্কিক্যাকাণ্ডে অসুরবধ
নামক ৪৯শ সর্গ সমাপ্ত ॥ ৪৯ ॥

(৫০) পঞ্চাশঃ সর্গঃ

^১ ততো বায়ুস্বতঃ শ্রীমানঙ্গদপ্রমুখান্ হরীন্ ।
^২ আসীনানত্রবীদ্ ভীমান্ ^৩ বাক্যং বাক্যবিশারদঃ ।
^৪ পরিশ্রান্তান্ মহাপ্রাজ্ঞঃ সমানীয় শনৈস্তদা ॥ ১ ॥
^৫ সানূনি গিরয়ো নদ্রো দুর্গাণি গহনানি চ ।
^৬ নিব্বা^৭রা গিরিশৃঙ্গাণি বনান্যুপবনানি চ ॥ ২ ॥
^৮ গুহকানাং নিবাসাশ্চ গন্ধর্ক্বভবনানি চ ।
^৯ গুহাশ্চ বিবিধাকারা মার্গিতানি ততস্ততঃ ॥ ৩ ॥
^{১০} বিচিত্রং বনং সর্বং তৃণং বিদলীকৃতম্ ।
^{১১} পশ্যামো ন চ বৈদেহীং রাবণং তঞ্চ রাক্ষসম্ ॥ ৪ ॥
^{১২} স্মগ্রীবেণ যথোদ্দিষ্টা দেশাঃ স্মবিচিতাঃ কৃতাঃ ।
^{১৩} যাংশ্চ নোদ্দিষ্টবান্ দেশাংস্তে চাপি বিচিতাঃ পৃথক্ ॥ ৫ ॥
^{১৪} নৈব প্রবৃত্তিঃ শৃণুমস্তয়োঃ কশ্চিৎকিন্চিকাং ।
^{১৫} কালশ্চ স্মমহান্ যাতো মার্গতাং জনকাত্মজাম্ ॥ ৬ ॥

১। লো-টী। ইদং বাক্যমিত্যনয়ঃ ।

৬। লো-টী। মার্গতাং শৃণয়তাং, যাতো গতঃ ।

পরে বাক্যপটু মহাপণ্ডিত শ্রীমান্ পবননন্দন হনুমান্ উপবিষ্ট এবং পরিশ্রান্ত অঙ্গদ প্রভৃতি ভয়ঙ্কর বানরদিগকে আনয়ন করিয়া এই কথা বলিলেন— ॥ ১ ॥

পর্বত, নদী, ঝরণা, দুর্গম দুর্গ, পর্বতশৃঙ্গ, সানুদেশ, বন, উপবন, গুহক-দিগের এবং গন্ধর্ক্বদিগের বাসস্থান—নানা প্রকার গুহা, সর্বত্র অন্বেষণ করিয়াছি, এবং সমস্ত বন অনুসন্ধান করিয়াছি, তৃণ সকলও বিদীর্ণ করিয়াছি ; কিন্তু বিদেহ-রাজনন্দিনী সীতাকে এবং রাবণকে [কোথাও] দেখিতেছি না ॥ ২—৪ ॥

১। ঘ-ঢ-ণ 'তত্র'। ২। ঘ-ছ '-ধীমান্', ঢ '-বীরান্'। ৩। ও '-বিদ্যাংবরঃ'। ৪। ক '-য়িদম্'। ৫। ঘ-পুস্তকে ইদমর্কং তৃতীয়শ্লোকপূর্বাঙ্কং নাস্তি। ৬। ঢ-পুস্তকে ইদমর্কং নাস্তি। ৭। ছ '-সাংশ্চ'। ৮। ও-ছ '-তাশ্চ', ঢ '-তবাস্ত-', ৭ '-তা হি'। ৯। ক '-গণাপি', ছ '-গং ন চ'। ১০। ছ 'স্মবিচিতাঃ'। ১১। ছ 'ন চ'। ১২। ও 'মার্গতাং'।

কৃতশ্চ কালপর্যন্তঃ সুগ্রীবশ্চোগ্রশাসনঃ ।

ন চ সা দৃশ্যতে সীতা রামপত্নী ন রাবণঃ ॥ ৭ ॥

উচ্যতামত্র দুর্দ্ধর্ষা যন্নঃ ক্ষেমমনন্তরম্ ।

ন হি সা দৃশ্যতে সীতা যন্নিমিত্তং ভ্রমামহে ॥ ৮ ॥

এবং ক্রবাণং তং বাক্যমঙ্গদঃ পবনাত্মজম্ ।

উবাচ বচনং বাঁরো বানরাণাং হিতাবহম্ ॥ ৯ ॥

সর্ব্ব এব সমর্থাস্চ বলবন্তশ্চ বানরাঃ ।

অলং নৈরাশ্যমার্গত্য সীতাধিগমনং প্রতি ॥ ১০ ॥

৭। লো-টী। কালপর্যন্তঃ অবধিঃ।

৮। লো-টী। সুদুর্দ্ধর্ষো যত্র রাবণঃ সোহপি দেশো ন দৃশ্যত ইত্যম্বয়ঃ। যৎ ক্ষেমং কুশলম্।

১০। লো-টী। শ্রুতবন্তঃ সর্ক্বশাস্ত্রশ্রবণবন্তঃ। নৈরাশ্যং নিরাশত্বমলং ব্যর্থং পুনরাগত্য পরিমার্গণে ইত্যম্বয়ঃ।

সুগ্রীব কর্তৃক নির্দিষ্ট সমস্ত দেশ উত্তমরূপে অন্বেষণ করিয়াছি এবং তৎকর্তৃক অনির্দিষ্ট দেশও পৃথক্ ভাবে অনুসন্ধান করিয়াছি ; কিন্তু কাহারও নিকট হইতে সীতা ও রাবণের সংবাদ শুনিতে পাইতেছি না। জনকনন্দিনী সীতাকে অন্বেষণ করিতে করিতে বহু কাল অতীত হইয়াছে। সুগ্রীবের শাসন অতিশয় ভীষণ, [আমাদের] নির্দিষ্ট সময় সমাপ্ত হইয়াছে, কিন্তু সেই রামের পত্নী সীতাকে এবং রাবণকে দেখিতে পাইতেছি না ; হে দুর্দ্ধর্ষ বানরগণ, এ বিষয়ে অতঃপর আমাদের যাহা মঙ্গলকর তাহা বলুন। যাহার নিমিত্ত আমরা ভ্রমণ করিতেছি সেই সীতাকে ত দেখা যাইতেছে না। পবননন্দন হনুমান্ এইরূপ বলিলে বলবান্ অঙ্গদ তাহাকে বানরগণের হিতকর বাক্য বলিলেন—॥ ৫—৯ ॥

বানরগণ, [আমরা] সকলেই সমর্থ এবং বলবান্ ; অতএব সীতার প্রাপ্তি বিষয়ে নৈরাশ্য অবলম্বনের প্রয়োজন নাই ॥ ১০ ॥

১। ক 'চ'। ২। ট '-তাং যত্র'। ৩। ঘ-ণ-ছ 'ক্ষম-'। ৪। ঘ 'ক্রবাণস্তমিদং', ছ-ট-ণ 'ক্রবাণমেবং'। ৫। ঙ 'ধীরো'। ৬। ঞ 'স্থিতো রহঃ'। ৭। ঘ-ট 'শ্রুতব-'। ৮। ঙ '-মাগম্য'। ৯। ছ '-সীতাবগমনং'।

তে বয়ং পরিমার্গামঃ পুনস্তাং জনকাত্মজাম্ ।

সন্ত্যজ্যাপি প্রিয়ান্ প্রাণান্ যথা পশ্যাম মৈথিলীম্ ॥ ১১ ॥

অনির্বেদশ্চ দাক্ষ্যঞ্চ মনসশ্চাপরাজয়ঃ ।

অবশ্যং ক্রিয়মাণশ্চ কর্মণো দৃশ্যতে ফলম্ ॥ ১২ ॥

যদ্যপ্যেতদ্বনং সর্বং বিচিতং স্মসমাহিতৈঃ ।

খেদং ত্যক্ত্বা পুনঃ সর্বং বিচিন্ত্য বনৌকসঃ ।

অলং নির্বেদমাগত্য ন হি নো হীদৃশং ক্ষমম্ ॥ ১৩ ॥

সুগ্রীবঃ ক্রোধনো রাজা তীক্ষ্ণদণ্ডশ্চ বানরঃ ।

ভেতব্যং তস্য শূরস্য রামস্য চ মহাত্মনঃ ॥ ১৪ ॥

হিতার্থমেতদুক্তং মে ক্রিয়তাং যদি রোচতে ।

উচ্যতাং বা ক্ষমং যন্নঃ সর্বেষামেব বানরাঃ ॥ ১৫ ॥

১২। লো-টী। অনির্বেদো বৈরাগ্যাভাবঃ, দাক্ষ্যং কর্মচাতুর্যম্, অপরাজয়ঃ অনালম্, এতৈঃ ক্রিয়মাণশ্চ ।

১৩। লো-টী। খেদং দুঃখম্, নির্বেদং বৈরাগ্যম্, আগত্য প্রাপ্য অলং ব্যর্থম্। তস্মাদ্ বিরক্তা মা ভবথ। হি যস্মিন্নোহস্মাকমাদৃশং বৈরাগ্যকরণং ন হি ক্ষমমর্চ্যতম্।

প্রিয় প্রাণ পরিত্যাগ করিয়াও যাহাতে মিথিলারাজনন্দিনী সীতাকে দেখিতে পাই সেজন্য আমরা সকলে পুনরায় তাঁহার অন্বেষণ করিব ॥ ১১ ॥

অনুতাপশূন্যতা, দক্ষতা এবং চিত্তের অপরাঙ্খতা (অর্থাৎ তৎপরতা) সহকারে কার্য্য করিলে অবশ্যই তাহার ফল দেখা যায় ॥ ১২ ॥

হে বানরগণ, যদিও অত্যন্ত অবহিত হইয়া এই সমস্ত বন অন্বেষণ করা হইয়াছে [তথাপি] খেদ পরিত্যাগ করিয়া পুনরায় সমস্ত বন অনুসন্ধান করুন। ঔদাসীণ্য অবলম্বনের প্রয়োজন নাই; যেহেতু আমাদের একরূপ [ঔদাসীণ্য] করা যুক্তিযুক্ত নহে ॥ ১৩ ॥

বানররাজ সুগ্রীব অত্যন্ত ক্রোধী এবং তাহার শাসন অতিশয় কঠোর, [অতএব] সেই বীরকে এবং মহাত্মা রামচন্দ্রকে ভয় করা উচিত ॥ ১৪ ॥

বানরগণ, [আমাদের] মঙ্গলের জন্য আমার এই উক্তি; যদি ভাল লাগে

১। ৭ '-জামঃ'। ২। ছ 'পশ্যাম'। ৩। ক '-সশ্চ'। ৪। ক-ঙ 'হি স-'। ৫। ঙ 'বনং'। ৬। ছ-চ 'সর্বে'। ৭। ঙ '-মাগম্য', চ '-মাসাত'। ৮। ঘ 'মীলনং'। ৯। ছ 'বানরাঃ'। ১০। চ 'হি'। ১১। ছ 'চ', চ '-নঃ'। ১২। ৭ 'যথা শন্নঃ'। ১৩। চ 'যদ্বা'।

অঙ্গদস্য তু তচ্ছ্রুত্বা বচনং গন্ধমাদনঃ ।

উবাচ প্রশ্রুতং বাক্যং সর্ববানরসন্নিধৌ ॥ ১৬ ॥

সদৃশং চানুরূপঞ্চ বাক্যমঙ্গদভাষিতম্ ।

হিতঞ্চ পথ্যঞ্চ ভবেৎ ক্রিয়মাণং ন সংশয়ঃ ॥ ১৭ ॥

পুনর্মার্গামহে শৈলান্ সন্দরগুহাস্তরান্ ।

কাননানি চ রম্যাণি নদীঃ প্রশ্রবণানি চ ॥ ১৮ ॥

যথোদ্ভিষ্টানি সর্বাণি স্ত্রীবেণ মহাত্মনা ।

নিশ্চয়ং পরমং কৃত্বা বিচিন্ত্ত বনৌকসঃ ॥ ১৯ ॥

ততঃ সর্বৈ সমুখায় বানরাস্তে মহাবলাঃ ।

বিন্ধ্যকাননসঙ্কীর্ণাং বিচেরুর্দক্ষিণাং দিশম্ ॥ ২০ ॥

১৬। লো-টী। প্রশ্রয়ং বিনয়ম্।

১৭। লো-টী। সদৃশং যোগ্যম্। অনুরূপমনুরূপং চ এতদ্ বাক্যং ক্রিয়মাণং চেৎ তর্হি হিতং হিতকারি পথ্যং দোষাজনকং চ ভবেৎ।

১৮। লো-টী। কন্দরগুহাস্তরৈঃ সহ বর্তমানান্। কন্দরো দরী, গুহা দেবখাতবিলম্, তয়োরন্তরং মধ্যম্। “দরী তু কন্দরো বা স্ত্রী দেবখাতবিলে গুহা” ইত্যমরঃ। যদ্ বা গুহা পাষণ-সন্ধিঃ, কন্দরো দরী, গুহা পাষণসন্ধিঃ স্ত্রীং কন্দরঃ কন্দরা দরী”তি রত্নমালা। প্রশ্রবণানি বারিপ্রবাহান্।

তবে তদনুসারে কার্য্য করুন অথবা আমাদের সকলের যাহা উচিত তাহা বলুন (অর্থাৎ নির্ণয় করুন) ॥ ১৫ ॥

অঙ্গদের সেই বাক্য শুনিয়া গন্ধমাদন সমস্ত বানরগণের সন্নিধানে সমর্থন-সূচক বাক্য বলিলেন— ॥ ১৬ ॥

অঙ্গদ যাহা বলিয়াছেন তাহা উপযুক্ত ও যুক্তিসঙ্গত। এইরূপ করিলে আমাদের দোষ হইবে না এবং মঙ্গল হইবে—এ বিষয়ে সন্দেহ নাই ॥ ১৭ ॥

[আমুন] আমরা পুনরায় গুহা এবং গহ্বরযুক্ত পর্বতসকল, রমণীয় বনসকল এবং নদী ও নির্ঝরসমূহ অন্বেষণ করি ॥ ১৮ ॥

হে বানরগণ, মহাত্মা স্ত্রীবে কর্তৃক নির্দিষ্ট সমস্ত স্থান প্রতিজ্ঞা পূর্বক অন্বেষণ করুন ॥ ১৯ ॥

তদনন্তর মহাবলশালী সমস্ত বানর উথিত হইয়া বিন্ধ্য পর্বতের অরণ্য-সমাচ্ছন্ন দক্ষিণ দিকে বিচরণ করিতে লাগিলেন ॥ ২০ ॥

১। চ ‘প্রশ্রিতং’। ২। ঘ-পুস্তকে ইদমর্কং নাস্তি। ৩। ও ‘চান্ন-’। ৪। গ ‘তথ্যঞ্চ’। ৫। ছ ‘-য়ম্’। ৬। ঙ-চ ‘সর্বান্’। ৭। ক ‘বিচিষ্টানি’। ৮। ছ-গ ‘নদীপ্র-’। ৯। ছ ‘দুরা-’।

তে শারদাভ্রপ্রতিমং নগং রজতসন্নিভম্ ।

শৃঙ্গবল্লভং দরীবল্লভমারোহন্ হরিপুঙ্গবাঃ ॥ ২১ ॥

তত্র লোভ্রবনং রম্যং সপ্তপর্ণবনানি চ ।

ব্যচিষ্মংস্তে হরিবরাঃ সীতাदर्শনকাঙ্ক্ষিণঃ ॥ ২২ ॥

তস্মাগ্রমধিরুঢ়াস্তে শ্রান্তাঃ সুলঘুবিক্রমাঃ ।

ন চাপশ্যন্ত বৈদেহীং রামস্ম মহিষীং প্রিয়াম্ ॥ ২৩ ॥

তে তু দৃষ্টিহতং কৃত্বা তং শৈলং বহুকন্দরম্ ।

অবারোহন্ত হরয়ঃ প্রবিচিত্য সমন্ততঃ ॥ ২৪ ॥

অবরুহ চ তে ভূমিঃ শ্রান্তা দুঃখিতচেতসঃ ।

স্থিতা মুহূর্তং তত্রাসন্ বৃক্ষমূলান্যুপাশ্রিতাঃ ॥ ২৫ ॥

২৩। লো-টী। শান্তা একাগ্রচিত্তাঃ। সুলঘুবিক্রমাঃ সুলীঘ্রবিক্রমাঃ।

২৪। লো-টী। দৃষ্টিহতং চক্ষুর্গোচরম্।

২৫। লো-টী। মুহূর্তং স্থিতাঃ, তত্র ততঃ।

সেই শ্রেষ্ঠ বানরগণ শরৎকালীন মেঘ ও রজততুল্য, বিশাল শৃঙ্গ ও গুহায়ুক্ত পর্বতে আরোহণ করিলেন ॥ ২১ ॥

সীতার দর্শনাভিলাষে সেই শ্রেষ্ঠ বানরগণ সেখানে রমণীয় লোভ্র-বনে এবং সপ্তপর্ণ (ছাতিম) বৃক্ষের বনে অন্বেষণ করিতে লাগিলেন ॥ ২২ ॥

সেই দ্রুতগামী বানরগণ পর্বতের শিখরদেশে আরোহণ করিয়া ক্লান্ত হইয়া পড়িলেন ; কিন্তু রামচন্দ্রের প্রিয় মহিষী বিদেহরাজনন্দিনী সীতাকে দেখিতে পাইলেন না ॥ ২৩ ॥

সেই বানরগণ বহু গুহা বিশিষ্ট সেই পর্বতকে দৃষ্টিগোচর করিয়া চারিদিকে অন্বেষণ করত তথা হইতে অবতরণ করিলেন ॥ ২৪ ॥

শ্রান্ত এবং বিষন্ন সেই বানরগণ ভূতলে অবতরণ করিয়া বৃক্ষমূলে আশ্রয় গ্রহণ করত মুহূর্তকাল অবস্থান করিলেন ॥ ২৫ ॥

১। ছ-ঢ 'মহা-'। ২। ঢ-'মন্ত-'। ৩। ঢ 'ব্যচিষ্ম', ৭ 'বিচিষ্মংস্তে'। ৪। ৭ 'অবারোহন্ত'
৫। ৭ 'ভূ'। ৬। ছ 'ভ্রাপি'।

তে মুহূর্তং সমাশ্বস্তাঃ কিঞ্চিদ্ভ্রষ্টপরিশ্রমাঃ ।

পুনরৈবোদ্রতাঃ কৃচ্ছ্রান্মার্গিত্বুং জনকাত্মজাম্ ॥ ২৬ ॥

দরীশিখরনদ্রোঘলতাপাদপসঙ্কুলম্ ।

বিন্ধ্যং বানরমুখ্যাস্তে মার্গন্তি স্ম সমন্ততঃ ॥ ২৭ ॥

প্রযত্নতস্তে হরয়ঃ সমন্ততো গুহাস্থ শৈলান্তরনিব্বরেষু ।

অন্বেষণা জনকাদিপাত্মজাং ভ্রমন্তি তস্মিন্ গিরিসঙ্কটে তদা ॥ ২৮ ॥

ইত্যর্থে বান্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে কিঞ্চিক্যাকাণ্ডে দক্ষিণশ্রাং দিশি

সীতান্বেষণং নাম পঞ্চাশঃ সর্গঃ ॥ ৫০ ॥

২৭। লো-টী। নদ্রোঘঃ নদীজলশ্চ বেগঃ।

২৮। লো-টী। গিরিসঙ্কটে গিরিজুর্গে। দক্ষিণশ্রাং দিশি সীতান্বেষণো নাম সর্গঃ

তঁহারা মুহূর্তকাল আশ্বস্ত হইয়া পরিশ্রমের কিঞ্চিং লাঘব হইলে পুনরায় অতি ক্লেশসহকারে জনকনন্দিনী সীতাকে অন্বেষণ করিতে উদ্রত হইলেন ॥ ২৬ ॥

সেই শ্রেষ্ঠ বানরগণ গুহা, শিখর, নদী, প্রবাহ, লতা ও বৃক্ষে সমাচ্ছন্ন বিন্ধ্য পর্বত চারিদিকে অন্বেষণ করিলেন ॥ ২৭ ॥

তখন সেই বানরগণ যত্নসহকারে পর্বতমধ্যবর্তী ঝরণায়, গুহায় এবং দুর্গম প্রদেশে জনকরাজনন্দিনী সীতার অন্বেষণ করিতে করিতে ভ্রমণ করিতে লাগিলেন ॥ ২৮ ॥

মহর্ষি বান্মীকি-প্রণীত আদিকাব্যে রামায়ণের কিঞ্চিক্যাকাণ্ডে দক্ষিণ দিকে

সীতান্বেষণ নামক ৫০শ সর্গ সমাপ্ত ॥ ৫০ ॥

১। ও-পুস্তকে ইদমর্জ্জং নাস্তি। ২। চ 'কেচিদ্ভ্রষ্টপরি-'। ৩। ঘ-ণ '-ভগ্ন-'। ৪। ট-টি '-নুদ্রিষ্টাং দক্ষিণাং দিশম্'। ৫। ঙ '-দ্রোহ', চ '-দ্রোঘ'। ৬। ছ 'মার্গন্তি'। ৭। অতঃপরং ৭-পুস্তকে 'শ্রমবিগতমানসাঃ পুনস্তে গিরিবরাংশ্চাভিবীক্ষিতং গতাস্চ। জনকনৃপস্মৃতামভীমপ্সানা হরিনৃপশাসনমভীব চ প্রয়াতাঃ ॥' ইত্যধিকম্। ৮। ক-ছ 'অন্বেষণা'। ৯। ক-ঙ '-কাত্মজাঞ্চ'। ১০। চ 'তে সন্তি'।

একপঞ্চাশঃ সর্গঃ

সমাঙ্গাঙ্গদমুখেইরিভিইনুমাংস্তদা ।

ব্যচিনোত্তস্য বিক্র্যস্ত গুহাশ্চ গহনানি চ ॥ ১ ॥

তে মার্গমাণাঃ সংরক্ষা রামার্থে ত্যক্তজীবিতাঃ ।

ঘোরাণি গিরিভূর্গাণি প্রবিশন্তি প্লবঙ্গমাঃ ॥ ২ ॥

তেষাং তত্রৈব বসতাং স কালো ব্যত্যবর্তত ।

স হি দেশো দুরাধর্ষো লতাগহনবান্ মহান্ ॥ ৩ ॥

ততো ভূয়ো বিচিন্বানা হনুমৎপ্রমুখাস্তদা ।

বৃক্ষচ্ছায়োপবিষ্টাস্তে ক্লিষ্টাশ্চান্মোক্ষমক্রবন্ ॥ ৪ ॥

পরস্পরেণাবহিতাঃ সীতাदर्শনকাঙ্ক্ষিণাঃ ।

গয়ো গবাঙ্ক্ষা গবয়ঃ শরভো গন্ধমাদনঃ ॥ ৫ ॥

৩। লো-টী। ব্যত্যবর্তত অতিক্রান্তবান্। স কালো মাসাত্মকঃ। দুরাধর্ষোহগম্যঃ। 'দুরধেষ্য' ইতি পাঠে স এবাধঃ। অত্র সর্গে পাঠস্ত ভেদো দৃশ্যতে। 'স হি দেশো দুরধেষ্য' ইতি 'সমক্রবন্' ইতি সাক্ষেনাশয়ঃ।

৫। লো-টী। কে তে তানাহ—গয় ইতি সাক্ষেন।

তখন হনুমান্ অঙ্গদ প্রভৃতি বানরগণের সহিত মিলিত হইয়া সেই বিক্র্য-পর্বতের গুহা এবং বন সকল অন্বেষণ করিতে লাগিলেন ॥ ১ ॥

রামার্থে উৎসর্গীকৃতপ্রাণ সেই উৎসাহী বানরগণ অন্বেষণ করিতে করিতে ভীষণ পর্বত-ভূর্গে প্রবেশ করিলেন ॥ ২ ॥

সেইখানেই বাস (অন্বেষণ) করিতে করিতে তাহাদের নির্দিষ্ট সময় অতিবাহিত হইয়া গেল, কারণ, লতা এবং বনে সমাচ্ছন্ন সেই বিশাল দেশ অত্যন্ত দুর্গম ॥ ৩ ॥

পরে অন্বেষণ করিতে করিতে ক্লিষ্ট হইয়া সেই হনুমান্ প্রভৃতি বানরগণ বৃক্ষের ছায়ায় উপবেশন পূর্বক পুনরায় পরস্পর মন্ত্রণা করিলেন ॥ ৪ ॥

[পরে] সীতার দর্শনাভিলাষী সেই গয়, গবাঙ্ক্ষ, গবয়, শরভ, গন্ধমাদন, মৈন্দ, দ্বিবিদ, হনুমান্, জাম্ববান্, নল, যুবরাজ অঙ্গদ, এবং তারপ্রভৃতি বানরগণ পরস্পর

১। ক 'তমা-'। ২। ঘ-ঢ-ণ-পুস্তকেষু অয়ং শ্লোকো নাশ্চি। ৩। ও 'রামার্থে বিজনে'। ৪। ও 'তশ্চৈব'। ৫। ঘ-ছ 'দুরধেষ্যো'। ৬। ও 'ক্লিষ্টাশ্চান্মোক্ষম-', ছ 'দৃষ্টো চান্মোক্ষম-', ক 'দৃষ্টো চান্মোক্ষং সম-'।

মৈন্দশ্চ দ্বিবিদশ্চৈব হনুমান্ জাম্ববান্ নলঃ ।

অঙ্গদো যুবরাজশ্চ তারশ্চ বনগোচরঃ ॥ ৬ ॥

গিরিজালারুতাং দুর্গাং মার্গিত্বা দক্ষিণাং দিশম্ ।

ক্ষুৎপিপাসাপরিশ্রান্তাঃ ক্লান্তাশ্চ সলিলার্থিনঃ ।

জলঞ্চ সীতাঞ্চ পুনর্মুগয়ামাহুরাতুরাঃ ॥ ৭ ॥

সমাগম্যা ততঃ সর্বে শ্রমার্ভা বনগোচরাঃ ।

জগ্মুর্বিদাদং সন্ত্রস্তাঃ সুগ্রীবাদ্ বানরাধিপাৎ ॥ ৮ ॥

তে বিষন্নগুণা দীনাঃ সুগ্রীবভয়মোহিতাঃ ।

অবীক্ষমাণাঃ সীতাঞ্চ রাবণঞ্চ সুদুঃখিতাঃ ॥ ৯ ॥

বুভুক্ষিতাঃ পরিশ্রান্তাস্তৃমিতাঃ সলিলার্থিনঃ ।

৭। লো-টা। ক্লান্তা বসন্তঃ। “ক্ষুৎপিপাসার্জিতা নুনং শ্রান্তাশ্চ”তি কচিং পাঠঃ।
অতুরাতুরহিতাঃ।

৮। লো-টা। বিদাদং চিন্তাম্।

অবহিত হইয়া পর্বতজালে সমাচ্ছন্ন দুর্গম দক্ষিণ দিক্ অন্বেষণ করিতে করিতে
ক্ষুধা ও তৃষ্ণায় ক্লান্ত ও পরিশ্রান্ত হইয়া পড়িলেন ; এবং জলের জন্য কাতর হইয়া
পুনরায় জল ও সীতার অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৫—৭ ॥

তার পর শ্রমার্ভ বানরগণ সকলে মিলিত হইয়া বানররাজ সুগ্রীবের ভয়ে
ভীত ও বিষন্ন হইয়া পড়িলেন ॥ ৮ ॥

সুগ্রীবের ভয়ে মুগ্ধ ও কাতর সেই বানরগণের বদনমণ্ডল বিষন্ন হইল,
তঁাহারা সীতাকে এবং রাবণকে দেখিতে না পাইয়া অত্যন্ত দুঃখিত হইলেন ॥ ৯ ॥

অনন্তর তঁাহারা পরিশ্রান্ত, ক্ষুধার্ভ ও তৃষ্ণার্ভ হইয়া জলের জন্য অনুসন্ধান
করিতে করিতে বৃক্ষসমূহে সমাচ্ছন্ন গাঢ় অন্ধকারাবৃত এবং ইন্দ্রেরও ভয়জনক একটা
অতি বিস্তীর্ণ গহ্বর দেখিতে পাইলেন ॥ ১০ ॥

১। ও ‘জাম্ববান্’। ২। য-ছ ‘শিলাজাল-’, ও ‘গিরিজাজ-’। ৩। ট ‘পিপাসয়া’। ৪। চ ‘-স্তাঃ স্ম’।
৫। ছ ‘তদাম্’। ৬। ও ‘-গতা’। ৭। ৭-পুস্তকে ইতঃ পাদঘটকং নাস্তি ৮। চ ‘-ণাং’।

অথাবদীর্ণং দদৃশুর্বিবলং রক্ষৈঃ সমাবৃতম্ ।

তমসামহতা গ্রাস্তমিস্ত্রশ্যাপি ভয়াবহম্ ॥ ১০ ॥

ততঃ ক্রৌঞ্চাশ্চ হংসাশ্চ সারসাঃ কুররাস্তথা ।

জলাদ্রাশ্চক্রবাকাশ্চ পদ্মকিঞ্জলপিঞ্জরাঃ ॥ ১১ ॥

কুররা মঞ্জুলাশ্চৈব তথৈব জলকুকুটাঃ ।

রক্তাঙ্গাশ্চৈব কাদম্বা নিম্পতন্তুঃ সমন্ততঃ ।

কলহংসাঃ প্লবাসৈশ্চৈব তথাহন্যে জলচারিণঃ ॥ ১২ ॥

তে তু দৃষ্ট্বা বিলং সর্বে বিশ্বয়াকুলচেতসঃ ।

অভবন্ দীনমনসো হৃষ্টাশ্চ জলশঙ্কয়া ॥ ১৩ ॥

১০। লো-টী। অবদীর্ণং দারিতম্, “অবকীর্ণ”মিতি বা পাঠঃ।

১১-১২। লো-টী। ‘ততঃ ক্রৌঞ্চাদয়’ ইত্যাদি ‘জলচারিণ’ ইত্যন্তুঞ্চ দদৃশুরিতি সর্দ্বদ্বয়ে-
নাঘয়ঃ। ক্রৌঞ্চাঃ ‘কৌচ’বক’ ইতি যস্য প্রসিদ্ধিঃ। কুররাঃ পক্ষিবিশেষাঃ। “কুরলঃ কুররঃ
সমা”বিত্যমরঃ। “পদ্মকিঞ্জল-রঞ্জিতাঃ”, ‘রক্তাঙ্গাঃ পদ্মরেণুভি’রিত্তি বা পাঠঃ। মঞ্জুলা
জলরক্ষবঃ দাতূহা ইতি বাবৎ। মঞ্জুলাং ত্রিমু নঞ্জো না জলরক্ষো ইতি কোষঃ। জলরক্ষো
চ দাতূহা ইতি ভূরিঃ। ‘মঞ্জুলা’ ইতি পাঠশিচন্ত্যঃ। জলসম্ভবা জলং সম্ভবো জীবনহেতুর্থেবাং
তে। ‘সম্ভবো হেতুজন্মনো’রিত্যজয়ঃ। ‘জলকুকুভা’ ইতি পাঠো ভাবাঃ। জলকুকুটাকাদম্বাঃ
কদম্বনেব কাদম্বং জলকুকুটানামা সমন্তাৎ কাদম্বং সমূহো যেষু জলসম্ভবেষু তে। জলকুকুটঃ
“পানিকাহেডী”তি যস্য প্রসিদ্ধিঃ। প্লবা ভেকাঃ তত্রত্যশাখামৃগা বা।

[লো-টী]। অত্র জলমস্তীতি সঞ্জাতা পরিশঙ্কা যেষাং তে, প্রতাপদ্বন্ত প্রবেষ্টুংমৈচ্ছন্।
তেজোবন্তুস্তেজস্বন্তুঃ।

তাহা হইতে চারিদিকে ক্রৌঞ্চ, হংস, সারস, কুরর, জলসিক্ত এবং পদ্মের
কেশরে পীতবর্ণ চক্রবাক, কুরর দাতূহা (ডালুক), জল-কুকুট, রঞ্জিতগাত্র হংস ও
কলহংস, ভেক এবং অন্যান্য জলচর পক্ষিগণ নির্গত হইতেছে ॥ ১১-১২ ॥

তঁহারা সকলে সেই গহ্বর অবলোকন করিয়া বিশ্বয়াবিষ্টচিত্ত, দুঃখিত এবং
জলের আশায় আনন্দিত হইলেন ॥ ১৩ ॥

১। ছ ‘-বদীর্ণং’। ২। ও ‘বৃঙ্গসমাশ্রিতম্’, চ ‘বৃঙ্গসমাকুলম্’। ৩। গ ‘তরসা’। ৪। চ ‘সুপ্ত’।
৫। ক ‘কুররা’। ৬। চ ‘জলচারিণ’। ৭। ক ‘-রেখভিরঞ্জিতাঃ’। ৮। ক ‘চল-’। ৯। ঘ-ছ-চ
‘-কুকুভাঃ’, গ ‘-কুঞ্জাঃ’। ১০। ঘ-চ ‘জলকুকুটাকাদম্বা নিম্পতন্তুঃ’, ছ-গ ‘জলকুকুটাকাদম্বা নিম্পতন্তুঃ’। ১১। ও
‘জল-’। ১২। ছ-গ ‘যে চারিণ’। ১৩। চ ‘তং’। ১৪। গ ‘বিশ্বয়োংকুলনাচনাঃ’। ১৫। গ ‘-বদনাঃ’।
১৬। ও ‘-কাজ্জয়া’।

ততঃ পৰ্ব্বতসঙ্কাশো হনুমান্ মারুতান্নজঃ ।

সমেতান্ বানরান্ সৰ্ব্বানিদং বচনমব্রবীৎ ॥ ১৪ ॥

গিরিজালারূতাং দুৰ্গাং মাৰ্গিত্বা দক্ষিণাং দিশম্ ।

বয়ং সৰ্ব্বে পরিশ্রান্তা ন চ পশ্যাম মৈথিলীম্ ॥ ১৫ ॥

অস্মাদপি তু পশ্যামো বিলান্নিপ্পততো বহুন্ ।

জলেচরান্ পক্ষীগান্ শতশোহথ সহস্রশঃ ॥ ১৬ ॥

নূনং সলিলবানত্র কূপো বা যদি বা হ্রদঃ ।

ভবিষ্যতি তথা হেতে নিপ্পতন্তি পতত্রিণঃ ॥ ১৭ ॥

প্রবিষ্ঠাত্রাপনেষ্যামস্তৰ্ষং সলিলজং বয়ম্ ।

সীতাঞ্চ যুগয়িষ্যামঃ সৰ্ব্বত্রাস্মিন্ মহাবিলে ।

ব্যক্তং বহুদকো হত্র ভবিষ্যতি মহাহ্রদঃ ॥ ১৮ ॥

১৭। লো-টা। তথা নিপ্পতন্তি সলিলসংযুক্তা ইত্যর্থঃ।

১৮। লো-টা। তৰ্ষং শব্দাং, সলিলজং সলিলে জায়ত ইতি তথা।

তার পর পৰ্ব্বত-তুলা পবন-নন্দন হনুমান্ সম্মিলিত সমস্ত বানরকে এই কথা বলিলেন—॥ ১৪ ॥

আমরা সকলে পৰ্ব্বত সমূহে পরিবেষ্টিত দুৰ্গম দক্ষিণ দিক্ অন্বেষণ করিয়া পরিশ্রান্ত হইয়াছি ; কিন্তু মিথিলারাজনন্দিনী সীতাকে ত দেখি না ॥ ১৫ ॥

এই গহ্বর হইতে শতসহস্র জলচর পক্ষীকে নির্গত হইতে দেখিতেছি ॥ ১৬ ॥

নিশ্চয়ই এইখানে জলপূর্ণ কূপ বা হ্রদ থাকিবে, যোহতু এই পক্ষিসকল নির্গত হইতেছে ॥ ১৭ ॥

আমরা এইখানে প্রবেশ করিয়া জল-তৃষ্ণা নিবারণ করিব এবং এই বিশাল গহ্বরের সকল স্থানে সীতারও অন্বেষণ করিব। স্পষ্টই বুঝা যাইতেছে—এখানে বহু জলপূর্ণ বিশাল হ্রদ থাকিবে ॥ ১৮ ॥

১। ৭ 'পবনান্নজঃ'। ২। উ-চ 'সমেতা'। ৩। ঘ-ঙ-ছ-চ 'চ'। ৪। ঙ '-লাদুৎগতিতো'। ৫। ৭ 'নিপতন্তি'। ৬। ৭ 'শ্চ চাপ-'। ৭। ক '-শ্রাসং', ঙ '-স্তৃষাং সলিলজাং'। ৮। ৭ '-বনে'। ৯। অতঃ পরং ঘ-পুস্তকে 'তথা হোমে বিলদ্বারি স্নিকপর্ণা মহাদ্রমাঃ' ইতি, ঙ-পুস্তকে 'তত্র হোমে বিলদ্বারি স্নিকপর্ণা মহাদ্রমাঃ', ছ-পুস্তকে তথা হি মে বিলদ্বারি স্নিকপর্ণা মহাদ্রমাঃ', চ পুস্তকে 'তেন হোমে বিলদ্বারি স্নিকপর্ণা মহাদ্রমাঃ।' ইত্যধিকম্।

ইতু্যক্তা তদ্বিলং সর্বে^১ বিবিশুস্তমসাবৃতম্ ।

অচন্দ্রসূর্য্যং হরয়ো ভীকরং^২ লোমহর্ষণম্ ॥ ১৯ ॥

ততস্তস্মিন্ বিলে দুর্গে^৩ লতাপাদপসংকুলে ।

হনুমানগ্রতস্তেষামঙ্গদাঢা^৪ অনন্তরম্ ॥ ২০ ॥

অন্যোন্য়ং সংপরিষজ্য জগ্মু^৫ যোজনমন্তরম্ ।

স্বসংজ্ঞয়া বিমূঢ়াস্তে^৬ বানরাশ্চক্রুরারবম্ ॥ ২১ ॥

তে নষ্টসংজ্ঞাভূষিতাঃ সস্ত্রাস্তাঃ সলিলার্থিনঃ ।

বিবিশুস্তদ্বিলং ঘোরং মাসমাত্রং^৭ প্লবঙ্গমাঃ ॥ ২২ ॥

তে কৃশা দীনবদনাঃ^৮ পরিশ্রাস্তাঃ পিপাসিতাঃ ।

যদৃচ্ছয়ৈব দদৃশুরালোকং সূর্য্যসন্নিভম্ ॥ ২৩ ॥

১৯। লো-টা। ভীকরং ভয়করম্ ।

২১। লো-টা। অন্যোন্য়ং সংপরিষজ্য হস্তৈর্হস্তান্ গৃহীত্বা জগ্মুঃ। স্বসংজ্ঞয়া স্বনামা। যোজনং যোজনাৎ। অন্তরং বহিঃ। আরবং শব্দম্ ।

২২। লো-টা। মাসমাত্রম্ মাসমেকম্ ।

২৩। লো-টা। তৃষা তৃষণয়া। 'কৃশা' ইতি বা পাঠঃ ।

এই কথা বলিয়া বানরগণ চন্দ্র-সূর্য্য-বিহীন অন্ধকারাবৃত ভয়ঙ্কর এবং রোমাঞ্চ-জনক সেই গহ্বরমধ্যে প্রবেশ করিলেন ॥ ১৯ ॥

